ব্রাহ্মধর্ম্ম প্রতিপাদক শ্লোকসংগ্রহ।

A

COMPILATION

OF

THEISTIC TEXTS

FROM THE

Hindu, Jewish, Christian, Mahomedan and Parsee Scriptures.

ভারতবর্ষীয় ব্রাহ্মসমাজের আদেশানুসারে অনুবাদ সহিত প্রকাশিত হইল।

সুবিশালমিদং বিশ্বং পবিত্রং ব্রহ্মমন্দিরং।
চেতঃ সুনির্ম্মলস্তীর্থং সত্যং শাস্ত্রমনশ্বরং॥
বিশ্বাসো ধর্ম্মমূলংহি প্রীতিঃ পরমসাধনং।
স্বার্থনাশস্তু বৈরাগ্যং ব্রাহ্মৈরেবং প্রকীর্ত্ত্যতে॥

কলিকাতা।

নং ১৭, ভবানীচরণ দত্তের লেন, রায় যন্ত্রে;
শ্রীবাবুরাম সরকার দ্বারা মুদ্রিত।

শকাব্দা ১৭৯৭।

ब्राह्मधर्म्म-

प्रतिपादक-

श्लोकसंग्रहः।

भारतवर्षीयब्राह्मसमाजानुज्ञया सानुवादं प्रकाशितः।

अणुभ्यश्च महद्भ्यश्च शास्त्रेभ्यः कुशलो नरः।
सर्व्वतः सारमादद्यात् पुष्पेभ्य इव षट्पदः॥

भागवतम् ।११।८।१०

सुविशालमिदं विश्वं पवित्रं ब्रह्ममन्दिरम्।
चेतः सुनिर्म्मलस्तीर्थं सत्यं शास्त्रमनश्वरम्॥
विश्वासो धर्म्ममूलं हि प्रीतिः परमसाधनम्।
स्वार्थनाशस्तु वैराग्यं ब्राह्मैरेवं प्रकीर्त्त्यते॥

कलिकाताराजधान्यां

राय यन्त्रे मुद्रितः।

शकाब्दा १७८७।

हिन्दुशास्त्रम्।

প্রথমোঽধ্যায়।

त्रीणि पदा विचक्रमे विष्णुर्गोपा।
अदाभ्यः अतो धर्म्माणि धारयन्॥ १॥

ऋग्वेद। मं १ अं ५ सू २२। १८ श्लो।

সেই সর্ব্বব্যাপী পরমেশ্বর ত্রিভুবনে ব্যাপ্ত হইয়া রহিয়াছেন। তিনিই সমুদায় জগতের রক্ষাকর্ত্তা; তিনিই ধর্ম্মকে রক্ষা করিতেছেন।

तद्विष्णोः परमं पदं सदा पश्यन्ति
सूरयः दिवीव चक्षुराततम्॥ २॥

ऋक्। मं १ अं ५ सू २२। २० श्लो।

তাঁহার সর্ব্বদর্শী চক্ষু যেরূপ নিয়ত আকাশস্থ সমুদায় ভুবন দর্শন করে, তদ্রূপ সাধুগণ সেই সর্ব্বব্যাপী পরমেশ্বরের পরম পদ সর্ব্বদা দর্শন করেন।

तद्विप्रासो विपन्यवो जागृवांसः।
समिन्धते विष्णोर्यत्परमं पदम्॥ ३॥

ऋक्। मं १ अं ५ सू २२। २१ श्लो।

জ্ঞানী, স্তুতিবাদুক ও জাগ্রৎ ব্যক্তিরা সেই সর্ব্বব্যাপী পরমেশ্বরের পরম পদ প্রকাশিত করেন।

বিষ্ণোর্নুকং বীর্য্যাণি প্রবোচং
যঃ পার্থিবানি বিমমে রজাংসি।
যো অস্কভায়দুত্তরং সধস্থং
বিচক্রমাণস্ত্রেধোরুগায়ঃ ॥ ৪ ॥

ঋক্। মং ১ অং ২১ সূ ১৫৪। ১ ঋ।

হে মানবগণ! তোমরা শীঘ্র সেই সর্ব্বব্যাপী পরমেশ্বরের মহীয়সী শক্তি কীর্ত্তন কর, যিনি এই সমুদায় জড় পদার্থ এবং উপাসকদিগের বাসযোগ্য সত্য লোক সৃজন করিয়াছেন। সমুদায় পরাক্রম তাঁহারই; মহাত্মারা তাঁহারই প্রশংসা করিয়া থাকেন।

যস্য ত্রী পূর্ণা মধুনা পদান্য-
ক্ষীয়মাণা স্বধয়া মদন্তি।
য উ ত্রিধাতু পৃথিবীমুতদ্যা-
মেকোদাধার ভুবনানি বিশ্বা ॥ ৫ ॥

ঋক্। মং ১ অং ২১ সূ ১৫৪।৪ ঋ।

যে সর্ব্বব্যাপী পরমেশ্বর একা এই ভূলোক দ্যুলোক ও সমুদায় জীব জন্তুকে ধারণ করিয়া রহিয়াছেন, তাঁহার অমৃতময় অক্ষয় পদ আশ্রিত জীবদিগকে আহ্লাদিত করিতেছে।

তদস্য প্রিয়মভিপাথো অশ্যাং
নরো যত্র দেবয়বো মদন্তি।

তদ্ স্ক্রমস্য স্বহি বন্ধুরিত্থা

বিষ্ণোঃ পদে পরমে মধ্ব উৎসঃ ॥ ৬ ॥

ঋক্। ম ১ অ ২১ সূ ১৫৪। ৫ শ্লো।

যেখানে মনুষ্য সেই স্বপ্রকাশ পরমেশ্বরকে পাইতে ইচ্ছা করিয়া তৃপ্তি অনুভব করেন সেই মহান্ পরমেশ্বরের এই অবিনশ্বর ব্রহ্মলোক। সেই জগৎব্যাপী পরমেশ্বরের মঙ্গলময় পরম পদ অমৃতপূর্ণ।

দ্বা সুপর্ণা সযুজা সখায়া ॥৩ স্রী-১

সমানং বৃক্ষং পরিষস্বজাতে।

তয়োরন্যঃ পিপ্পলং স্বাদ্বত্ত্য

নশ্নন্নন্যোঽভি চাকশীতি ॥ ৭ ॥

ঋক্। ম ১ অ ২২ সূ ১৬৪। ২০ শ্লো।

দুই সুন্দর পক্ষী প্রণয় যোগে সখ্যভাবে এক বৃক্ষ আশ্রয় করিয়া রহিয়াছে। তন্মধ্যে একজন সুস্বাদু ফল ভক্ষণ করিতেছেন, আর একজন অনশন থাকিয়া তাহা দর্শন করিতেছেন।

যত্রা সুপর্ণা অমৃতস্য ভাগ

মনিমেষং বিদথা ভিস্বরন্তি।

ইনো বিশ্বস্য ভুবনস্য গোপাঃ

সমা ধীরঃ পাকমত্রা বিবেশ ॥ ৮ ॥

ঋক্। ম ১ অ ২২ সূ ১৬৪। ২১ শ্লো।

চৈতন্যের ভজনীয় যে পরমাত্মা জীবাত্মার বৃত্তিসকল জ্ঞান সহকারে লাভ করে, সেই পরমাত্মাই বিশ্বের স্বামী

ও সমুদায় প্রাণীগণের রক্ষাকর্ত্তা। তিনিই পবিত্রভাবে আমার বিশুদ্ধ অন্তরে আবির্ভূত হইয়াছেন।

स प्राचीनान् पर्व्वतान् दृंहदो-
जसा धराचीन मकृणोदपामपः।
अधारयत् पृथिवीं विश्वधाय
सस्तभ्नान्मायया द्यामवस्रसः ॥ ९ ॥

ऋक्। मं २ अं २ सूं १७।५ ऋी।

তিনি স্বীয়বলে পর্ব্বত সকল স্থাপন করিয়াছেন; তিনি জলরাশিকে নিম্নগামী করিয়াছেন; তিনি বিশ্বধাত্রী পৃথিবীকে ধারণ করিয়া রহিয়াছেন; তিনি স্বীয় কৌশলে সৌরজগৎকে পতন হইতে রক্ষা করিতেছেন।

न तमंहो न दुरितं कुतश्चन
नारातयस्तितिरुर्न द्वयाविनः।
विश्वा इदस्माद्ध्वरसो विबाधसे
यं सु गोपा रक्षसि ब्रह्मणस्पते ॥ १० ॥

ऋक्। मं २ अं ३ सूं २३।५ ऋी।

হে তত্ত্বজ্ঞদিগের অধিপতি পরমেশ! তুমিই সকলের পালয়িতা; তুমি যাহাকে রক্ষা কর, তাহাকে দুঃখ ও পাপ বাধা দেয় না। শত্রুগণই বা তাহার কিরূপে বিপক্ষতাচরণ করিবে? হিংস্র কর্ম্ম সকল তাহার হিংসা করে না এবং বঞ্চকেরাও তাহাকে বঞ্চিত করিতে সমর্থ হয় না, বিশ্বস্থিত

এই সমুদায় হিংস্রক মনুষ্যগণ তাহার কোন বিঘ্ন জন্মাইতে পারে না।

যো বিশ্বাভি বিপশ্যতি ভুবনা।

সং চ পশ্যতি সন্নঃ পুষাবিতা ভুবত্ ॥ ১১ ॥

ঋক্। মং ৩ অং ৫ সূং ৬২।৯ ঋী।

যে প্রতিপালক পরমেশ্বর সকল লোক ও সমুদায় জগৎ বিশেষরূপে দেখিতেছেন, তিনি আমাদিগকে রক্ষা করুন।

যো জাগারতমৃচঃ কাময়ন্তে

যো জাগার তমুসামানি যন্তি।

যো জাগার তময়ং সোম আহ

তবাহমস্মি সখ্যে ন্যোকাঃ ॥ ১২ ॥

ঋক্। মং ৫ অং ৪ সূং ৪৫।১৪ ঋী।

যে দেবতা সর্ব্বদা জাগ্রৎ, শাস্ত্র সকল তাঁহাকেই কামনা করে; যে দেবতা সর্ব্বদা জাগ্রৎ, স্তোত্র সকল তাঁহাকে প্রাপ্ত হয়, যে দেবতা সর্ব্বদা জাগ্রৎ এই চন্দ্রমা বলে আমি তাঁহারই আজ্ঞাবহ।

গর্ভে মাতুঃপিতুষ্পিতা বিদিদ্যুতানো।

অক্ষরে সীদন্নৃতস্য যোনিমা ॥ ১৩ ॥

ঋক্। মং ৬ অং ২ সূং ১৬ ৩৫ ঋী।

তিনি মাতা পিতার পিতা ও দীপ্যমান; তিনি অবিনশ্বর অন্তর্জগতে নিয়ত প্রবিষ্ট হইয়া রহিয়াছেন; তিনিই সত্যের এক মাত্র প্রস্রবণ।

অসচ্চ সচ্চ পরমে ব্যোমন্ ॥ ১৪ ॥ 14

22 ঋক্। মং ১০ অং ১ সূ ৫।৭ শ্লো

প্রথমে এই জগৎ কিছুই ছিল না, পরে সেই পরমাত্মা হইতে সমুৎপন্ন হইল।

কো অস্য বেদ প্রথমস্যাহ্নঃ

ক দদর্শক ইহ প্রবোচত্ ॥ ১৫ ॥

ঋক্। মং ১০ অং ১ সূ ১০। ৬ শ্লো।

কে আদি পুরুষকে জানে? কে বা তাঁহাকে দেখিয়াছে, কেই বা তাঁহাকে প্রকাশ করিয়াছে?

উশন্তস্ত্বানি ধীমহ্যুশন্তঃ সমিধীমহি॥১৬॥

ঋক্। মং ১০ অং ১ সূ ১৬। ১২ শ্লো।

ধর্ম্মার্থে তোমাকে ধ্যান করি, সেবার্থে তোমাকে চিন্তা করি।

প্রাণস্য প্রাণ উত চক্ষুষশ্চক্ষু রুত

শ্রোত্রস্য শ্রোত্রমন্নস্যান্নং মনসো যে মনো বিদুঃ

তে নিচিক্যুর্ব্রহ্ম পুরাণমগ্র্যং মনসৈবাপ্তব্যম্॥১৭॥

যজুর্ব্বেদ। প্রপা ১৪ অধ্যায় ৭ পাং ২। ২১ শ্লো

যাঁহারা তাঁহাকে প্রাণের প্রাণ, চক্ষুর চক্ষু, শ্রোত্রের শ্রোত্র, অন্নের অন্ন, ও মনের মন বলিয়া জানেন; তাঁহারাই সেই পুরাতন সর্ব্বশ্রেষ্ঠ ব্রহ্মকে লাভ করেন। কেবল মনের দ্বারাই তিনি গ্রাহ্য হয়েন।

সবা অযমাত্মা, সর্ব্বস্য বশী সর্ব্বস্যে-
শান: সর্ব্বস্যাধিপতি: সর্ব্বমিদং প্রশাস্তি।
যদিদং কিং চ সন
সাধুনা কর্ম্মণা ভূয়ান্যো॥
এবা সাধুনা কনীয়ানেষ
ভূতাধিপতিরেষ লোকেশ্বর এষ
লোকপাল: স সেতুর্বিধরণ
এষাং লোকানামসম্ভেদায় ॥ ১৮ ॥

যজু। পপা ১৪ অধ্যায় ৩ পা ২। ২৪ শ্লো।

সেই পরমাত্মা সকল হইতে স্বতন্ত্র, সকলের নিয়ন্তা সকলের অধিপতি, এই সমুদায় তিনিই শাসন করিতেছেন। এই যাহা কিছু তাহা তিনি নহেন, তিনি সাধু কর্ম্ম দ্বারা আমাদিগের নিকটস্থ হয়েন এবং অসাধু কার্য্য দ্বারা দূরস্থ হয়েন; ইনি প্রাণিগণের অধিপতি, ইনিই সমুদয় লোকের অধীশ্বর, ইনিই সকলের প্রতিপালক। তিনি লোকভঙ্গ নিবা-রণার্থে সেতুস্বরূপ হইয়া এই সমুদায় ধারণ করিয়া রহিয়াছেন।

তত্সবিতুর্বরেণ্যং ভর্গো দেবস্য 137
ধীমহি ধিয়ো যোন: প্রচোদয়াত্॥ ১৯ ॥

যজু। পাপা ১৪ অধ্যায় ৩ পা ২। ২৫ শ্লো।

সেই জগৎ প্রসবিতা পরম দেবতার জ্যোতির্ম্ময় আবি-র্ভাব ও শক্তি ধ্যান করি, যিনি আমাদিগকে বুদ্ধিবৃত্তি সকল প্রেরণ করিতেছেন।

অপরাঋগ্বেদোযজুর্ব্বেদঃ সামবেদোঽ-
থর্ব্ববেদঃ শিক্ষা কল্পোব্যাকরণম্।
নিরুক্তং ছন্দোজ্যোতিষমিতি
অথ পরা যয়া তদক্ষরমধিগম্যতে ॥ ২০ ॥

মুণ্ডকোপনিষৎ। ১। ৫।

ঋগ্বেদ, যজুর্ব্বেদ, সামবেদ, অথর্ব্ববেদ, শিক্ষা, কল্প, ব্যাকরণ, নিরুক্ত, ছন্দ, জ্যোতিষ, এ সমুদয় অশ্রেষ্ঠ বিদ্যা। যাহা দ্বারা সেই অবিনাশী পুরুষকে জানা যায় তাহাই শ্রেষ্ঠ বিদ্যা।

যত্তদদ্রেশ্যমগ্রাহ্যমগোত্রমবর্ণ-
মচক্ষুঃশ্রোত্রং তদপাণিপাদম্।
নিত্যং বিভুং সর্ব্বগতং সুসূক্ষ্মং
তদব্যয়ং যদ্ভূতযোনিং পরিপশ্যন্তি ধীরাঃ ॥২১॥

মু। ১। ৬।

যিনি জ্ঞানেন্দ্রিয়ের অবিষয়, কর্ম্মেন্দ্রিয়ের অতীত, জন্মরহিত, রূপরহিত, চক্ষুশ্রোত্রবিহীন ; সেই হস্তপদশূন্য, জন্মমৃত্যুবিবর্জ্জিত, সর্ব্বব্যাপী, সর্ব্বগত, অতি সূক্ষ্মস্বভাব, হ্রাসরহিত, সর্ব্বভূতের কারণ, পরব্রহ্মকে ধীরেরা সর্ব্বতোভাবে দৃষ্টি করেন।

এতস্মাজ্জায়তে প্রাণোমনঃ সর্ব্বেন্দ্রিয়াণি চ।
খং বায়ুর্জ্যোতিরাপঃ পৃথিবী বিশ্বস্য ধারিণী॥২২॥

মু। ২। ৩।

ইহাঁ হইতে প্রাণ, মন ও সমুদায় ইন্দ্রিয়, এবং আকাশ, বায়ু, জ্যোতিঃ, জল, ও সকলের আধার এই পৃথিবী উৎপন্ন হয়।

প্রাণোহ্যেষ যঃ সর্ব্বভূতৈর্বিভাতি
বিজানন্ বিদ্বান্ ভবতে নাতিবাদী।
আত্মক্রীড় আত্মরতিঃ ক্রিয়াবা
নৈষ ব্রহ্মবিদাং বরিষ্ঠঃ ॥ ২৩ ॥

মু। ৩। ১। ৪।

ইনি সকলের প্রাণস্বরূপ, যিনি সর্ব্বভূতে প্রকাশ পাই-তেছেন; জ্ঞানী ব্যক্তি ইহাঁকে অতিক্রম করিয়া কোন কথা কহেন না; ইনি পরমাত্মাতে ক্রীড়া করেন, ইনি পরমাত্মাতে রমণ করেন এবং সৎকর্ম্মশীল হয়েন; ইনি ব্রহ্মোপাসক-দিগের মধ্যে সর্ব্বশ্রেষ্ঠ।

ভিদ্যতে হৃদয়গ্রন্থি শ্ছিদ্যন্তে সর্ব্বসংশয়াঃ
ক্ষীয়ন্তে চাস্য কর্ম্মাণি তস্মিন্ দৃষ্টে পরাবরে ॥২৪॥

মু। ২। ২। ৮।

সেই পরাৎপর পরমেশ্বরকে দর্শন করিলে সাধকের হৃদয়-গ্রন্থি ছিন্ন হইয়া যায়, সকল সংশয় বিদূরিত হয়, এবং সমুদায় বিষয় কর্ম্ম ক্ষয় হয়।

সত্যেন লভ্যস্তপসা হ্যেষ আত্মা
সম্যগ্ জ্ঞানেন ব্রহ্মচর্য্যেণ নিত্যং

অন্তঃশরীরে জ্যোতির্ম্ময়ো হি শুভ্র

যং পশ্যন্তি যতয়ঃ ক্ষীণদোষাঃ ॥ ২৫ ॥

মু । ৩ । ১ । ৫ ।

এই পরমাত্মাকে নিয়ত সত্য, তপস্যা, সম্যক্ জ্ঞান ও বৈরাগ্য দ্বারা লাভ করা যায়। সেই জ্যোতির্ম্ময় নিষ্কলঙ্ক পরমেশ্বর শরীরের অভ্যন্তরে মনোমধ্যে বিরাজ করেন। যোগিগণ নিষ্পাপ হইয়া তাঁহাকেই দর্শন করেন।

সত্যমেব জয়তে নানৃতম্ ॥ ২৬ ॥

মু ৩ । ১ । ৬ ।

সত্যেরই জয় হয়, মিথ্যার জয় হয় না।

ন চক্ষুষা গৃহ্যতে নাপি বাচা
নান্যৈর্দেবৈস্তপসা কর্ম্মণা বা।
জ্ঞানপ্রসাদেন বিশুদ্ধসত্ত্ব-
স্ততস্তু তং পশ্যতে নিষ্কলং ধ্যায়মানঃ ॥ ২৭ ॥

মু । ৩ । ১ । ৮ ।

তিনি চক্ষুর গ্রাহ্য নহেন, বাক্যের গ্রাহ্য নহেন, এবং অপরাপর ইন্দ্রিয়েরও গ্রাহ্য নহেন, তপস্যা বা যজ্ঞাদি কর্ম্ম দ্বারা তাঁহাকে প্রাপ্ত হওয়া যায় না। জ্ঞান প্রসাদে শুদ্ধ-চিত্ত ব্যক্তি ধ্যানযুক্ত হইয়া নিরবয়ব ব্রহ্মকে উপলব্ধি করেন।

ঈশাবাস্যমিদং সর্বং যৎকিঞ্চ জগত্যাং জগৎ।
তেন ত্যক্তেন ভুঞ্জীথা মা গৃধঃ কস্যস্বিদ্ ধনম্ ॥ ২৮ ॥

ঈশোপনিষৎ । ১ ।

এই ব্রহ্মাণ্ডের অন্তর্গত যে কিছু পদার্থ তৎসমুদয়ই পরমে-শ্বর দ্বারা ব্যাপ্য রহিয়াছে। বিষয়লালসা পরিত্যাগ করিয়া ব্রহ্মানন্দ উপভোগ কর; কাহারও ধনে লোভ করিও না।

তদেজতি তন্নৈজতি তদ্দূরে তদ্বন্তিকে।

তদন্তরস্য সর্ব্বস্য তদু সর্ব্বস্যাস্য বাহ্যতঃ॥ ২৯ ॥

ঈশা। ৫।

তিনি চলেন, তিনি চলেন না; তিনি দূরে আছেন, তিনি নিকটেও আছেন; তিনি এই সকলের অন্তরে আছেন. তিনি এই সকলের বাহিরেও আছেন।

স পর্য্যগাচ্ছুক্রমকায়মব্রণ-

মস্নাবিরং শুদ্ধমপাপবিদ্ধম্।

কবির্মনীষী পরিভূঃ স্বয়ম্ভূর্যাথাতথ্যতো-

র্থান্ ব্যদধাচ্ছাশ্বতীভ্যঃ সমাভ্যঃ॥৩০॥

ঈশা। ৮॥

তিনি সর্ব্বব্যাপী, নির্ম্মল, নিরবয়ব, শিরা ও ব্রণরহিত, শুদ্ধ, অপাপবিদ্ধ; তিনি সর্ব্বদর্শী, মনের নিয়ন্তা, তিনি সক-লের শ্রেষ্ঠ ও স্বপ্রকাশ; তিনি সর্ব্বকালে প্রজাদিগকে যথো-পযুক্ত অর্থ সকল বিধান করিতেছেন।

যদ্বাচানভ্যুদিতং যেন বাগভ্যুদ্যতে।

তদেব ব্রহ্ম ত্বং বিদ্ধি নেদং যদিদমুপাসতে॥ ৩১॥

তলবকারোপনিষৎ। ৪।

যিনি বাক্যের বচনীয় নহেন, বাক্য যাঁহার দ্বারা প্রেরিত

হয়, তাঁহাকেই তুমি ব্রহ্ম বলিয়া জান; লোকে যে কিছু পরিমিত পদার্থের উপাসনা করে, তাহা কখন ব্রহ্ম নহে।

यन्मनसा न मनुते येनाहुर्मनोमतम्।
तदेव ब्रह्म त्वं विद्धि नेदं यदिदमुपासते॥ ২২॥

তল। ৫।

মনের দ্বারা যাঁহাকে মনন করা যায় না, যিনি মনের প্রত্যেক মননকে জানেন, তাঁহাকেই ব্রহ্ম বলিয়া জান; লোকে যে কিছু পরিমিত পদার্থের উপাসনা করে, তাহা কখন ব্রহ্ম নহে।

नाहं मन्ये सुवेदेति नो न वेदेति वेद च।
यो नस्तद्वेद तद्वेद नो न वेदेति वेद च॥ ২৩॥

তল। ১০।

আমি ব্রহ্মকে সুন্দররূপে জানিয়াছি, এমন মনে করি না। আমি ব্রহ্মকে যে না জানি এমনও নহে, জানি যে এমনও নহে। "আমি ব্রহ্মকে যে না জানি এমনও নহে, জানি যে এমনও নহে" এই বাক্যের মর্ম্ম যিনি আমাদিগের মধ্যে জানেন, তিনিই তাঁহাকে জানেন।

माहं ब्रह्म निराकुर्य्यां मा मा ब्रह्म
निराकरोदनिराकरणमस्तु॥ ২৪॥

তল-শান্তি।

ব্রহ্ম আমাকে পরিত্যাগ করেন নাই, আমি যেন তাঁহাকে পরিত্যাগ না করি, তিনি আমাকর্ত্তৃক সর্ব্বদা অপরিত্যক্ত থাকুন।

स्वर्गे लोके न भयङ्किञ्चनास्ति
न तत्र त्वं न जरया बिभेति ।
उभे तीर्त्वाशनायापिपासे
शोकातिगो मोदते स्वर्गलोके ॥ ३५ ॥

कठोपनिषत् । १ । १२ ।

স্বর্গ লোকে কোন ভয় নাই, হে মৃত্যু! তুমিও সেখানে নাই, জরাকেও কেহ ভয় করে না, ক্ষুধা পিপাসা এ উভয়কেই অতিক্রম করিয়া শোক হইতে মুক্ত ব্যক্তি স্বর্গ লোকে আনন্দিত হন।

श्रेयश्च प्रेयश्च मनुष्यमेतस्तौ
सम्परीत्य विविनक्ति धीरः ।
श्रेयोहि धीरोभिप्रेयसोवृणीते
प्रेयोमन्दोयोगक्षेमाद्वृणीते ॥ ३६ ॥

कठः । २ । २ ।

শ্রেয় ও প্রেয় মনুষ্যকে প্রাপ্ত হয়, তিনি সম্যক্ বিবেচনা করিয়া এই দুইকে পৃথক্ করেন। ইহার মধ্যে ধীর ব্যক্তি প্রেয়কে ত্যাগ করিয়া শ্রেয়কে গ্রহণ করেন, আর মন্দ ব্যক্তি শরীর রক্ষার্থ প্রেয়কে গ্রহণ করে।

नायमात्मा प्रवचनेन लभ्यो-
न मेधया न बहुना श्रुतेन ।
यमेवैषवृणुते तेन लभ्य-
स्तस्यैष आत्मा वृणुते तनुं स्वाम् ॥ ३७ ॥

कठः । २ । २

অনেক উত্তম বচন দ্বারা বা মেধা দ্বারা অথবা বহু শ্রবণ দ্বারা এই পরমাত্মাকে লাভ করা যায় না; যে সাধক তাঁহাকে প্রার্থনা করে, সেই তাঁহাকে লাভ করে। পরমাত্মা এরূপ সাধকের সন্নিধানে আত্মস্বরূপ প্রকাশ করেন।

তন্দুর্দর্শং গূঢ় মনুপ্রবিষ্টম্
গুহাহিতং গহ্বরেষ্ঠং পুরাণম্।
অধ্যাত্মযোগাধিগমেন দেবম্
মত্বা ধীরো হর্ষশোকৌ জহাতি॥ ২৮॥

কঠ:। ২। ১২।

তিনি দুর্জ্ঞেয়, তিনি সমস্ত বস্তুতে গূঢ়রূপে প্রবিষ্ট হইয়া আছেন, তিনি আত্মাতে স্থিতি করেন ও অতি নিগূঢ় স্থানেও বাস করেন, তিনি নিত্য; ধীর ব্যক্তি পরমাত্মার সহিত স্বীয় আত্মার সংযোগ পূর্ব্বক অধ্যাত্ম যোগে সেই প্রকাশবান্ পরমেশ্বরকে উপলব্ধি করিয়া হর্ষ শোক হইতে বিমুক্ত হয়েন।

অণোরণীয়ান্মহতো মহীয়ান্
আত্মস্য জন্তোর্নিহিতো গুহায়াং।
তমক্রতু: পশ্যতি বীতশোকো
ধাতু: প্রসাদান্মহিমানমাত্মন:॥ ২৯॥

কঠ:। ২। ২০।

পরমাত্মা অতি সূক্ষ্ম হইতেও সূক্ষ্ম, এবং মহৎ হইতেও মহৎ। তিনি প্রাণিগণের হৃদয়ে বাস করেন। বিগতশোক ব্যক্তি সেই ইন্দ্রিয়াতীত বিধাতা ও তাঁহার মহিমাকে তাঁহারই প্রসাদে দর্শন করেন।

নাবিরতোদুশ্চরিতান্নাশান্তোনাসমাহিতঃ।

নাশান্তমানসোবাপি প্রজ্ঞানেনৈনমাপ্নুয়াৎ ॥ ৪০॥

কঠঃ । ২ । ২৪ ।

যে ব্যক্তি দুষ্কর্ম্ম হইতে বিরত হয় নাই, ইন্দ্রিয়চাঞ্চল্য হইতে শান্ত হয় নাই, যাহার চিত্ত সমাহিত হয় নাই, এবং কর্ম্মফল কামনা প্রযুক্ত যাহার মন স্থির হয় নাই, সে ব্যক্তি কেবল জ্ঞান দ্বারা পরমাত্মাকে প্রাপ্ত হয় না।

এষ সর্ব্বেষু ভূতেষু গূঢ়োত্মা ন প্রকাশতে।

দৃশ্যতে ত্বগ্র্যয়া বুদ্ধ্যা সূক্ষ্ময়া সূক্ষ্মদর্শিভিঃ॥৪১॥

কঠঃ । ৩ । ১২ ।

এই চিৎস্বরূপ পরমাত্মা সমুদায় প্রাণীর মধ্যে প্রচ্ছন্ন রূপে স্থিতি করিতেছেন। অধ্যাত্মদর্শী সাধকগণ একাগ্র মনে তাঁহাকে দর্শন করেন।

উত্তিষ্ঠত জাগ্রত প্রাপ্য বরান্নিবোধত।

ক্ষুরস্য ধারা নিশিতা দুরত্যয়া।

দুর্গম্পথস্তৎ কবয়োবদন্তি ॥ ৪২ ॥

কঠঃ । ৩ । ১৪ ।

হে জীব সকল! উত্থান কর, অজ্ঞাননিদ্রা হইতে জাগ্রৎ হও, এবং উৎকৃষ্ট আচার্য্যের নিকট যাইয়া জ্ঞান লাভ কর। পণ্ডিতেরা এই পথকে শাণিত ক্ষুরধারের ন্যায় দুর্গম বলিয়াছেন।

অশব্দমস্পর্শমরূপমব্যয়ং

তথা রসন্নিত্যমগন্ধবচ্চযৎ।

अनाद्यनन्तम्महतः परं ध्रुवम्

निचाय्य तन्मृत्युमुखात् प्रमुच्यते ॥ ४३ ॥

কঠঃ । ৩ । ১৫ ।

যাঁহার শব্দ নাই, স্পর্শ নাই, রূপ নাই, রস নাই, গন্ধ নাই, ক্ষয় নাই; যিনি অনাদি অনন্ত, যিনি মহৎ হইতেও মহৎ, নিত্য ও নির্ব্বিকার, জীব তাঁহাকে জানিয়া মৃত্যুমুখ হইতে বিমুক্ত হয়।

पराचः कामाननुयन्ति बालास्ते

मृत्योर्यन्ति विततस्य पाशम् ।

अथ धीराअमृतत्वम्विदित्वा

ध्रुवमध्रुवेष्विह न प्रार्थयन्ते ॥ ४४ ॥

কঠঃ । ৪ । ২ ।

অল্পবুদ্ধি লোক সকল বহির্ব্বিষয়েতেই আসক্ত হইয়া মৃত্যুর পাশে বদ্ধ হয়; ধীর ব্যক্তিরা ধ্রুব অমৃতকে জানিয়া সংসারের তাবৎ অনিত্য পদার্থের মধ্যে কিছুই প্রার্থনা করেন না।

य एष सुप्तेषु जागर्त्ति कामङ्कामम्पुरुषोनिर्मिमाणः।

तदेव शुक्रं तद्ब्रह्म तदेवामृतमुच्यते ।

तस्मिँल्लोकाः श्रिताः सर्व्वे तदु नात्येति कश्चन॥४५॥

কঠঃ । ৫ । ৮ ।

যখন তাবৎ প্রাণী নিদ্রাতে অভিভূত থাকে, তখন যে পূর্ণ পুরুষ জাগ্রৎ থাকিয়া সকলের প্রয়োজনীয় নানা অর্থ নির্ম্মাণ

করেন, তিনিই শুদ্ধ, তিনিই ব্রহ্ম, তিনিই অমৃতরূপে উক্ত হয়েন, তাঁহাতে লোক সকল আশ্রিত হইয়া রহিয়াছে, কেহই তাঁহাকে অতিক্রম করিতে পারে না।

নিত্যোঽনিত্যানাঞ্চেতনশ্চেতনানাম্
একো বহূনাং যো বিদধাতি কামান্।
তমাত্মস্থং যেঽনুপশ্যন্তি ধীরা
স্তেষাং শান্তিঃ শাশ্বতী নেতরেষাম্ ॥ ৪৬ ॥

কঠঃ। ৫ ১৩।

যিনি তাবৎ অনিত্য বস্তুর মধ্যে একমাত্র নিত্য, যিনি সকল চেতনের একমাত্র চেতয়িতা, একাকী যিনি প্রাণিপুঞ্জের সমুদায় কাম্য বস্তু বিধান করিতেছেন; তাঁহাকে যে ধীরেরা স্বীয় আত্মস্থ করিয়া দর্শন করেন, তাঁহাদের নিত্য শান্তি হয়, অপরের তাহা কদাপি হয় না।

ন তত্র সূর্য্যো ভাতি ন চন্দ্র তারকং
নেমা বিদ্যুতো ভান্তি কুতোঽয়মগ্নিঃ।
তমেব ভান্তমনুভাতি সর্ব্বং
তস্য ভাসা সর্ব্বমিদং বিভাতি ॥ ৪৭ ॥

কঠঃ। ৫। ১৫।

সূর্য্য তাঁহাকে প্রকাশ করিতে পারে না, চন্দ্র তারকও তাঁহাকে প্রকাশ করিতে পারে না; তবে এই অগ্নি তাঁহাকে কিরূপে প্রকাশ করিবে? সমুদায় জগৎ সেই দীপ্যমান পরমেশ্বরেরই প্রকাশ দ্বারা অনুপ্রকাশিত হইয়া দীপ্তি পাইতেছে; এই সমুদায় তাঁহারি প্রকাশে প্রকাশিত হইতেছে।

যদিদং কিঞ্চ জগৎ সর্ব্বং প্রাণ এজতি নিঃসৃতম্।
মহদ্ভয়ং বজ্রমুদ্যতং য এতদ্বিদুরমৃতাস্তে ভবন্তি॥৪৮॥

কঠঃ। ৬। ২।

এই প্রাণস্বরূপ পরমেশ্বরের অধিষ্ঠান প্রযুক্ত তাঁহা হইতে নিঃসৃত এই সমস্ত ব্রহ্মাণ্ড যথানির্দ্দিষ্ট নিয়মে প্রবর্ত্তিত রহিয়াছে। তিনি উদ্যত বজ্রের ন্যায় মহা ভয়ানক। যাঁহারা ইহাঁকে জানেন তাঁহারা অমর হয়েন।

ভয়াদস্যাগ্নিস্তপতি ভয়াত্তপতি সূর্য্যঃ॥
ভয়াদিন্দ্রশ্চ বায়ুশ্চ মৃত্যুর্ধাবতি পঞ্চমঃ॥৪৯॥

কঠঃ। ৬। ৩।

ইহাঁর ভয়ে অগ্নি প্রজ্জ্বলিত হইতেছে, ইহাঁর ভয়ে সূর্য্য উত্তাপ দিতেছে, ইহাঁর ভয়ে মেঘ বারি বর্ষণ করিতেছে, বায়ু সঞ্চালিত হইতেছে, এবং পঞ্চমতঃ মৃত্যু সঞ্চরণ করিতেছে।

ন সন্দৃশে তিষ্ঠতি রূপমস্য
ন চক্ষুষা পশ্যতি কশ্চনৈনং।
হৃদা মনীষা মনসাভিক্লৃপ্তো
য এতদ্বিদুরমৃতাস্তে ভবন্তি॥ ৫০॥

কঠঃ। ৬। ৯।

ইহাঁর স্বরূপ চক্ষুর গোচর নহে, সুতরাং ইহাঁকে কেহ চক্ষুঃ দ্বারা দেখিতে পায় না। ইনি হৃদ্গত সংশয় রহিত জ্ঞান দ্বারা দৃষ্ট হইলে প্রকাশিত হয়েন। এইরূপে যাঁহারা ইহাঁকে জানেন তাঁহারা অমর হয়েন।

নৈব বাচা ন মনসা প্রাপ্তুং শক্যোন চক্ষুষা।
অস্তীতি ব্রুবতোঽন্যত্র কথন্তদুপলভ্যতে ॥ ৫১ ॥

কঠঃ। ৬। ১২।

তিনি বাক্য দ্বারা, কি মনের দ্বারা, কি চক্ষুঃ দ্বারা কাহারও কর্ত্তৃক প্রাপ্ত হয়েন না। যে ব্যক্তি বলে যে তিনি আছেন, তদ্ভিন্ন তিনি অন্য ব্যক্তি দ্বারা কি প্রকারে উপলব্ধ হইবেন ?

এষোহি দ্রষ্টা স্প্রষ্টা শ্রোতা
ঘ্রাতা রসয়িতা মন্তা বোদ্ধা।
কর্ত্তা বিজ্ঞানাত্মা পুরুষঃ
স পরেঽক্ষরে আত্মনি সম্প্রতিষ্ঠতে ॥ ৫২ ॥

প্রশ্নোপনিষৎ। ৪। ৯।

এই জীবাত্মাই দর্শন করে, স্পর্শ করে, শ্রবণ করে, আঘ্রাণ করে, রসাস্বাদন করে, চিন্তা করে, উপলব্ধি করে, এবং কর্ম্মসাধন করে; ইহাকেই পুরুষ বলা যায়। এই আত্মাই সেই অবিনশ্বর পরমাত্মাতে প্রতিষ্ঠিত রহিয়াছে।

ব্রহ্মোডুপেন প্রতরেত বিদ্বান্।
স্রোতাংসি সর্ব্বাণি ভয়াবহানি ॥ ৫৩ ॥

শ্বেতাশ্বতরোপনিষৎ। ২। ৮।

জ্ঞানী ব্যক্তি ব্রহ্মরূপ ভেলা দ্বারা ভবসাগরের ভয়াবহ স্রোত হইতে উত্তীর্ণ হয়েন।

মহান্ প্রভুর্বৈ পুরুষঃ সত্ত্বস্যৈষ প্রবর্ত্তকঃ।

সুনির্ম্মলামিমাং প্রাপ্তিমীশানো জ্যোতিরব্যয়ঃ॥ ৫

শ্বেত। ৩। ১২।

এই মহান্ পুরুষ সকলের প্রভু। এই জ্ঞানজ্যোতিঃস্বরূপ অনন্ত ঈশ্বর সুনির্ম্মলা শান্তির উদ্দেশে ধর্ম্মের প্রবর্ত্তক হয়েন।

সর্ব্বেন্দ্রিয়গুণাভাসং সর্ব্বেন্দ্রিয় বিবর্জিতম্।
সর্ব্বস্য প্রভুমীশানং সর্ব্বস্য শরণং সুহৃৎ॥৫৫॥

শ্বেত। ৩। ১৭।

তাঁহার দ্বারা সকল ইন্দ্রিয়ের গুণ প্রকাশ পায়, কিন্তু তিনি স্বয়ং সকল ইন্দ্রিয় বিবর্জিত। তিনি সকলের প্রভু, সকলের আশ্রয় এবং সকলের সুহৃদ্।

অপাণিপাদো যবনো গ্রহীতা
পশ্যত্যচক্ষুঃ স শৃণোত্যকর্ণঃ।
স বেত্তি বেদ্যং ন চ তস্যাস্তি বেত্তা
তমাহুরগ্র্যং পুরুষং মহান্তম্॥ ৫৬॥

শ্বেত। ৩। ১৯।

তাঁহার হস্ত নাই, তথাপি তিনি গ্রহণ করেন; তাঁহার চক্ষু নাই, তথাপি তিনি দর্শন করেন; এবং তাঁহার কর্ণ নাই, তথাপি তিনি শ্রবণ করেন। তিনি যাবৎ বেদ্য বস্তু তৎসমুদায় জানেন, কিন্তু তাঁহার কেহ জ্ঞাতা নাই; ধীরেরা তাঁহাকে সকলের আদি, পূর্ণ ও মহান্ বলিয়াছেন।

য একোঽবর্ণো বহুধা শক্তিযোগা
দ্বর্ণাননেকান্নিহিতার্থো দধাতি।

विद्यैति चान्ते विश्वमादौ सदेवः
सनो बुद्ध्या शुभया संयुनक्तु ॥ ৭৩ ॥

শ্বেত । ৪ । ১ ।

যিনি এক এবং বর্ণহীন, এবং যিনি প্রজাদিগের প্রয়োজন জানিয়া বহু প্রকার শক্তিযোগে বিবিধ কাম্য বস্তু বিধান করিতেছেন, সমুদয় ব্রহ্মাণ্ড আদ্যন্ত মধ্যে যাঁহাতে ব্যাপ্ত হইয়া রহিয়াছে, তিনি দীপ্যমান্ পরমেশ্বর; তিনি আমাদিগকে শুভ বুদ্ধি প্রদান করুন।

तमीश्वराणां परमं महेश्वरं
तन्देवतानां परमञ्च दैवतं ।
पतिं पतीनां परमं परस्तात्
विदाम देवं भुवनेशमीड्यं ॥ ৭৮ ॥

শ্বেত । ৬ । ৭ ।

সকল ঈশ্বরের যিনি পরম মহেশ্বর, সকল দেবতার যিনি পরম দেবতা, সকল পতির যিনি পতি, সেই পরাৎপর প্রকাশবান্ ও স্তবনীয় ভুবনেশ্বরকে আমরা জ্ঞাত হই।

तदेतत् प्रेयः पुत्रात् प्रेयोवित्तात्
प्रेयोऽन्यस्मात् सर्व्वस्मादन्तरतरं यदयमात्मा ॥৭৯॥

বৃহদারণ্যকোপনিষৎ । ২১ । ৪ । ৮ ।

সর্ব্বাপেক্ষা অন্তরতম যে এই পরমাত্মা ইনি পুত্র হইতে প্রিয়, বিত্ত হইতে প্রিয় ও আর আর সকল হইতে প্রিয়।

অসতোমা সদ্গময় তমসোমা
জ্যোতির্গময় মৃত্যোর্মামৃতং গময় ॥ ৬০ ॥

বৃহ । ১ । ৩ । ২৮ ।

অসত্য হইতে আমাকে সত্যেতে লইয়া যাও, অন্ধকার হইতে আমাকে জ্যোতিতে লইয়া যাও, মৃত্যু হইতে আমাকে অমৃতেতে লইয়া যাও।

স যোঽন্যমাত্মানঃ প্রিয়ং ব্রুবাণং ব্রুয়াৎ
প্রিয়ং রোৎস্যতীতীশ্বরোহ তথৈব
স্যাদাত্মানমেব প্রিয়মুপাসীত
স আত্মানমেব প্রিয়মুপাস্তে
ন হাস্য প্রিয়ং প্রমায়ুকং ভবতি ॥ ৬১ ॥

বৃহ । ১ । ৪ । ৮ ।

যে ব্যক্তি পরমাত্মা ভিন্ন অন্য কোন বস্তুকে প্রিয় বলে তাহার সে প্রিয় নিশ্চয়ই বিনষ্ট হয়। ঈশ্বরই একমাত্র নিত্য প্রিয়। সেই পরমাত্মাকেই প্রিয় রূপে উপাসনা করিবে। যিনি তাঁহাকে প্রিয় বলিয়া উপাসনা করেন তাঁহার প্রিয় কদাপি বিনষ্ট হয় না।

ব্রহ্ম বা ইদমগ্র আসীদেকমেব
তদেকং সন্ন ব্যভবৎ ॥ ৬২ ॥

বৃহ । ১ । ৪ । ১১ ।

প্রথমে সেই একমাত্র পরব্রহ্ম ছিলেন, তিনিই একাকী এই সমুদায় সৃজন করিলেন।

इदं सत्यं सर्व्वेषां भूतानां मध्वस्य सत्यस्य सर्व्वाणि भूतानि मधु यश्चायमस्मिन् सत्ये तेजोमयोऽमृतमयः पुरुषो यश्चायमाध्यात्मं सत्ये तेजोमयोऽमृतमयः पुरुषोऽयमेव स योऽयमात्मेदममृतमिदं ब्रह्मेदं ।

বৃহ । ৪ । ৫ । ১২ ।

এই সত্যস্বরূপ পরমেশ্বর সমুদয় প্রাণীর মধু স্বরূপ, সমুদয় প্রাণীও এই সতের নিকট মধু রূপে প্রকাশবান্। যে অমৃতময় জ্যোতির্ম্ময় পুরুষ সত্যেতে বিদ্যমান এবং যিনি শুদ্ধ চৈতন্য, সেই জ্যোতির্ম্ময় সত্যস্বরূপ পরমেশ্বরই এই পরমাত্মা, তিনিই অমৃত, তিনিই ব্রহ্ম।

स वा अयमात्मा सर्व्वेषां भूतानामधिपतिः सर्व्वेषां भूतानां राजा तद्यथा रथनाभौ च नेमौ चाराः सर्व्वे समर्पिता एवमेवास्मिन्नात्मनि सर्व्वाणि भूतानि सर्व्व एत आत्मानः समर्पिताः ।

বৃহ । ৪ । ৫ । ১৫ ।

সেই এই পরমাত্মা সকলের অধিপতি ও সকলের রাজা। যেমন রথচক্রের নেমিদেশে অর সকল সংযুক্ত থাকে তদ্রূপ এই পরমাত্মাতে সমুদায় প্রাণী ও সকল আত্মা সমর্পিত রহিযাছে।

सलिल एको द्रष्टा द्वैतो भवत्येष ब्रह्मलोकः सम्राडिति हैनमनुशशास याज्ञवल्क्यः। एषास्य पर-

সাগতিরেষাস্য পরমা সম্পদেষোঽস্য পরমো লোক এষোস্য পরম আনন্দঃ। এতস্যৈবানন্দস্যান্যানি ভূতানি মাত্রামুপজীবন্তি।

বৃহ। ৬। ৩। ৩২।

মহর্ষি যাজ্ঞবল্ক্য রাজর্ষি জনককে এই উপদেশ দিলেন হে রাজন! সেই এক অদ্বিতীয় সর্ব্বদর্শী পরমেশ্বর জলেতেও বর্ত্তমান। ইনিই ইহার পরম গতি, ইনি ইহার পরম সম্পদ, ইনিই ইহার পরম লোক, ইনিই ইহার পরম আনন্দ। এই আনন্দস্বরূপ পরমেশ্বরের কণামাত্র আনন্দ অপরাপর সমুদায় জীব উপভোগ করিতেছে।

ইহৈব সন্তোঽথ বিদ্মস্তদ্বয়ং
নচেদবেদি মহতী বিনষ্টিঃ।
য এতদ্বিদুরমৃতাস্তে ভবন্ত্য
থেতরে দুঃখমেবাপিয়ন্তি।

বৃহ। ৬। ৪। ১৪।

ইহলোকেই আমরা তাঁহাকে অবগত হই, তাঁহাকে না জানিলে মহান্ অনর্থ উপস্থিত হয়; যাঁহারা তাঁহাকে জানেন তাঁহারা অমর হয়েন্ আর যাহারা তাঁহাকে অবগত নহে তাহারা কেবল দুঃখ ভোগ করে।

যদৈতমনুপশ্যত্যাত্মানং দেবমঞ্জসা।
ঈশানং ভূতভব্যস্য ন ততো বিজুগুপ্সতে

বৃহ। ৬। ৪। ১৫।

ধীর ব্যক্তি প্রকাশবান্ পরমাত্মাকে সুন্দর রূপে দর্শন করেন। কেহই সেই কালত্রয়দর্শী পরমেশ্বর হইতে আপনাকে প্রচ্ছন্ন রাখিতে পারে না।

সা হোবাচ মৈত্রেয়ী যন্নু ম ইয়ম্ভগোঃ সর্ব্বা পৃথিবী বিত্তেন পূর্ণা স্যাৎ কথং তেনামৃতা স্যামিতি। নেতি হোবাচ যাজ্ঞবল্ক্যো যথৈবোপকরণবতাং জীবিতং তথৈব তে জীবিতং স্যাদমৃতত্বস্য তু নাশাস্তি বিত্তেনেতি। সা হোবাচ মৈত্রেয়ী যেনাহং নামৃতা স্যাং কিমহং তেন কুর্য্যাম্। যদেব ভগবান্ বেদ তদেব মে ব্রূহীতি॥ ৬৮॥

বৃহ। ৪। ৫। ৪।

মৈত্রেয়ী বলিলেন "হে ভগবন্! যদি ধনেতে পরিপূর্ণ এই সমুদায় পৃথিবী আমার হয়, তবে তদ্দ্বারা কি আমি অমর হইতে পারি"? যাজ্ঞবল্ক্য উত্তর করিলেন "না, ভাগ্যবান্ ব্যক্তিদিগের জীবন যেরূপ, তোমার জীবন সেইরূপ হইবেক। ধন দ্বারা অমৃতত্ব লাভের আশা নাই"। মৈত্রেয়ী বলিলেন "যদ্দ্বারা আমি অমর হইতে না পারি, তাহা লইয়া আমি কি করিব'। এবিষয়ে আপনি যাহা জানেন তাহাই আমাকে বলুন।

স হোবাচৈতদ্বৈ তদক্ষরং গার্গি! ব্রাহ্মণা অভিবদন্ত্যস্থূলমনণ্বহ্রস্বমদীর্ঘমলোহিত মস্ন-

হ্রস্বমদীর্ঘমলোহিতমস্নেহমচ্ছায়মতমোঽবায়ুং নাকাশমসঙ্গমরসমগন্ধমচক্ষুষ্কমশ্রোত্রমবাগমনোঽতেজস্কমপ্রাণমমুখমমাত্রম্ ॥ ৬৯ ॥

বৃহ । ৪ । ৮ । ৮ ।

যাজ্ঞবল্ক্য বলিলেন হে গার্গি ! ব্রাহ্মণেরা যাঁহাকে অভিবাদন করেন তিনি এই অবিনাশী ব্রহ্ম। তিনি স্থূল নহেন, অণু নহেন, হ্রস্ব নহেন, দীর্ঘ নহেন, তিনি লোহিত নহেন, স্নেহময় পদার্থও নহেন, ছায়া নহেন, অন্ধকারও নহেন, বায়ু নহেন, আকাশও নহেন, মায়া নহেন, কোন রসও নহেন, গন্ধ নহেন, চক্ষু নহেন, কর্ণ নহেন, বাক্য নহেন, মন নহেন, তেজঃ নহেন, শারীরিক প্রাণও নহেন ; তিনি মুখ বিহীন ও অনুপম।

এতস্য বা অক্ষরস্য প্রশাসনে গার্গি !
সূর্য্যাচন্দ্রমসৌ বিধৃতৌ তিষ্ঠতঃ ॥ ৭০ ॥

বৃহ । ৪ । ৮ । ৯ ।

হে গার্গি ! এই অবিনাশী পরমেশ্বরের শাসনে সূর্য্য চন্দ্র বিধৃত হইয়া স্থিতি করিতেছে।

এতস্য বা অক্ষরস্য প্রশাসনে
গার্গি ! দ্যাবা পৃথিব্যৌ বিধৃতে তিষ্ঠতঃ॥৭১

বৃহ । ৪ । ৮ । ৯ ।

হে গার্গি ! এই অবিনাশী পুরুষের শাসনে দ্যুলোকও ভূলোক বিধৃত হইয়া অবস্থিতি করিতেছে।

एतस्य वा अक्षरस्य प्रशासने मुहूर्त्ता अहोरात्राण्यर्द्धमासा मासा ऋतवः संवत्सरा इति विधृतास्तिष्ठन्त्येतस्य वा अक्षरस्य प्रशासने गार्गि ! प्राच्योऽन्या नद्यः स्यन्दन्ते श्वेतेभ्यः पर्व्वतेभ्यःप्रतीच्योऽन्यायां यांच दिशमन्वेति ॥ ७२ ॥

बृह । ४ । ९ । १० ।

হে গার্গি ! এই অবিনাশী ঈশ্বরের শাসনে নিমেষ মুহূর্ত্ত অহোরাত্র পক্ষ মাস ঋতু সম্বৎসর, বিধৃত হইয়া স্থিতি করিতেছে। হে গার্গি ! এই অবিনাশী পরম পুরুষের শাসনে অনেকানেক পূর্ব্ববাহিনী পশ্চিম বাহিনী নদী সকল শ্বেত পর্ব্বত হইতে নিঃসৃত হইতেছে ।

यो वा एतदक्षरं गार्ग्यविदित्वाऽस्मिँल्लोके जुहोति यजते तपस्तप्यते बहूनि वर्षसहस्राण्यन्तवदेवास्य तद्भवति ॥ ७३ ॥

बृह । ४ । ९ । ११ ।

হে গার্গি ! যে ব্যক্তি এই অবিনাশী পরমেশ্বরকে না জানিয়া যদিও ইহলোকে বহু সহস্র বৎসর হোম যাগ তপস্যা করে, তথাপি সে স্থায়ী ফল প্রাপ্ত হয় না ।

यो वा एतदक्षरं गार्ग्यविदित्वाऽस्माल्लोकात् प्रैति स कृपणोऽथ य एतदक्षरं गार्गि विदित्वाऽस्माल्लोकात् प्रैति स ब्राह्मणः ॥ ७४ ॥

बृह । ४ । ९ । १२

হে গার্গি! যে ব্যক্তি এই অবিনাশী পরমেশ্বরকে না জানিয়া ইহলোক হইতে অবসৃত হয়, সে কৃপাপাত্র অতি দীন। আর যিনি এই অবিনাশী পরমেশ্বরকে জানিয়া ইহলোক হইতে অবসৃত হয়েন, তিনি ব্রাহ্মণ।

তদ্বা এতদক্ষরং গার্গ্যদৃষ্টং দ্রষ্টৃ শ্রুতং শ্রোত্রমতং মন্তৃবিজ্ঞাতং বিজ্ঞাতৃনান্যদতোঽস্তি দ্রষ্টৃ নান্যদতোঽস্তি শ্রোতৃ নান্যদতোঽস্তি মন্তৃ নান্যদতোঽস্তিবিজ্ঞাতৃ এতস্মিন্নু খল্বক্ষরে গার্গ্যাকাশ ওতশ্চ প্রোতশ্চেতি ॥ ৩৫ ॥

বৃহ। ৪। ৫। ১২।

হে গার্গি! এই অবিনাশী পরমেশ্বরকে কেহ দর্শন করে নাই, কিন্তু তিনি সকলই দর্শন করেন, কেহ তাঁহাকে শ্রুতিগোচর করে নাই, কিন্তু তিনি সকলই শ্রবণ করেন; কেহ তাঁহাকে মনন করিতে সমর্থ হয় নাই, কিন্তু তিনি সকলকেই মনন করেন; কেহ তাঁহাকে জ্ঞাত হয় নাই, কিন্তু তিনি সকলই জানেন। হে গার্গি! আকাশ এই অবিনাশী পরমেশ্বরেতে ওতপ্রোত ভাবে ব্যাপ্ত হইয়া রহিয়াছে।

দ্বিতীয়োঽধ্যায়ঃ।

ইন্দ্রিয়াণাম্প্রসঙ্গেন দোষমৃচ্ছত্যসংশয়ং।
সংনিয়ম্যতু তান্যেব ততঃ সিদ্ধিং নিয়চ্ছতি ॥ ৩৬ ॥

মনুঃ। ২। ৯২।

ইন্দ্রিয় পরতন্ত্র হইলে নিশ্চয় দোষ উৎপন্ন হয়, কিন্তু তাহাদিগকে বশীভূত করিলে মুক্তি লাভ হয়।

न जातु कामः कामानामुपभोगेन शाम्यति ।
हविषा कृष्णवर्त्मेव भूय एवाभि वर्द्धते ॥ ৩৭ ॥

— মনুঃ । ২ । ৯৪ ।

কাম্য বস্তুর উপভোগে কখন বাসনা নিবৃত্ত হয় না বরং আরও বৃদ্ধি হয়, ঘৃত সহকারে অগ্নি যেরূপ আরও বর্দ্ধিত হইয়া থাকে।

इन्द्रियाणान्तु सर्व्वेषां यद्येकं क्षरतीन्द्रियम् ।
तेनास्य क्षरति प्रज्ञा दृतेः पात्रादिवोदकम् ॥ ৩৮॥

মনুঃ । ২ । ৯৯ ।

সকল ইন্দ্রিয়ের মধ্যে যদি এক ইন্দ্রিয়েরও স্খলন হয়, তবে তাহাতেই লোকের বুদ্ধি ভ্রংশ হয়; যেমন চর্ম্মময় পাত্রের এক মাত্র ছিদ্র দ্বারা সমুদয় জল নিঃসৃত হইয়া যায়।

वशे कृत्वेन्द्रियग्रामं संयम्य च मनस्तथा ।
सर्व्वान् संसाधयेदर्थानक्षिण्वन् योगतस्तनुम् ॥ ৩৯ ॥

মনুঃ । ২ । ১০০ ।

ধার্ম্মিক ব্যক্তি ইন্দ্রিয়দিগকে বশীভূত ও মনকে সংযত রাখিয়া যোগবলে শরীরকে ক্ষীণ না করিয়া তাবৎ কর্ম্ম সংসাধন করেন।

परपत्नी तु या स्त्रीस्यादसम्बद्धा च योनितः ।
तां ब्रूयात् भवतीत्येवं सुभगे भगिनीति च ॥ ৪০ ॥

মনুঃ । ২ । ১২৯ ।

পরস্ত্রীকে মাননীয়া সৌভাগ্যবতী ভগিনী বলিয়া সম্বোধন করিবেক

যস্য বাঙ্‌মনসে শুদ্ধে সম্যগ্‌গুপ্তে চ সর্ব্বদা।
স বৈ সর্ব্বমবাপ্নোতি বেদান্তোপগতং ফলং ॥ ৮১ ॥

মনুঃ। ২। ১৬০।

যাহার বাক্য ও মন পরিশুদ্ধ এবং সর্ব্বদা সংযত, সে বেদান্ত প্রতিপাদ্য সর্ব্ব প্রকার মুক্তি লাভ করে।

যং মাতাপিতরৌ ক্লেশং সহেতে সম্ভবেনৃণাম্।
ন তস্য নিষ্কৃতিঃ শক্যা কর্ত্তুং বর্ষশতৈরপি॥৮২॥

মনুঃ। ২। ২২৭।

পিতামাতা ইহলোকে সন্তানের জন্য যাদৃশ ক্লেশ সহ্য করেন; পুত্র শত বর্ষেও তাঁহাদের ঋণ পরিশোধ করিতে সমর্থ হয় না।

বিষাদপ্যমৃতং গ্রাহ্যং বালাদপি সুভাষিতম্।
অমিত্রাদপি সদ্বৃত্তমমেধ্যাদপি কাঞ্চনম্ ॥ ৮৩ ॥

মনুঃ। ২। ২৩৯।

বিষ হইতেও অমৃত গ্রহণ করিবেক, বালকের মুখ হইতেও সৎ কথা শ্রবণ করিবেক; শত্রুর নিকট হইতেও সাধু দৃষ্টান্তের অনুকরণ করিবেক এবং অপবিত্র স্থান হইতেও কাঞ্চন গ্রহণ করিবেক।

স্ত্রিয়োরত্নান্যথো ধর্ম্মঃ শৌচং সুভাষিতং তথা।

বিবিধানি চ শিল্পানি সমাদেয়ানি সর্ব্বতঃ ॥৮৪

মনুঃ । ২ । ২৪০ ।

স্ত্রীকে সর্ব্বতোভাবে অর্থ ধর্ম্ম পবিত্রতা মিষ্ট বাক্য ও বিবিধ শিল্প দ্রব্য প্রদান করিবেক।

সন্তোষম্পরমাস্থায় সুখার্থী সংযতো ভবেৎ।
সন্তোষমূলং হি সুখং দুঃখমূলং বিপর্য্যয়ঃ ॥৮৫॥

মনুঃ । ৪ । ১২ ।

সুখার্থী সংযত ব্যক্তি পরম সন্তোষ লাভ করেন; কারণ সন্তোষই সুখের মূল, অসন্তোষই দুঃখের কারণ।

ইন্দ্রিয়ার্থেষু সর্ব্বেষু ন প্রসজ্যেত কামতঃ।
অতি প্রসক্তিঞ্চৈতেষাং মনসা সন্নিবর্ত্তয়েৎ ॥ ৮৬ ॥

মনুঃ । ৪ । ১৬ ।

বাসনার পরতন্ত্র হইয়া ইন্দ্রিয়ের বিষয়ে আসক্ত হইবে না। এবং মনের দ্বারা ইন্দ্রিয়ের বিষয়ের প্রতি অত্যাসক্তি নিবারণ করিবে।

✓ **সর্ব্বং পরবশং দুঃখং সর্ব্বমাত্মবশং সুখম্।**
এতদ্বিদ্যাৎ সমাসেন লক্ষণং সুখদুঃখয়োঃ ॥৮৭॥

মনুঃ । ৪ । ১৬০ ।

যাহা কিছু পরাধীন তাহা দুঃখের কারণ, আত্মবশ সকলই সুখের কারণ; সংক্ষেপে সুখ দুঃখের এই লক্ষণ জানিবেক।

একঃ প্রজায়তে জন্তুরেক এব প্রলীয়তে।

একোঽনুভুংক্তে সুকৃতমেক এব চ দুষ্কৃতম্ ॥ ৮৮ ॥

মনুঃ। ৪। ২৪০।

একাকী মনুষ্য জন্ম গ্রহণ করে, একাকীই মৃত হয়; একাকীই স্বীয় পুণ্য ফল ভোগ করে এবং একাকীই স্বীয় দুষ্কৃত ফল ভোগ করে।

একাকী চিন্তয়েন্নিত্যং বিবিক্তে হিতমাত্মনঃ।
একাকী চিন্তয়ানোহি পরং শ্রেয়োধিগচ্ছতি ॥৮৯॥

মনুঃ। ৪। ২৫৮।

প্রতিদিন একাকী নির্জ্জনে আপনার হিত চিন্তা করিবেক। একাকী চিন্তা করিলে পরম মঙ্গল লাভ হয়।

অদ্ভির্গাত্রাণি শুধ্যন্তি মনঃ সত্যেন শুধ্যতি।
বিদ্যাতপোভ্যাম্ভূতাত্মা বুদ্ধির্জ্ঞানেন শুধ্যতি ॥৯০॥

মনুঃ। ৫। ১০৯।

জলের দ্বারা গাত্র শুদ্ধ হয়, সত্যের দ্বারা মন শুদ্ধ হয়, ব্রহ্মজ্ঞান ও তপস্যা দ্বারা আত্মা শুদ্ধ হয় এবং জ্ঞানদ্বারা বুদ্ধি শুদ্ধ হয়।

অতিবাদাংস্তিতিক্ষেত নাবমন্যেত কঞ্চন।
নচেমন্দেহমাশ্রিত্য বৈরং কুর্ব্বীত কেনচিৎ ॥ ৯১ ॥

মনুঃ। ৬। ৪৭।

কেহ কঠোর কথা বলিলে তাহা সহ্য করিবেক, কাহাকেও অবমাননা করিবেক না; এই মানব দেহ ধারণ করিয়া কাহারও সহিত বৈর আচরণ করিবেক না।

ক্রুধ্যন্তং ন প্রতিক্রুধ্যেদাক্রুষ্টঃ কুশলং বদেৎ।
সপ্তদ্বারাবকীর্ণাঞ্চ ন বাচমনৃতাং বদেৎ॥ ৫২॥

মনু. । ৬ । ৪৮।

ক্রুদ্ধ ব্যক্তির প্রতি ক্রোধ করিবেক না, কেহ নিন্দা করিলেও তাহাকে ভাল কথা বলিবেক; পঞ্চেন্দ্রিয় ও মনোবুদ্ধিতে বিক্ষিপ্ত হইলেও মিথ্যা কথা বলিবেক না।

ইন্দ্রিয়াণাং নিরোধেন রাগদ্বেষক্ষয়েণ চ।
অহিংসয়া চ ভূতানামমৃতত্বায় কল্পতে॥ ৫৩॥

মনুঃ । ৬ । ৬০।

ইন্দ্রিয় নিগ্রহে ও রাগ দ্বেষ হিংসা ক্ষয়ে মনুষ্যের অমৃতত্ব লাভ হয়।

দহ্যন্তে ধ্মায়মানানাং ধাতূনাং হি যথা মলাঃ।
তথেন্দ্রিয়াণাং দহ্যন্তে দোষাঃ প্রাণস্য নিগ্রহাৎ॥ ৫৪॥

মনুঃ । ৬ । ৭১।

যেমন অগ্নিসংযোগে ধাতুর মলা ভস্মীভূত হয়, তদ্রূপ প্রাণ নিগ্রহে ইন্দ্রিয়গণের দোষ দগ্ধ হইয়া যায়।

প্রিয়েষু স্বেষু সুকৃতমপ্রিয়েষু চ দুষ্কৃতম্।
বিসৃজ্য ধ্যানযোগেন ব্রহ্মাভ্যেতি সনাতনম্॥ ৫৫॥

মনুঃ । ৬ । ৭৯।

সাধু ব্যক্তি আপনার প্রিয় ও অপ্রিয় বিষয়ে মঙ্গলামঙ্গল পরিত্যাগ করিয়া ধ্যানযোগে সনাতন ব্রহ্মকে লাভ করেন।

যদা ভাবেন ভবতি সর্ব্বভাবেষু নিস্পৃহঃ ।
তদা সুখমবাপ্নোতি প্রেত্যচেহ তু শাশ্বতম্ ॥৫৬॥

মনুঃ। ৬। ৮০।

যখন মনুষ্য সমুদায় বহির্বিষয়ে নিস্পৃহ হইয়া সিদ্ধ হয়েন, তখন তিনি ইহলোক পরলোকে নিত্য সুখ লাভ করেন।

ধৃতিঃ ক্ষমা দমোঽস্তেয়ং শৌচমিন্দ্রিয়নিগ্রহঃ ।
ধীর্বিদ্যা সত্যমক্রোধো দশকং ধর্ম্মলক্ষণম্ ॥৫৭॥

মনুঃ। ৬। ৯২।

ধৈর্য্য, ক্ষমা, মনঃসংযম, অচৌর্য্য, দেহ ও অন্তরশুদ্ধি, ইন্দ্রিয়নিগ্রহ, জ্ঞান, ব্রহ্মবিদ্যা, সত্যকথন ও অক্রোধ; ধর্ম্মের এই দশ প্রকার লক্ষণ।

পাত্রস্য হি বিশেষেণ শ্রদ্দধানতয়ৈব চ ।
অল্পং বা বহু বা প্রেত্য দানস্যাবাপ্যতে ফলম্ ॥৫৮॥

মনুঃ। ৭। ৮৩।

দাতা আপনার শ্রদ্ধা এবং পাত্রের যোগ্যতা অনুসারে দানের অল্প বা বহু ফল পরলোকে প্রাপ্ত হয়েন।

এক এব সুহৃদ্ধর্ম্মো নিধনেপ্যনুযাতি যঃ ।
শরীরেণ সমং নাশং সর্ব্বমন্যদ্ধি গচ্ছতি ॥ ৫৯ ॥

মনুঃ। ৮। ১৭।

ধর্ম্ম কেবল একই মিত্র, যিনি মরণকালেও অনুগামী হয়েন; আর সমুদয়ই শরীরের সহিত বিনাশ পায়।

একোঽহমস্মীত্যাত্মানং যত্ত্বং কল্যাণ মন্যসে।
নিত্যং স্থিতস্তে হৃদ্যেষ পুণ্যপাপেক্ষিতা মুনিঃ॥১০০॥

মনুঃ। ৮। ৯১।

হে ভদ্র! আমি একাকী আছি, এই যে তুমি মনে করিতেছ, ইহা মনে করিবে না। কারণ এই পুণ্যপাপদর্শী সর্ব্বজ্ঞ পুরুষ তোমার হৃদয়ে নিত্য স্থিতি করিতেছেন।

অরক্ষিতা গৃহে রুদ্ধা পুরুষৈরাপ্তকারিভিঃ।
আত্মানমাত্মনা যাস্তু রক্ষেয়ুস্তাঃ সুরক্ষিতাঃ॥১০১॥

মনুঃ। ৯। ১২।

বিশ্বস্ত ও আজ্ঞাবহ ব্যক্তিগণ কর্ত্তৃক গৃহমধ্যে রুদ্ধা থাকিলেও স্ত্রীরা অরক্ষিতা; যাঁহারা আপনাকে আপনি রক্ষা করেন তাঁহারাই সুরক্ষিতা।

অহিংসা সত্যমস্তেয়ং শৌচমিন্দ্রিয়নিগ্রহঃ।
এতত্ সামাজিকং ধর্ম্মং চাতুর্ব্বর্ণেঽব্রবীন্মুনিঃ॥১০২

মনুঃ। ১০। ৬৩।

একজন মুনি বলিয়াছেন যে,অহিংসা,সত্য বাক্য,অচৌর্য্য, দেহ ও চিত্ত শুদ্ধি এবং ইন্দ্রিয় সংযম,এসমুদয়ই সকলজাতির সাধারণ ধর্ম্ম।

কৃত্বা পাপং হি সন্তপ্য তস্মাত্ পাপাত্ প্রমুচ্যতে।
নৈবং কুর্য্যাং পুনরিতি নিবৃত্ত্যা পূয়তে তু সঃ॥ ১০৩॥

মনু.। ১১। ২৩০।

পাপ করিয়া তন্নিমিত্ত সন্তাপ করিলে সেই পাপ হইতে

মনুষ্য মুক্ত হয়। এমত কর্ম্ম আর করিব না, এইরূপ প্রতিজ্ঞা করিয়া তাহা হইতে নিবৃত্ত হইলে সে পবিত্র হয়।

অজ্ঞানাদ্যদি বা জ্ঞানাৎ কৃত্বা কর্ম্ম বিগর্হিতং।
তস্মাদ্বিমুক্তিমন্বিচ্ছন্ দ্বিতীয়ন্ন সমাচরেৎ॥১০৪॥

মনুঃ। ১১। ২৩২।

কোন ব্যক্তি জ্ঞাতসারে বা অজ্ঞাতসারে পাপাচরণ করিয়া তাহা হইতে মুক্তি লাভ করিতে ইচ্ছা করিলে সে আর দ্বিতীয় বার তাহা করে না।

যদ্দুস্তরং যদ্দুরাপং যদ্দুর্গং যচ্চদুষ্করম্।
সর্ব্বন্তু তপসা সাধ্যং তপোহি দুরতিক্রমম্॥১০৫

মনুঃ। ১১। ২৩৮।

যাহা দুস্তর দুষ্প্রাপ্য দুর্গম ও দুষ্কর তৎসমুদয়ই তপস্যা সাধ্য, তপস্যা দ্বারা সকলই জয় করা যায়।

যৎকিঞ্চিদেনঃ কুর্ব্বন্তি মনোবাঙ্মূর্ত্তিভির্জ্জনাঃ।
তৎসর্ব্বং নির্দ্দহন্ত্যাশু তপসৈব তপোধনাঃ॥ ১০৬ ॥

মনুঃ। ১১। ২৪১।

তপোধনেরা শরীর মন বাক্য দ্বারা যাহা কিছু পাপাচরণ করেন, তপস্যা দ্বারাই তৎসমুদায় শীঘ্র ভস্মীভূত করেন।

এবং যঃ সর্ব্বভূতেষু পশ্যত্যাত্মানমাত্মনা।
স সর্ব্বসমতামেত্য ব্রহ্মাভ্যেতি পরম্পদম্॥১০৭॥

মনুঃ। ১২। ১২৫।

এইরূপে যিনি স্বয়ং সর্ব্বভূতে ঈশ্বরকে সন্দর্শন করেন, তিনি সাম্যাবস্থা প্রাপ্ত হইয়া ব্রহ্মের পরম পদ লাভ করেন।

দিবো ভূমৌ তথাকাশে বহিরন্তশ্চমে বিভুঃ।
যোবিভাত্যবভাসাত্মা তস্মৈ সর্ব্বাত্মনে নমঃ ॥১০৮॥

যোগবাশিষ্ঠম্‌। ১। ২

যে বিভু সকলের অন্তরাত্মা হইয়া স্বর্গে ভূতলে আকাশে ও আমার অন্তরে বাহিরে বিরাজ করিতেছেন, সেই সর্ব্বাত্মা পরমেশ্বরকে আমি নমস্কার করি।

উভাভ্যামেব পক্ষাভ্যাং যথাখে পক্ষিণাং গতিঃ।
তথৈব জ্ঞানকর্ম্মাভ্যাং জায়তে পরমং পদম্‌ ॥১০৯॥

যোগ। ১। ৩

যেমন পক্ষিরা উভয় পক্ষ দ্বারা আকাশে বিচরণ করে, তদ্রূপ মনুষ্য ব্রহ্মজ্ঞান ও কর্ম্মানুষ্ঠানদ্বারা পরম পদ লাভ করেন।

কেবলাৎকর্ম্মণো জ্ঞানান্নহি মোক্ষোঽভি জায়তে।
কিন্তূভাভ্যাং ভবেন্মোক্ষসাধনন্তূভয়ং বিদুঃ ॥১১০॥

যোগ। ১। ৮।

কেবল কর্ম্মানুষ্ঠান বা ব্রহ্মজ্ঞানদ্বারা মুক্তি লাভ হয় না, কিন্তু উভয়ই মোক্ষ সাধনের উপায় জানিবে।

অশেষেণ পরিত্যাগো বাসনানাং যউত্তমঃ।
মোক্ষ উচ্যতে সদ্ভিঃ স এব বিমলক্রমঃ ॥১১১॥

যোগ। ১। ৯

সাধুরা অশেষ প্রকারে বাসনা পরিত্যাগই উৎকৃষ্ট মোক্ষ এবং তাহাই ব্রহ্মলাভের প্রকৃষ্ট সোপান বলিয়া নির্দ্দেশ করেন।

तरवोऽपि हि जीवन्ति जीवन्ति मृगपक्षिणः ।
स जीवति मनो यस्य मननेन हि जीवति ॥११२॥

যোগ ২। ২৮।

বৃক্ষাদিও জীবন ধারণ করে, মৃগপক্ষিরাও জীবন ধারণ করে, কিন্তু যাঁহার মন ব্রহ্মমনন দ্বারা সজীব হয়, তিনিই যথার্থ জীবন ধারণ করেন।

ते वन्द्यास्ते महात्मानस्तएव पुरुषा भुवि ।
ये सुखेन समुत्तीर्णाः साधो ! यौवनसङ्कटात् ॥११३॥

যোগ। ২। ৮৮।

হে সাধো! যাঁহারা যৌবন কালের বিষম বিপদ হইতে অনায়াসে নিষ্কৃতি লাভ করিয়াছেন, তাঁহারাই এ পৃথিবীতে পূজনীয় মহাত্মা পুরুষ।

भवत्यस्विन्द्रियाण्येव सत्यं जातमसत्यताम् ।
प्रहरत्यात्मनात्मानं मनसैव मनोरिपुः ॥ ११४ ॥

যোগ। ২। ১৪১।

অনেক সময় ইন্দ্রিয়গণ শক্রতাচরণ করে, সত্য অসত্য হইয়া যায়। অতএব মনুষ্য আপনাকেই আপনি প্রহার করে; মনই মনের রিপু।

इतस्ततो दूरतरं विहृत्य
प्रविश्य गेहं दिवसावसाने ।
विवेकिलोकाश्रयसाधुवृत्त-
विना हि रात्रौ क उपैति निद्रां ॥ ११५ ॥

योग । २ । १५६ ।

কোন্ ব্যক্তি সমস্ত দিন ইতস্তত ভ্রমণ করিয়া সায়ংকালে নিজগৃহে প্রবেশ পূর্ব্বক সাধুসঙ্গ ও সদালাপ বিনা অনায়াসে রজনীতে নিদ্রা যাইতে পারে ?

नाभिनिन्दामि मरणं नाभिनन्दामि जीवनम् ।
यथा तिष्ठामि तिष्ठामि तथैव विगतज्वरः ॥११६॥

योग । २ । २६७ ।

আমি মরণেরও নিন্দা করি না, জীবনেরও প্রশংসা করি না। আমি যেরূপ থাকি তাহাতেই নিষ্পাপ অবস্থায় অবস্থিতি করিতে চাই।

स्वानुभूतेः सुशास्त्रस्य गुरोश्चैवैकवाक्यता ।
यस्याभ्यासेन तेनात्मा सन्तते नावलोक्यते ॥११७॥

योग । ४ । ५२ ।

সুশাস্ত্র, গুরুবাক্য এবং আপনার অনুভব এই তিনের ঐক্য করিয়া যিনি নিরন্তর ব্রহ্মজ্ঞান অভ্যাস করেন, তিনি পরমাত্মাকে দর্শন করেন।

न कायक्लेशवैधुर्य्यं न तीर्थायतनाश्रयः ।

केवलं तन्मनोमात्रजयेन साद्यते पदम् ॥ ११৮ ॥

যোগ । ৪ । ৫৩।

শারীরিক ক্লেশ, কাতরতা অথবা তীর্থবাস এতদ্দ্বারা ঈশ্বরকে লাভ করা যায় না। কেবল মনকে জয় করিলেই তাঁহাকে লাভ করা যায়।

मोक्षद्वारे द्वारपालाश्चत्वारः परिकीर्त्तिताः ।

शमो विचारः सन्तोषश्चतुर्थः साधुसङ्गमः ॥ ११৯ ॥

যোগ। ৪। ৪৬।

শান্তি, ব্রহ্মজ্ঞান, সন্তোষ ও সাধুসঙ্গ এই চতুর্ব্বিধ দ্বারপাল মুক্তিপথে নিয়ত বর্ত্তমান।

न रसायनपानेन न लक्ष्म्यालिङ्गनेन च ।

तथा सुखमवाप्नोति शमेनान्तर्यथा जनः ।

যোগ । ৪ । ৬১ ।

মনুষ্য শান্তিরস দ্বারা যাদৃশ সুখ লাভ করেন, তাদৃশ সুখ অমৃত বা বিষয়াদি ভোগে প্রাপ্ত হওয়া যায় না।

शून्यं सङ्कीर्णतामेति मृत्युरप्युत्सवायते ।

आपद् सम्पदिवाभाति विद्वज्जनसमागमे ॥१२० ॥

যোগ । ৪ । ৩৮ ।

সাধু জনের সংসর্গে মনের শূন্যতা বিদূরিত হয়, মৃত্যুও উৎসব তুল্য হয় ও আপদ্ সম্পদের ন্যায় প্রতিভাত হয়।

যঃ স্নাতঃ শীতসিতয়া সাধুসঙ্গতিগঙ্গয়া।
কিং তস্য দানৈঃ কিং তীর্থৈঃ কিং তপোভিঃ কিমধ্বরৈঃ

যোগ। ৪। ৭৯।

যে ব্যক্তি সৎসঙ্গরূপ গঙ্গার সুশীতল নির্ম্মলজলে স্নান করে, তাহার দান তীর্থ তপস্যা ও যাগ যজ্ঞে কি প্রয়োজন।

বিচ্ছিন্নগ্রন্থয়স্তজ্‌জ্ঞাঃ সাধবঃ সর্ব্বসম্মতাঃ।
সর্ব্বোপায়েন সংসেব্যাস্তে হ্যুপায়া ভবাম্বুধৌ॥১২১॥

যোগ। ৪। ৮০।

মোহপাশবিমুক্ত ব্রহ্মজ্ঞ সাধুব্যক্তিরা সকলের পূজিত হয়েন। সর্ব্বোপায়ে তাঁহাদিগের সেবা করিবেক, কারণ তাঁহারা ভবসাগরের উপায়।

আশাবৈরাগ্যবিরসে চিত্তে সন্তোষবর্জ্জিতে।
ম্লানে বক্ত্রমিবাদর্শে ন জ্ঞানং প্রতিবিম্বতি॥১২২॥

যোগ। ৪। ৮২।

যেমন মলিন দর্পণে স্বীয় মুখ দর্শন করা যায় না, সেইরূপ নিরাশ কঠোর ও সন্তোষশূন্য চিত্তে ব্রহ্মজ্ঞান প্রতিভাত হয় না।

তুর্য্যবিশ্রান্তি যুক্তস্য প্রতীর্ণস্য ভবার্ণবাৎ।
জীবতোঽজীবতশ্চৈব গৃহস্থস্যাথবা যতেঃ॥১২৩॥

যোগ। ৪। ৮৫।

শুদ্ধ চৈতন্য স্বরূপ পর ব্রহ্মে সমাহিত ও সংসারসাগরোত্তীর্ণ সাধুব্যক্তি গৃহস্থ হউন আর সন্ন্যাসীই হউন তিনি জীবিত থাকিলেও সংসারের নিকট মৃতপ্রায়।

সর্ব্বশক্তিরনন্তাত্মা সর্ব্বভাবান্তরস্থিতঃ।

অদ্বিতীয়শ্চিদিত্যন্তর্যঃ পশ্যতি স পশ্যতি ॥১২৪॥

যোগ। ১২।১১।

যে ব্যক্তি তাঁহাকে সর্ব্বশক্তিমান্ অনন্ত আত্মস্বরূপ সর্ব্বগত অদ্বিতীয় ও চিৎস্বরূপ জানিয়া স্বীয় অন্তরে দর্শন করে, সেই তাঁহার দর্শন পায়।

জীবন্মুক্তা ন মজ্জন্তি সুখদুঃখরসস্থিতৌ।

প্রাকৃতেনার্থকার্য্যেণ কিঞ্চিৎ কুর্ব্বন্তি বা ন বা॥১২৫॥

যোগ। ১২। ১২।

জীবন্মুক্ত সাধুগণ আর সুখ দুঃখে নিমগ্ন হয়েন না, তাঁহারা বাহ্যানুষ্ঠান করুন্ বা না করুন তাহাতেই বা কি।

ন তপাংসি ন তীর্থানি ন শাস্ত্রাণি জয়ন্তিবঃ।

সংসারসাগরোত্তারে সজ্জনাসেবনং বিনা ॥১২৬॥

যোগ। ১৪। ১২।

ভবসাগর পার হইতে গেলে সাধুসেবা ব্যতিরেকে তোমাদের তপস্যাচরণ তীর্থগমন ও শাস্ত্রাধ্যয়ন কিছুই ফলোপধায়ী হইবেক না।

তস্মাদ্বাসনয়া বদ্ধং মুক্তং নির্ব্বাসনং মনঃ।
রাম ! নির্ব্বাসনীভাব মাবহাশু বিবেকতঃ ॥১২৭॥

যোগ। ১৪। ৪৫।

হে রাম ! সংসারাসক্ত মন বাসনা শূন্য হইলে মুক্ত হয় ; অতএব তুমি বিবেকেরদ্বারা সেই বাসনা পরিত্যাগ কর।

সম্যগালোকনাৎ সত্যাৎ বাসনা প্রবিলীয়তে।
বাসনা বিলয়ে চেতঃ শমমায়াতি দীপবৎ ॥১২৮॥

যোগ। ১৪। ৪৬।

সম্য প্রকারে সত্যালোক অবলোকন করিলে বাসনা বিনষ্ট হয়, বাসনার বিনাশে মন নির্ব্বাণ দীপের ন্যায় শান্তি লাভ করে।

উপশম সুখমাহরেৎ পবিত্রং
শমরসতঃ শমমেতি সাধুচেতাঃ।
প্রশমিতমনসঃ স্বকে স্বরূপে
ভবতি সুখে স্থিতিরুত্তমা চিরায় ॥১২৯॥

যোগ। ১৩। ২১।

সাধু চিত্ত ব্যক্তি নির্ম্মল শান্তি সুখ সম্ভোগ করেন। এবং শান্তি রসের দ্বারা অধিকতর শান্তি লাভ করেন। তিনি প্রশান্ত হৃদয়ে সুখস্বরূপ ব্রহ্মে চিরকাল উৎকৃষ্ট রূপে অবস্থিতি করেন।

অশিরস্কাহঙ্কারাভ মশেষাকারসংস্থিতং ।
অজস্রমুর্ব্বন্তং স্বং তমাত্মানমুপাস্মহে ॥ ১২০ ॥
যোগ । ১৮ । ২৫ ।

যিনি মস্তকাদি অবয়ব রহিত ও সর্ব্বগত এবং যিনি "আমি আছি" এই কথা অজস্র বার বলিতেছেন সেই পরমাত্মাকে আমি উপাসনা করি ।

মুষ্টযোমোহবীজানাং বৃষ্টযো বিবিধাপদাম্ ।
কুদৃষ্টয়ঃ ক্ষয়ং যান্তি তস্মিন্ দৃষ্টে পরাৎপরে ॥১২১॥
যোগ । ১৯ । ১ ।

সেই পরাৎপর পরমেশ্বরকে দর্শন করিলে মোহ বিনষ্ট হয়, আপদ্ বিদূরিত হয়, এবং কুদৃষ্টি একেবারে চলিয়া যায় ।

ইত্যন্তর্নিশ্চয়ং ত্যক্ত্বা বিচার্য্য মনসা সহ ।
নাহং পদার্থস্য ন মে পদার্থ ইতি ভাবিতে ॥১২২॥
যোগ । ১৯ । ২৫ ।

আমি কোন পাদার্থের নহি এবং আমারও কোন পদার্থ নহে এইরূপ মনের সহিত বিচার পূর্ব্বক নিশ্চয় জ্ঞানকেই অহঙ্কার ত্যাগ বলা যায় ।

সমঃ শত্রৌ চ মিত্রে চ দয়াদাক্ষিণ্যসংযুতঃ ।
আমকর্ম্মকরো নিত্যং সংসারেনাবসীদতি ॥ ১২৩ ॥
যোগ । ১৯ । ৪৮ ।

যিনি শত্রু মিত্রে সমান দয়াবান্, সরল ও নিত্য কর্ত্তব্য-পরায়ণ, তিনি কদাদি সংসারে দুঃখ ভোগ করেন না।

নাভিনন্দতি ন দ্বেষ্টি ন শোচতি ন কাঙ্ক্ষতি।
হুঁ হিতাবৌহিতৈর্মুক্তঃ সংসারে নাবসীদতি ॥১২৪॥

যোগ। ১৯। ৪৯।

বিমুক্ত ব্যক্তি কোন বিষয়ে আনন্দ প্রকাশ করেন না, অথচ ঘৃণাও করেন না; শোক করেন না, অথচ ইচ্ছাও প্রকাশ করেন না; তিনি সংসারে কদাপি দুঃখ ভোগ করেন না।

অন্তঃ সংত্যক্তসর্ব্বাশো বীতরাগো বিবাসনঃ।
বহিঃসর্ব্বসমাচারো লোকে বিহর রাঘব! ॥ ১২৫॥

যোগ। ১৯। ৫২।

হে রাঘব! সংসারে হৃদয়কে বৈরাগ্যে পরিপূর্ণ করিয়া বিরাগী ও অনাসক্ত থাকিয়া বাহিরে তাবৎকার্য্য সম্পাদন কর।

অয়ং বন্ধুরয়ং নেতি গণনা লঘুচেতসাম্।
উদারচরিতানান্তু বসুধৈব কুটুম্বকম্ ॥ ১২৬ ॥

যোগ। ১৯। ৫২।

ইনি বন্ধু ইনি পর, ক্ষুদ্রচিত্ত ব্যক্তিরাই এ গণনা করে, কিন্তু উদারচিত্ত ব্যক্তিদিগের পক্ষে জগতের সকলেই আত্মীয়।

অবিবেকাদুপাহৃত্য চেতঃ স্বৈর্যত্ননিশ্চয়ৈঃ।
বলাৎকারেণ সংযোজ্যং শাস্ত্রসৎপুরুষক্রমৈঃ ॥১৩৭॥

যোগ। ২২। ৮।

অবিবেক হইতে চিত্তকে আকর্ষণ করিয়া ব্রহ্মলাভে নিয়ত যত্ন করিবেক এবং বল পূর্ব্বক মনকে সৎশাস্ত্র ও সাধুসঙ্গে নিয়োগ করিবেক।

অসক্তং নির্ম্মলং চিত্তং মুক্তসংসার্য্যপিস্ফুটং।
সক্তন্তু দীর্ঘতপসা মুক্তমপ্যতি বন্ধবৎ ॥ ১৩৮ ॥

যোগ। ২৫। ২।

অনাসক্ত শুদ্ধচিত্ত ব্যক্তি সংসারী হইলেও মুক্ত, আর বিষয়াসক্ত ব্যক্তি দীর্ঘকাল তপস্যা করিলে ও মায়াবদ্ধ।

ক্ষণমানন্দিতামেতি ক্ষণমেতি বিষাদিতাং।
ক্ষণং সাম্যত্বমায়াতি সর্ব্বস্মিন্নটবন্মনঃ ॥ ১৩৯॥

যোগ। ২৮। ২৮।

মনুষ্যের মন ক্ষণে আনন্দিত, ক্ষণে বিষণ্ণ ও ক্ষণে সাম্যাবস্থা প্রাপ্ত হয়; অতএব মন এই সংসারে নটের ন্যায় অভিনয় করিয়া থাকে।

বাল্যমল্পদিনৈরেব যৌবনশ্রী ততো জরা।
দেহেঽপি নৈকরূপত্বং কাস্থাবাহ্যেষুবস্তুষু ॥ ১৪০ ॥

যোগ। ২৯। ২৩।

মনুষ্যের বাল্যকাল অল্পদিনই থাকে, যৌবনের রূপ-লাবণ্য অস্থায়ী, বার্দ্ধক্যও চিরদিন থাকে না, অতএব যখন এই দেহের এক অবস্থা দর্শন করা যায় না, তখন আর বাহ্য বস্তুর প্রতি আদর কি নিমিত্ত ?

শীতলানি পবিত্রাণি চরিতানি বিবেকিন: ।
ইন্দোরিবাংশু জালানি জনং শীতলমত্যলং ॥১৪১ ॥

যোগ। ৮। ১৩।

চন্দ্রের সুশীতল কিরণ যেমন সমুদয় পদার্থকে স্নিগ্ধ করে, সেইরূপ বিবেকির বিনীত পবিত্র চরিত্র মনুষ্যকে অত্যন্ত আনন্দিত করে।

তৃতীয়োঽধ্যায়ঃ।

শাশ্বতং ব্রহ্মপরমং ধ্রুবং জ্যোতি: সনাতনম্ ।
যস্য দিব্যানি কর্ম্মাণি কথয়ন্তি মনীষিণ: ॥১৪২॥

মহাভারত-আদিপর্ব্বণি। ১। ২৫০।

জ্ঞানীরা যাঁহার পবিত্র গুণ কীর্ত্তন করিয়া থাকেন, তিনি নিত্য ধ্রুব জ্যোতিঃস্বরূপ সনাতন পরব্রহ্ম।

যোঽন্যথা সন্তমাত্মান মন্যথা প্রতিপদ্যতে।
কিন্তেন ন কৃতং পাপং চৌরেণাত্মাপহারিণা ॥১৪৩ ॥

আদি। ৭৪। ৩০১৪।

যে নিজে এক প্রকার হইয়া আপনাকে অপরের নিকট অন্যরূপ প্র[illegible] করে, সেই আত্মাপহারী চোর দ্বারা কোন্ পাপ না অ[illegible]ত হইতে পারে?

সা ভার্য্যা যা গৃহে দক্ষা সা ভার্য্যা যা প্রজাবতী।
সা ভার্য্যা যা পতিপ্রাণা সা ভার্য্যা যা পতিব্রতা॥১৪২॥

আদি। ৭৪। ২০২৭।

সেই ভার্য্যা যে গৃহকার্য্যে সুদক্ষা, সেই ভার্য্যা যে সন্তানবতী, সেই ভার্য্যা যে পতিপ্রাণা, এবং সেই ভার্য্যা যে পতিব্রতা।

প্রাজ্ঞস্তু জল্পতাং পুংসাং শ্রুত্বা বাচঃ শুভাশুভাঃ।
গুণবদ্বাক্যমাদত্তে হংসঃ ক্ষীরমিবাম্ভসঃ॥ ১৪৩ ॥

আদি। ৭৪। ২০৩৮।

হংস যদ্রূপ জল হইতে ক্ষীর গ্রহণ করিয়া থাকে, সেইরূপ প্রাজ্ঞ ব্যক্তি লোকের সদসৎ বাক্য হইতে হিতকর বাক্যই গ্রহণ করেন।

অন্যান্ পরিবদন্ সাধুর্যথাহি পরিতপ্যতে।
তথা পরিবদন্নন্যাং স্তুষ্টো ভবতি দুর্জনঃ॥ ১৪৪ ॥

আদি। ৭৪। ২০৩৯।

সাধু ব্যক্তি যেমন পরের নিন্দা করিয়া অনুতপ্ত হয়েন, দুর্জন ব্যক্তি সেইরূপ অপরের নিন্দা করিয়া সন্তুষ্ট হয়।

নাস্তি সত্যসমো ধর্ম্মো ন সত্যাদ্বিদ্যতে পরম্ ।
ন হি তীব্রতরং কিঞ্চিদনৃতাদিহ বি[illegible] ॥ ১৪৭ ॥

আদি । [illegible]৪ । ৩০৫৩ ।

সত্যের সমান আর ধর্ম্ম নাই, এবং সত্য হইতে প্রকৃষ্ট বস্তুও আর কিছুই নাই, ইহলোকে মিথ্যার পর তীব্র পদার্থও আর নাই।

যদা ন কুরুতে পাপং সর্ব্বভূতেষু কর্হিচিৎ ।
কর্ম্মণা মনসা বাচা ব্রহ্ম সম্পদ্যতে তদা॥১৪৮॥

আদি ৭৫ । ৩১৩৩ ।

যখন মনুষ্য কার্য্য মন ও বাক্য দ্বারা কোন প্রাণির প্রতি কখনও পাপাচরণ না করেন, তখন তিনি ব্রহ্মকে লাভ করেন।

যঃ সমুৎপতিতং ক্রোধং ক্ষময়েহ নিরস্যতি ।
যথোরগস্ত্বচং জীর্ণং স বৈ পুরুষ উচ্যতে ॥ ১৪৯ ॥

আদি । ৭৯ । ৩৩২১।

সর্প যেরূপ স্বীয় জীর্ণ ত্বক পরিত্যাগ করে, সেইরূপ যিনি প্রজ্বলিত ক্রোধকে ক্ষমার দ্বারা বিদূরিত করেন, তিনিই যথার্থ পুরুষ।

তপশ্চ দানঞ্চ শমো দমশ্চ ।
হ্রীরার্জ্জবং সর্ব্বভূতানুকম্পা ॥
স্বর্গস্য লোকস্য বদন্তি সন্তো
দ্বারাণিসপ্তৈব মহান্তি পুংসাম্ ॥ ১৫০ ॥

আদি । ৯০ । ৩৫২১ ।

সাধুলো[illegible]রা বলেন, তপস্যা, দান, শম, ইন্দ্রিয়সংযম, লজ্জা, সর[illegible] ও প্রাণিগণের প্রতি দয়া এই সপ্তবিধ মনুষ্যের স্বর্গলোকে [illegible]বার শ্রেষ্ঠদ্বার।

অবশ্যং নিধনং সর্ব্বৈর্গন্তব্যমিহ মানবৈঃ
অবশ্যম্ভাবীন্যর্থে বৈ সন্তাপো নহ বির্দ্যতে ॥১৫১॥

আদি। ১৫৮।৬১৪৪।

ইহ সংসারে মানবগণ নিশ্চয়ই কালগ্রাসে পতিত হইবে। অতএব এই ক্ষণভঙ্গুর বিষয়ের জন্য কাহারো দুঃখ করা উচিত নহে।

এতদ্ধি পরমং ন্যার্য্যাঃ কার্য্যং লোকে সনাতনং
প্রাণানপি পরিত্যজ্য যদ্ভর্ত্তৃহিতমাচরেৎ ॥১৫২॥

আদি। ১৫৮। ৬১৪৬।

প্রাণ পরিত্যাগ করিয়া স্বামীর হিতসাধন করাই ইহলোকে নারীগণের শ্রেষ্ঠ সনাতন ধর্ম্ম।

মোহজালস্য যোনির্হি মূঢ়ৈরেব সমাগমঃ।
অহন্যহনি ধর্ম্মস্য যোনিঃ সাধুসমাগমঃ ॥১৫৩॥

বনপর্ব্বণি। ১। ২৫।

মূঢ় ব্যক্তিদিগের সহবাসে সমূহ মোহের উৎপত্তি হয় এবং প্রতিদিন সাধুসংসর্গে নিশ্চিত ধর্ম্মের উৎপত্তি হয়।

আক্রুষ্টস্তাড়িতঃ ক্রুদ্ধঃ ক্ষমতে যো বলীয়সঃ।
যশ্চ নিত্যং জিতক্রোধো বিদ্বানুত্তম পুরুষঃ ॥১৫৪॥

বন। ২৯। ১০৫৩।

যিনি বলবান্ ব্যক্তি দ্বারা নিন্দিত তাড়িত ও ক্রুদ্ধ হইলেও ক্ষমা করেন এবং যিনি নিত্য ক্রোধকে জয় করিয়াছেন, তিনিই জ্ঞানী ও উত্তম পুরুষ।

ক্ষমা ধর্ম্মঃ ক্ষমা যজ্ঞঃ ক্ষমা বেদাঃ ক্ষমা শ্রুতং।
য এতদেবং জানাতি স সর্ব্বং ক্ষন্তুমর্হতি ॥১৫৫॥

বন। ২৯। ১১০০।

যিনি জানেন যে, ক্ষমাই ধর্ম্ম, ক্ষমাই যজ্ঞ, ক্ষমাই বেদ, ক্ষমাই শাস্ত্র, তিনি সকলই ক্ষমা করিতে সমর্থ হয়েন।

ক্ষন্তব্যমেব সততং পুরুষেণ বিজানতা।
যদা হি ক্ষমতে সর্ব্বং ব্রহ্ম সম্পদ্যতে তদা॥
ক্ষমাবতাময়ং লোকঃ পরশ্চৈব ক্ষমাবতাং।
ইহ সম্মানমিচ্ছন্তি পরত্রচ শুভাং গতিং॥১৫৬॥

বন। ২৯। ১১০৬।

জ্ঞানীব্যক্তির সতত ক্ষমা করা কর্ত্তব্য; যখন মনুষ্য সকলকে ক্ষমা করেন, তখন তিনি ব্রহ্মকে লাভ করেন। অতএব ক্ষমাশীল ব্যক্তিদিগেরই ইহলোক ও ক্ষমাশীল ব্যক্তিদিগেরই পরলোক। তাঁহারা ইহকালে সম্মান ও পরকালে সদ্গতি লাভ করেন।

যেষাং মন্যুর্মনুষ্যাণাং ক্ষময়াভিহতঃ সদা।
তেষাং পরতরে লোকাস্তস্মাৎ ক্ষান্তিঃ পরা মতা॥১৫৭॥

বন। ২৯। ১১০৮।

যে সকল মনুষ্যের ক্রোধ ক্ষমা দ্বারা বিনষ্ট হয়, তাহাদের অপেক্ষা আর শ্রেষ্ঠতর লোক নাই। অতএব ক্ষমাই সর্ব্বশ্রেষ্ঠ জানিবে।

ব্যাধিতস্য শয়নং পরিশ্রান্তস্য চাসনম্।
তৃষিতস্য চ পানীয়ং ক্ষুধিতস্য চ ভোজনম্ ॥১৫৮॥

বন। ২৯। ২৬২৮।

রোগীকে শয্যা, শ্রান্তকে আসন, তৃষ্ণার্ত্তকে পানীয় এবং ক্ষুধিতকে ভোজ্য বস্তু প্রদান করিবেক।

উদারমেব বিদ্বাংসো ধর্ম্মং প্রাহুর্ম্মনীষিণাম্।
উদারং প্রতিপদ্যস্ব নাবরে স্থাতুমর্হসি ॥ ১৫৯ ॥

বন। ৩৩। ১৩০৬।

পণ্ডিতেরা উদারতাকেই ধীর ব্যক্তিগণের ধর্ম্ম বলেন। অতএব উদার হও, কখন নীচত্বে অবস্থান করিও না।

যন্ন মোহান্ন কার্পণ্যান্ন লোভান্ন ভয়াদপি।
অনৃতং কিঞ্চিদুক্তং তে নকামান্নার্থকারণাত্ ॥ ১৬০॥

বন। ৩৩। ১৩৪০।

মোহ, কৃপণতা, লোভ, ভয়, কামনা ও প্রয়োজন বশতঃও কদাপি তোমার মিথ্যা বলা উচিত নহে।

এতান্ দোষান্ প্রপশ্যদ্ভির্জিতক্রোধো মনীষিভিঃ।
ইচ্ছদ্ভিঃ পরমং শ্রেয় ইহ চামুত্র চোত্তমং ॥ ১৬১ ॥

বন। ২৯। ১১৩১।

ব্রহ্মজ্ঞ ব্যক্তি ক্রোধের এতাদৃশ দোষ দর্শন করিয়া তাহা জয় করত ইহলোক পরলোকে পরমোৎকৃষ্ট মঙ্গল লাভ করেন।

যে পাপানি ন কুর্ব্বন্তি মনোবাক্‌কর্ম্মবুদ্ধিভিঃ।
তে তপন্তি মহাত্মানো ন শরীরস্য শোষণম্‌॥১৬২॥

বন। ১৯৯। ১২৪৪৯

যাঁহারা মন ও বাক্য, কর্ম্ম ও বুদ্ধি দ্বারা পাপাচরণ না করেন, সেই মহাত্মারাই তপস্যা করেন, যাঁহারা শরীর শোষণ করেন, তাঁহারা তপস্যা করেন না।

পাপঞ্চেৎ পুরুষঃ কৃত্বা কল্যাণমভিপদ্যতে।
মুচ্যতে সর্ব্বপাপেভ্যো মহাভ্রেণেব চন্দ্রমাঃ ॥ ১৬৩॥

বন। ২০৬। ১৩৭৫৪।

কোন ব্যক্তি যদি অগ্রে পাপ করিয়া পশ্চাৎ মঙ্গলের অনুসরণ করে, তবে মহামেঘে আবৃত চন্দ্রের ন্যায় সে পূর্ব্বকৃত সমুদায় পাপ হইতে বিমুক্ত হয়।

যথাদিত্যঃ সমুদ্যন্ বৈ তমঃ পূর্ব্বং ব্যপোহতি
এবং কল্যাণমাতিষ্ঠন্ সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে ॥১৬৪॥

বন। ২০৬। ১৩৭৫৩।

সূর্য্যোদয়ে যেমন অন্ধকার তিরোহিত হয়, সেইরূপ পাপ করিয়া কল্যাণ আচরণ করিলে সকল পাপ হইতে প্রমুক্ত হওয়া যায়।

সত্যে কৃত্বা প্রতিষ্ঠান্তু প্রবর্ত্তন্তে প্রবৃত্তয়ঃ।
সত্যমেব গরীয়স্তু শিষ্টাচারনিষেবিতং ॥ ১৬৫ ॥

বন। ২০৬। ১৩৭৫৩।

সমুদায় প্রবৃত্তিকে সত্যেতেই স্থাপন করিয়া পরিচালিত করা কর্ত্তব্য, কারণ সাধুজনসেবিত এক সত্যই শ্রেষ্ঠ পদার্থ।

যৎকল্যাণমভিধ্যায়েৎ তত্রাত্মানং নিয়োজয়েৎ।
ন পাপে প্রতিপাপঃ স্যাৎ সাধুরেব সদা ভবেৎ ॥১৬৬

বন। ২০৬। ১৩৭৫৮।

যাহা কল্যাণ জানিবেক, তাহাতে আপনাকে নিয়োগ করিবেক। পাপাচারী ব্যক্তির প্রতি পাপাচার করিবেক না, কিন্তু সর্ব্বদা সাধুই থাকিবেক।

ইন্দ্রিয়াণাং নিরোধেন সত্যেন চ দমেন চ।
ব্রহ্মণঃ পদমাপ্নোতি যৎপরং দ্বিজসত্তমঃ ॥১৬৭॥

বন। ২০৯। ১৩৮৫৫।

যিনি ইন্দ্রিয় দমন, সত্য ও সংযম দ্বারা ব্রহ্মের পরম পদ লাভ করেন, তিনি দ্বিজশ্রেষ্ঠ।

এবং নির্ব্বেদমাদত্তে পাপং কর্ম্ম জহাতি চ।
ধার্ম্মিকশ্চাপিভবতি মোক্ষঞ্চ লভতে পরং ॥১৬৮॥

বন। ২০৯। ১৩৮৫৩।

ধার্ম্মিক ব্যক্তি এইরূপে পাপকর্ম্ম পরিত্যাগ করিয়া বৈরাগ্য অবলম্বন করিলে উৎকৃষ্ট মুক্তি লাভ করেন।

পরিত্যজতি যো দুঃখং সুখঞ্চাপ্যুভয়ং নরঃ।
ব্রহ্ম প্রাপ্নোতি সোঽত্যন্তমসঙ্গেন চ গচ্ছতি॥১২৯॥

বন। ২০৯। ১৩৮৯৫।

যে ব্যক্তি সুখ দুঃখ উভয়ই পরিত্যাগ করে, সে ব্রহ্মকে লাভ করিয়া অত্যন্ত নিস্পৃহ হয়।

অনসূয়া ক্ষমা শান্তিঃ সন্তোষং প্রিয়বাদিতা।
কামক্রোধপরিত্যাগঃ শিষ্টাচারনিষেবনম্॥
কর্ম্ম চ শ্রুতসম্পন্নং সতাং মার্গমনুত্তমং।
শিষ্টাচারং নিষেবন্তে নিত্যং ধর্ম্মমনুব্রতাঃ॥১৩০॥

বন। ২৪২। ১৩৯৩৯৮।

অনসূয়া, ক্ষমা, শান্তি, সন্তোষ, প্রিয়বাক্য, কাম ক্রোধ পরিত্যাগ, সাধুসেবা, সৎকর্ম্ম, ও শাস্ত্র অধ্যয়ন এই সকল সাধুজনগণের অত্যুৎকৃষ্ট পথ। ব্রতাচারী সাধকগণ নিত্য শুদ্ধাচারের অনুবর্ত্তী হয়েন।

পাপঞ্চিন্তয়তে চৈব ব্রবীতি চ করোতি চ।
তস্যাধর্ম্মে প্রবিষ্টস্য গুণা নশ্যন্তি সাধবঃ॥১৩১॥

বন। ২৪৫। ১১৯০৬।

যে ব্যক্তি পাপচিন্তা করে, পাপ আলাপ করে ও পাপ কার্য্য করে; সেই অধর্ম্মে প্রবিষ্ট ব্যক্তির সাধুগুণ সমূহও বিনষ্ট হইয়া যায়।

দান্তঃ শমপরঃ শশ্বৎ পরিক্লেশং নবিন্দতি।

নচ তপ্যতি দান্তাত্মা দৃষ্ট্বা পরগতাং শ্রিয়ং ॥১৩২॥

বন। ২৫৮। ১৫২১১।

জিতেন্দ্রিয় শান্তচিত্ত ব্যক্তি চিরকাল ক্লেশ ভোগ করেন না এবং পরশ্রী দেখিয়াও কাতর হয়েন না।

আনৃশংস্যং পরো ধর্ম্মঃ ক্ষমা চ পরমং বলং।
আত্মজ্ঞানং পরং জ্ঞানং সত্যব্রতং পরং ব্রতম্ ॥
সত্যস্য বচনং শ্রেয়ঃ সত্যে জ্ঞানং হিতম্ভবেৎ।
যদ্ভূতহিতমত্যন্তং তদ্বৈ সত্যং পরং মতং ॥ ১৩৩ ॥

বন। ২৫৮। ১৩৯৮০।

অনৃশংসতা পরম ধর্ম্ম, ক্ষমা পরম বল, আত্মজ্ঞান পরম জ্ঞান, সত্যব্রত পরম ব্রত, সত্য বাক্যই শ্রেয় এবং সত্য জ্ঞানই হিতকর। যাহা প্রাণিগণের অত্যন্ত হিতসাধক তৎসমুদায়ই পরম সত্য বলিয়া জানিবে।

উদয়াস্তে মনস্বী হি ন হৃষ্যতি ন শোচতি।
সুখমাপতিতং সেবেৎ দুঃখমাপতিতং বহেৎ।১৩৪।

বন। ২৫৮। ১৫২৮৪।

সাধু ব্যক্তি সাংসারিক উন্নতিতেও হৃষ্ট হয়েন না ও অবনতিতেও ম্লান হয়েন না। তিনি সুখ আসিলে তাহার সেবা করেন ও দুঃখ আসিলে বহন করেন।

ইহ যৎ ক্রিয়তে কর্ম্ম তৎপরত্রোপভুজ্যতে।
তস্মাচ্ছরীরং যুঞ্জীত তপসা নিয়মেন চ ॥১৩৫॥

বন। ২৫৮। ১৫২৮৯।

মনুষ্য ইহকালে যেরূপ কর্ম্ম করে পরকালে তদনুরূপ ফলভোগ করে। অতএব তপস্যা ও আত্মসংযমে শরীরকে নিয়োগ করিবেক।

অন্যায়াৎ সমুপাত্তেন দানধর্ম্মো ধনেন যঃ।
ক্রিয়তে ন স কর্ত্তারং ত্রায়তে মহতো ভয়াৎ॥১৭৬॥

বন। ২৫৮। ১৫৪০২।

অন্যায়োপার্জ্জিত ধন দ্বারা যে দান ধর্ম্ম অনুষ্ঠিত হয়, তাহা সেই দাতাকে পাপজনিত মহৎ ভয় হইতে পরিত্রাণ করিতে পারে না।

কৃতস্য কর্ম্মণস্তত্র ভুজ্যতে যৎফলং দিবি।
নচান্যৎ ক্রিয়তে কর্ম্ম মূলচ্ছেদেন ভুজ্যতে॥১৭৭॥

বন। ২৬০। ১৫৬৮২।

ইহকালে কৃত সদসদ কর্ম্মের ফল ভোগ পরকালে হইয়া থাকে। অতএব এরূপ কর্ম্ম করিবেক না যদ্দ্বারা সমূলে বিনষ্ট হইতে হয়।

অদ্রোহঃ সর্ব্বভূতেষু কর্ম্মণা মনসা গিরা।
অনুগ্রহশ্চ দানঞ্চ সতাং ধর্ম্মঃ সনাতনঃ॥১৭৮॥

বন। ২৬০। ১৬৩৮০।

কার্য্য মন ও বাক্য দ্বারা সমুদায় প্রাণির অনিষ্ট না করা; প্রত্যুতঃ অনুগ্রহ ও দয়া করা সাধুদিগের সনাতন ধর্ম্ম।

সতাং সজ্জৎ সঙ্গতমীপ্সিতং পরং।
ততঃ পরং মিত্রমিতি প্রচক্ষতে॥

নচাফলং সৎপুরুষেণ সঙ্গতং।

ততঃ সতাং সন্নিবসেৎ সমাগমে ॥ ১৭৯ ॥

বন। ২৯৬। ১৬৩৭৭।

সাধুসঙ্গ বরং একবারও প্রার্থনীয়। তাহাকেই পরম মিত্র বলিতে হইবে। সাধুদিগের সহিত সহবাস বিফল নহে, অতএব সাধুসমাগমে সর্ব্বদা অবস্থিতি করিবেক।

মানং হিত্বা প্রিয়ো ভবতি ক্রোধং হিত্বা ন শোচতি।

কামং হিত্বার্থবান্ ভবতি লোভং হিত্বা সুখী ভবেৎ১৮০॥

বন। ৩১২। ১৭৩৬২।

অভিমান পরিত্যাগ করিয়া প্রিয় হইবে, ক্রোধ পরিত্যাগ করিয়া শোক করিবে না, বাসনা পরিত্যাগ করিয়া অর্থো-পার্জ্জন করিবে এবং লোভ পরিত্যাগ করিয়া সুখী হইবে।

জ্ঞানং তত্ত্বার্থ সম্বোধঃ শমশ্চিত্তপ্রশান্ততা।

দয়া সর্ব্বসুখৈষিত্ব মার্জ্জবং সমচিত্ততা ॥ ১৮১॥

বন। ৩১২। ১৭৩৭৫।

বিদ্যা, তত্ত্বজ্ঞান, বৈরাগ্য, প্রশান্তভাব, দয়া, সকলের সুখান্বেষণ, সরলতা, সমদর্শিতা এই সকল সাধুতার লক্ষণ।

ন হৃষ্যত্যাত্মসম্মানে নাবমানেন তপ্যতে।

গাঙ্গো হ্রদ ইবাক্ষোভ্যো যঃ স পণ্ডিত উচ্যতে॥১৮২॥

উদ্যোগ পর্ব্বণি। ৩২। ৫৫৬।

যিনি সম্মানেও হৃষ্ট হয়েন না ও অবমাননাতেও সন্তপ্ত হয়েন না এবং যিনি প্রশান্ত হ্রদের ন্যায় অক্ষুব্ধ থাকেন, তিনিই জ্ঞানী।

तत्त्वज्ञः सर्व्वभूतानां योगज्ञः सर्व्वकर्म्मणाम्।

उपायज्ञो मनुष्याणां नरःपण्डित उच्यते ॥१८३॥

উদ্যোগ। ৩২। ৯৯৩।

যিনি সমুদায় প্রানির তত্ত্ব, তাবৎ কার্য্যের যোগ ও সমস্ত মনুষ্যের উপায় জানেন, তাঁহাকে পণ্ডিত বলা যায়।

एको धर्म्मः परं श्रेयः क्षमैकाशान्तिरुत्तमा।

विद्यैका परमा तृप्ति रहिंसैका सुखावाहा॥१८४॥

উদ্যোগ। ৩২। ১০২২।

ধর্ম্মই এক পরম মঙ্গলের নিদান, ক্ষমাই এক উৎকৃষ্ট শান্তি, ব্রহ্মবিদ্যাই এক সর্ব্বোচ্চ তৃপ্তি, অহিংসাই একমাত্র সুখের আকর।

एकमेवा द्वितीयं तद्यद्राजन् नावबुध्यसे।

सत्यं स्वर्गस्य सोपानं पारावारस्य नौरिव॥१८५॥

উদ্যোগ। ৩২। ১০২৩।

হে রাজন্! সেই একমাত্র অদ্বিতীয় ঈশ্বর যাঁহাকে তুমি জানিতেছ না, সত্যতঃ তিনিই স্বর্গের সোপান এবং পারাবারের নৌকাস্বরূপ।

सोऽस्य दोषोन मन्तव्यः क्षमा हि परमं धनम्।

क्षमागुणोह्यशक्तानां शक्तानां भूषणं क्षमा॥

क्षमा वशीकृतीर्लोके क्षमया किं न साध्यते।

शान्तिखड्गः करे यस्य किं करिष्यति दुर्जनः॥१८६॥

উদ্যোগ। ৩২। ১০৩০

ক্ষমাকে দোষ মনে করিবেক না; ক্ষমাই পরম ধন। ক্ষমা অশক্তদিগের গুণ এবং শক্তদিগের ভূষণ। ক্ষমা দ্বারা লোক বশীভূত হয়; ক্ষমা দ্বারা কি না সাধিত হয়? শান্তিরূপ খড়্গ যাহার হস্তে, দুর্জ্জন ব্যক্তি তাহার কি করিতে পারে?

पापं कुर्व्वन् पापकीर्त्तिः पापमेवाश्नुते फलं।

पुण्यं कुर्व्वन् पुण्यकीर्त्तिः पुण्यमत्यन्त मश्नुते ॥১৮৩॥

উদ্যোগ। ৩৪। ১২৪১।

পাপাচারী ব্যক্তি পাপাচরণ করিয়া পাপের ফল ভোগ করে, আর পুণ্যবান্ ব্যক্তি পুণ্য কর্ম্ম করিয়া পুণ্যের ফল ভোগ করেন।

तस्मात् पापं न कुर्व्वीत पुरुषः संशितव्रतः।

पापं प्रज्ञां नाशयति क्रियमाणं पुनः पुनः ॥১৮৮॥

উদ্যোগ। ৩৪। ১২৪২।

অতএব নিত্যব্রতধারী সাধক পাপাচরণ করেন না, কারণ, বারম্বার পাপানুষ্ঠানে ধর্ম্মবুদ্ধি বিনষ্ট হয়।

नष्टप्रज्ञः पापमेव नित्यमारभते नरः।

पुण्यं प्रज्ञां वर्द्धयति क्रियमाणं पुनः पुनः ॥১৮৯॥

উদ্যোগ। ৩৪। ১২৪৩।

ধর্ম্মবুদ্ধি বিনষ্ট হইলে মনুষ্য পাপ করিতে প্রবৃত্ত হয়, কিন্তু পুনঃ পুনঃ পুণ্যের অনুষ্ঠানে ধর্ম্মবুদ্ধি পরিবর্দ্ধিত হইয়া থাকে।

বৃদ্ধপ্রজ্ঞঃ পুণ্যমেব নিত্যমারভতে নরঃ।
পুণ্যং কুর্ব্বন্ পুণ্যকীর্ত্তিঃ পুণ্যং স্থানংস্মগচ্ছতি॥১৯০॥

উদ্যোগ। ৩৪। ১২৪৪।

ধর্ম্মবুদ্ধি পরিবর্দ্ধিত হইলে মনুষ্য নিত্য পুণ্যানুষ্ঠানে প্রবৃত্ত হয়েন; পুণ্যকীর্ত্তি সাধুব্যক্তি পুণ্যকার্য্য করিয়া পুণ্যস্থানে গমন করেন।

সন্তাপাৎ ভ্রশ্যতে রূপং সন্তাপাৎ ভ্রশ্যতে বলং।
সন্তাপাৎ ভ্রশ্যতে জ্ঞানং সন্তাপাৎ ব্যাধিমৃচ্ছতি॥১৯১॥

উদ্যোগ। ৩৫। ৩৩।

সন্তাপে রূপ ভ্রষ্ট হয়, সন্তাপে বল ক্ষয় হয়, সন্তাপে জ্ঞান বিনষ্ট হয়, ও সন্তাপে ব্যাধি জন্মে।

অক্রোধেন জয়েৎ ক্রোধমসাধুং সাধুনা জয়েৎ।
জয়েৎ কদর্য্যং দানেন জয়েৎ সত্যেন চানৃতম্ ॥১৯২॥

উদ্যোগ। ৩৮। ৫১৯।

অক্রোধ দ্বারা ক্রোধকে জয় করিবেক, সাধু ভাব দ্বারা অসাধু ভাবকে জয় করিবেক, উপকার দ্বারা অপকারকে জয় করিবেক এবং সত্যদ্বারা মিথ্যাকে জয় করিবেক।

মৌনান্ন স মুনির্ভবতি নারণ্যবসনান্মুনিঃ।
স্বলক্ষণন্তু যো বেদ স মুনিঃ শ্রেষ্ঠ উচ্যতে ॥১৯৩॥

উদ্যোগ। ৪২। ৬৮১।

মৌন হইলেই কেহ মুনি হয় না, অরণ্যে বাস করিলেও

কেহ মুনি হয় না ; কিন্তু যিনি আপনার লক্ষণ জানেন, তিনিই শ্রেষ্ঠ মুনি।

যত্তচ্ছুক্রং মহজ্জ্যোতির্দীপ্যমানং মহদ্যশঃ ।
তদ্বৈ দেবা উপাসতে তস্মাৎ সূর্য্যো বিরাজতে ।
যোগিনস্তং প্রপশ্যন্তি ভগবন্তং সনাতনং ॥১৯৪॥

উদ্যোগ । ৪৫ । ৩২৩ ।

যিনি শুদ্ধ মহান্ জ্যোতিঃস্বরূপ, দীপ্যমান, ও মহাকীর্ত্তিশালী ; দেবতারা তাঁহাকেই উপাসনা করিয়া থাকেন। তাঁহা হইতেই সূর্য্য প্রকাশ পাইতেছে। যোগিগণ সেই সনাতন পরমেশ্বরকে দর্শন করিয়া থাকেন।

ন সাদৃশ্যে তিষ্ঠতি রূপমস্য
ন চক্ষুষা পশ্যতি কশ্চিদেনং
মনীষয়াঽথো মনসা হৃদা চ
য এনং বিদুরমৃতাস্তে ভবন্তি ॥ ১৯৫ ॥

উদ্যোগ । ৪৫ । ৩৪৩ ।

তাঁহার রূপের সাদৃশ্য নাই, কেহ তাঁহাকে চক্ষুঃ দ্বারা দেখিতে পায় না। যাঁহারা ইহাকে বুদ্ধি মন ও হৃদয়ের দ্বারা জানেন তাঁহারা অমর হয়েন।

কৃতাত্মা স মহারাজ ! স বৈ ত্যাগী স্মৃতো নরঃ।
অনবেক্ষ্য সুখাদানং তথৈবোর্দ্ধং প্রতিষ্ঠিতঃ॥ ১৯৬ ॥

শান্তি পর্ব্বণি । ১২ । ২৪৩ ।

হে রাজন্! যে ব্যক্তি সুখের প্রতি দৃষ্টি না রাখিয়া কেবল ঊর্দ্ধে প্রতীক্ষা করিয়া থাকে, তাহাকেই জিতেন্দ্রিয় ও সর্ব্বত্যাগী বলা যাইতে পারে।

ত্যাগযুক্তং মহারাজ ! সর্ব্বমেব মহাফলং।
শমোদমস্তথা ধৈর্য্যং সত্যং শৌচ মথার্জবম্॥১৯৭॥

শা। ১২ । ২৪৮ ।

হে রাজন্! ধর্ম্মার্থে সর্ব্বস্ব পরিত্যাগ করিলে মহৎফল লাভ হয়। কারণ ইহাতে শান্তি, ইন্দ্রিয় সংযম, ধৈর্য্য, সত্য, বিশুদ্ধতা ও সরলতা প্রাপ্ত হওয়া যায়।

আসক্তঃ সক্তবদ্গচ্ছন্নিঃসঙ্গো মুক্তবন্ধনঃ।
সমঃ শত্রৌ চ মিত্রে চ সর্ব্বৈর্মুক্তো মহীপতে !॥১৯৮॥

শা। ১৮। ৩৬৫।

হে রাজন্! যে ব্যক্তি সংসারী হইয়াও অনাসক্ত বৈরাগী ও মায়াপাশ বিমুক্ত, এবং যাঁহার শত্রু মিত্রে সমান জ্ঞান তিনিই মুক্ত।

সন্তোষো বৈ স্বর্গতমঃ সন্তোষঃ পরমং সুখম্ ।
তুষ্টের্ন কিঞ্চিৎ পরতঃ সা সম্যক্ প্রতিতিষ্ঠতি॥১৯৯॥

শা। ২১। ৩১৩।

সন্তোষই উৎকৃষ্ট স্বর্গ, সন্তোষই পরম সুখ, সন্তোষ অপেক্ষা শ্রেষ্ঠ পদার্থ আর কিছুই নাই; সেই সন্তোষই চির-প্রতিষ্ঠিত থাকে।

যদা সংহরতে কামান্ কূর্ম্মোঽঙ্গানীব সর্ব্বশঃ।

তদাত্মজ্যোতিরচিরাৎ স্বাত্মন্যেব প্রসীদতি ॥ ২০০ ॥

ম্‌। ২১। ৫১৭।

কূর্ম্ম যেমন স্বীয় অঙ্গকে সংকোচ করে, সেইরূপ যখন সাধক আপনার সমুদায় কামনা সর্ব্ব প্রকারে প্রত্যাহার করেন, তখন তাঁহার আত্মাতে অচিরাৎ পরমাত্মার জ্যোতিঃ প্রকাশিত হয়।

ন বিভেতি যদা চায়ং যদা চাস্মান্ন বিভ্যতি।
কামদ্বেষৌ চ জয়তি তদাত্মানং প্রপশ্যতি ॥ ২০১ ॥

ম্‌। ২১। ৫১৮।

যখন মনুষ্য কোন প্রকারে ভীত না হন, এবং তাঁহা হইতেও কেহ ভীত না হয়, ও কাম দ্বেষ পরাজয় করেন; তখন তিনি পরমাত্মাকে দর্শন করেন।

সুখস্যানন্তরং দুঃখং দুঃখস্যানন্তরং সুখম্‌।
ন নিত্যং লভতে দুঃখং ন নিত্যং লভতে সুখম্‌॥২০২॥

ম্‌। ২৫। ২৫৪।

সুখের পর দুঃখ দুঃখের পর সুখ; অতএব এই সংসারে কেহ নিত্য দুঃখভোগও করে না, নিত্য সুখভোগও করে না।

সুখং বা যদি বা দুঃখং প্রিয়ং বা যদি বাপ্রিয়ম্‌।
প্রাপ্তং প্রাপ্তমুপাসীত হৃদয়েনাপরাজিতা ॥ ২০৩ ॥

ম্‌। ২৫। ৩৫৩।

সুখই হউক বা দুঃখই হউক, প্রিয়ই হউক বা অপ্রিয়ই হউক, যাহা ঘটিবেক অপরাজিত চিত্তে তাহার সেবা করিবেক।

সুখঞ্চ দুঃখঞ্চ ভবাভবৌ চ
লাভালাভৌ মরণং জীবিতঞ্চ।
পর্য্যায়তঃ সর্ব্বমবাপ্নুবন্তি
তস্মাদ্ধীরো নৈব হৃষ্যেন্ন শোচেৎ ॥ ২০৪ ॥

মা। ২৫। ২৯০৮।

সকল মনুষ্যই সুখ, দুঃখ, মঙ্গল, অমঙ্গল, লাভ, ক্ষতি, ও জীবন মরণ পর্য্যায়ক্রমে প্রাপ্ত হইয়া থাকে, কিন্তু ধীর ব্যক্তি ইহাতে হৃষ্টও হয়েন না শোকও করেন না।

হিত্বা দম্ভঞ্চ কামঞ্চ ক্রোধং হর্ষং ভয়ন্তথা।
অপ্যমিত্রাণি সেবস্ব প্রণিপত্য কৃতাঞ্জলিঃ ॥২০৫॥

মা। ১০৫। ২৯০৮।

হে রাজন্! অহঙ্কার, কাম, ক্রোধ, হর্ষ ও ভয় পরিত্যাগ পূর্ব্বক কৃতাঞ্জলিপুটে শত্রুদিগকে প্রণাম করিয়া তাহাদের সেবা কর।

হৃষ্টে ভবতি সা হৃষ্টা দুঃখিতে ময়ি দুঃখিতা।
প্রোষিতে দীনবদনা ক্রুদ্ধে চ প্রিয়বাদিনী ॥ ২০৬॥

মা। ১৪৪। ৫৫০১।

আমি আনন্দিত হইলে তিনি আহ্লাদিতা হন, দুঃখিত হইলে দুঃখিতা হন, বিদেশে গমন করিলে ম্লানমুখী হন, এবং ক্রোধ করিলে প্রিয়বাক্য বলেন।

পতিব্রতা পতিগতিঃ পতিপ্রিয়হিতে রতা।

যস্ম স্যাত্তাদৃশী ভার্য্যা ধন্যঃ স পুরুষো ভুবি॥২০৭॥

গা। ১৪৪। ৫৫০২।

যে নারী পতিব্রতা ও পতিই যাঁহার গতি এবং যিনি পতির প্রিয় ও হিতকর কার্য্যে সর্ব্বদা রত, যাঁহার এতাদৃশী ভার্য্যা আছে, পৃথিবীতে সেই ব্যক্তিই ধন্য।

নাস্তি ভার্য্যাসমো বন্ধুর্নাস্তি ভার্য্যাসমা গতিঃ।
নাস্তি ভার্য্যাসমো লোকে সহায়ো ধর্ম্মসংগ্রহে॥২০৮॥

গা। ১৪৪। ৫৫০৮।

ভার্য্যার সমান আর বন্ধু নাই, ভার্য্যার সমান আর গতি নাই, ইহলোকে ধর্ম্মসাধনে ভার্য্যার সমান আর সহায় নাই।

অরাবপ্যুচিতং কার্য্যমাতিথ্যং গৃহমাগতে।
ছেত্তুঃ পার্শ্বগতাং ছায়াং নোপসংহরতে দ্রুমঃ॥ ২০৯ ॥

গা। ১৪৬। ৫৫২৮।

শত্রুও গৃহে সমাগত হইলে তাহার যথোচিত আতিথ্য করিবেক। বৃক্ষ ছেদকের পার্শ্বগত ছায়া কদাপি হরণ করে না।

প্রাজ্ঞো বা যদি বা মূর্খঃ সধনো নির্ধনোঽপি বা।
সর্ব্বকালবশং যাতি শুভাশুভসমন্বিতঃ॥ ২১০ ॥

গা। ১৫২। ৫৩১৩।

জ্ঞানীই হউক আর মূর্খই হউক ধনীই হউক আর নির্ধনই হউক; সকলেই আপনাপন পাপপুণ্য লইয়া কালগ্রাসে পতিত হইবেক।

অধর্ম্মমনৃতঞ্চৈব দূরাৎ প্রাজ্ঞো বিবর্জয়েৎ।
ধর্ম্মং সত্যং শ্রুতং ন্যায্যং মহতীং প্রাণিনাং দয়াম্॥২১১॥

শা। ১৫২। ৫৩৫৬।

জ্ঞানী ব্যক্তি অধর্ম্ম ও মিথ্যা দূরে নিক্ষেপ করিয়া ধর্ম্ম, সত্য, শাস্ত্র, ন্যায় ও প্রাণিগণের প্রতি উৎকৃষ্ট দয়া অবলম্বন করেন।

যে ন হৃষ্যন্তি লাভেষু নালাভেষু ব্যথন্তি চ।
নির্ম্মলা নিরহঙ্কারাঃ সত্ত্বস্থাঃ সমদর্শিনঃ॥২১২॥

শা। ১৫৮। ৫৯০৯।

যাঁহারা বিষয়াদি লাভেও হৃষ্ট হয়েন না এবং তাহার ক্ষতিতেও দুঃখিত হয়েন না, সেই বিশুদ্ধচরিত্র সমদর্শিরাই নির্ম্মল ও নিরহঙ্কারী।

দমেন সদৃশং ধর্ম্মং নান্যং লোকেষু শুশ্রুম।
দমোহি পরমো লোকে প্রশস্তঃ সর্ব্বধর্ম্মিণাম্॥
সুখং দান্তঃ প্রস্বপিতি সুখঞ্চ প্রতিবুধ্যতে।
সুখং লোকে বিপর্য্যেতি মনশ্চাস্য প্রসীদতি॥ ২১৩॥

শা। ১৬০। ৫৯৩৫।

ইন্দ্রিয় সংযমের তুল্য পৃথিবীতে আর উৎকৃষ্ট ধর্ম্ম শুনি নাই, কারণ ইহ লোকে সর্ব্ব ধর্ম্মাক্রান্ত লোকের মধ্যে ইহা শ্রেষ্ঠ ও প্রশস্ত। যাঁহার ইন্দ্রিয়সকল স্বীয় বশবর্ত্তী; তিনি সুখে নিদ্রা যান, সুখে জাগ্রৎ হন, এবং সুখে সংসার যাত্রা নির্ব্বাহ করেন। তাঁহার মন সর্ব্বদা প্রসন্ন থাকে।

ক্ষমা ধৃতিরহিংসা চ সমতা সত্যমার্জ্জবং।
ইন্দ্রিয়াভিজয়ো দাক্ষ্যং মার্দ্দবং হ্রীরচাপলং।
অকার্পণ্যমসংরম্ভঃ সন্তোষঃ প্রিয়বাদিতা।
অবিহিংসানসূয়া চাপ্যেষাং সমুদয়োদমঃ॥২১৪॥

ম্‌া। ১৬০।১৫৪০।৪১।

ক্ষমা, ধৈর্য্য, অহিংসা, সমভাব, সত্য, সরলতা, রিপুদমন, কোমলতা, লজ্জাশীলতা, স্থিরতা, দানশীলতা, অক্রোধ, সন্তোষ, প্রিয়বাক্য, অনিন্দা ও অনসূয়া এই সকলকে আত্ম সংযম বলা যায়।

সত্যং সতাং সদা ধর্ম্মঃ সত্যং ধর্ম্মঃ সনাতনঃ।
সত্যমেব নমস্যেত সত্যং হি পরমা গতিঃ।
সত্যং ধর্ম্মস্তপো যোগঃ সত্যং ব্রহ্ম সনাতনং।
সত্যং যজ্ঞঃ পরঃ প্রোক্তঃ সর্ব্বং সত্যে প্রতিষ্ঠিতম্॥২১৫॥

ম্‌া। ১৬২। ৫৯৮০।

সাধুগণের নিকট সত্য নিত্য ধর্ম্ম, সত্যই সনাতন ধর্ম্ম, এক সত্যই নমস্য, সত্যই পরমগতি, সত্যধর্ম্মই তপস্যা ও যোগ, সত্যই নিত্য ব্রহ্ম, সত্যই শ্রেষ্ঠ যজ্ঞ, সকলই সত্যে প্রতিষ্ঠিত।

সত্যঞ্চ সমতা চৈব দমশ্চৈব ন সংশয়ঃ।
অমাৎসর্য্যং ক্ষমাচৈব হ্রীস্তিতিক্ষাঽনসূয়তা।

ত্যাগো ধ্যানমথার্য্যত্বং ধৃতিশ্চ সততং দয়া।
অহিংসা চৈব রাজেন্দ্র! সত্যাকারাস্ত্রয়োদশঃ ॥২১৬॥

শা। ১৬২। ৫৯৪।

হে রাজেন্দ্র! সত্যকথন, সমতা, নিশ্চিত ইন্দ্রিয়সংযম, অমাৎসর্য্য, ক্ষমা, লজ্জা, তিতিক্ষা, অনসূয়তা, ত্যাগ, ধ্যান, মহত্ত্ব, ধৈর্য্য, সতত দয়া ও অহিংসা এই ত্রয়োদশটী সত্যের আকার।

255

ন নিত্যং লভতে দুঃখং ন নিত্যং লভতে সুখম্।
শরীরমেবায়তনং দুঃখস্য চ সুখস্য চ ॥ ২১৭ ॥

শা। ১৭৪। ৫৪৩৩।

কেহ চিরকাল দুঃখ ভোগও করে না, চিরকাল সুখ সম্ভোগও করে না। অতএব এই শরীরই সুখ দুঃখের মূলীভূত কারণ।

প্রিয়াপ্রিয়ে পরিত্যজ্য প্রশান্তাত্মা ভবিষ্যতি।
যদা ন কুরুতে ভাবং সর্ব্বভূতেষু পাপকম্ ॥ ২১৮॥

শা। ২৫৮। ৯৫৩৮৪।

যখন মনুষ্য কোন প্রাণির প্রতি পাপাচরণ না করেন তখন তিনি প্রিয়াপ্রিয় পরিত্যাগ করিয়া প্রশান্তাত্মা হন।

যস্য বাঙ্মনসী স্যাতাং সম্যক্ প্রণিহিতে সদা।
তপস্ত্যাগশ্চ সত্যঞ্চ স বৈ পরমবাপ্নুয়াৎ ॥ ২১৯ ॥

শা। ১৭৫। ৬৯৫।

যাঁহার বাক্যমন সম্যক্ প্রকারে সর্ব্বদা সংযত থাকে, তিনিই তপস্যা ত্যাগ ও পরম সত্য লাভ করেন।

নহি প্রতীক্ষতে মৃত্যুঃ কৃতমস্য ন বা কৃতম্।
কোহি জানাতি কস্যাদ্য মৃত্যুকালো ভবিষ্যতি।
যুবৈব ধর্ম্মশীলঃ স্যাদনিত্যং খলু জীবিতম্।
কৃতে ধর্ম্মে ভবেৎ কীর্ত্তিরিহ প্রেত্য চ বৈ সুখম্॥২২০॥

শা। ১৭৫। ৫৫২৩।

কত বিষয়ের মধ্যে কত করা হইল না, মৃত্যু ইহার প্রতীক্ষা করে না। কে জানে যে, কাহার অদ্য মৃত্যু উপস্থিত হইবে? অতএব যৌবন কালেই ধর্ম্মশীল হইবেক। কারণ জীবন নিশ্চয়ই অনিত্য। ধর্ম্মানুষ্ঠানে ইহলোকে কীর্ত্তি ও পরলোকে সুখ হয়।

তস্মাৎ সত্যব্রতাচারঃ সত্যযোগপরায়ণঃ।
সত্যকামঃ সমোদান্তঃ সত্যেনৈবান্তকং জয়েৎ।
অমৃতঞ্চৈব মৃত্যুশ্চ দ্বয়ং দেহে প্রতিষ্ঠিতং।
মৃত্যুরাপদ্যতে মোহাৎ সত্যেনাপদ্যতেঽমৃতম্॥ ২২১॥

শা। ১৭৫। ৫৫৫১।

অতএব সত্যব্রত আচরণ করিবে ও সত্যযোগপরায়ণ হইবেক। সত্যকাম সমদর্শী ও জিতেন্দ্রিয় হইয়া এক সত্য দ্বারাই মৃত্যুকে জয় করিবেক। মৃত্যু ও অমৃত এ দুইই মানবদেহে অবস্থিতি করিতেছে। মনুষ্য মোহ প্রযুক্ত মৃত্যুগ্রাসে পতিত হয়, এবং সত্য দ্বারা অমৃত লাভ করে।

নাস্তি বিদ্যা সমং চক্ষুর্নাস্তি সত্যসমং তপঃ।
নাস্তি রাগসমং দুঃখং নাস্তি ত্যাগসমং সুখম্॥২২২॥

ম্ভা। ১৭৫। ৩৫৫৭।

বিদ্যার সমান আর চক্ষু নাই, সত্যের সমান আর তপস্যা নাই, আসক্তির সমান আর দুঃখ নাই, ও ত্যাগের সমান আর সুখ নাই।

সত্যং ব্রহ্ম তপঃ সত্যং সত্যং বিসৃজতে প্রজাঃ।
সত্যেন ধার্য্যতে লোকঃ স্বর্গং সত্যেন গচ্ছতি॥২২৩॥

ম্ভা। ১৯০। ৬৯৬৮।

সত্যই ব্রহ্ম, সত্যই তপস্যা, সত্যই প্রাণিদিগকে সৃজন করে, সত্য দ্বারাই সকল লোক ধৃত হইয়া থাকে এবং সত্য দ্বারাই মনুষ্য স্বর্গ লাভ করে।

তত্র ধ্যানেন সংশ্লিষ্টমেকাগ্রং ধারয়েন্মনঃ।
পিণ্ডীকৃত্যেন্দ্রিয়গ্রাম মাসীনঃ কাষ্ঠবন্মুনিঃ॥
শব্দং ন বিন্দেৎ শ্রোত্রেণ স্পর্শং ত্বচা ন বেদয়েৎ।
রূপং ন চক্ষুষা বিন্দ্যাজ্জিহ্বয়া ন রসাংস্তথা॥২২৪॥

ম্ভা। ১৯৫। ৭১২২।

যোগী ব্যক্তি ইন্দ্রিয়দিগকে সংযত করিয়া কাষ্ঠের ন্যায় নিশ্চল হইয়া উপবিষ্ট হয়েন ও ধ্যানে নিমগ্ন হইয়া একাগ্রভাবে সেই পরমাত্মাতে মনঃ সমাধান করেন। তৎকালে তাঁহার কর্ণের দ্বারা শব্দজ্ঞান, ত্বকের দ্বারা স্পর্শজ্ঞান, চক্ষুঃ দ্বারা দৃষ্টিজ্ঞান ও রসনা দ্বারা রসবোধ থাকে না।

सत्यमेकाक्षरं ब्रह्म सत्यमेकाक्षरं तपः ।
सत्यमेकाक्षरोयज्ञः सत्यमेकाक्षरं श्रुतम् ॥२२५॥

শা । ১৯৯ । ৩২৬৪ ।

সত্যই এক অবিনশ্বর ব্রহ্ম, সত্যই এক অবিনশ্বর তপস্যা, সত্যই এক অবিনশ্বর যজ্ঞ, এবং সত্যই এক অবিনশ্বর শাস্ত্র।

न चक्षुषा पश्यति रूपमात्मनो
न चापि संस्पर्शमुपैति किञ्चित् ।
न चापि तैः साधयते तु कार्य्यं
ते तं न पश्यन्ति स पश्यते तान् ॥ २२६ ॥

শা । ২০২ । ৩৪০৯ ।

চক্ষুঃ দ্বারা পরমাত্মার রূপ দেখা যায় না এবং কোনরূপে তাঁহার স্পর্শও অনুভব করা যায় না। ইন্দ্রিয়াদি দ্বারাও তাঁহার কোন কার্য্য সিদ্ধ হয় না। মানবগণ তাঁহাকে দেখিতে পায় না; কিন্তু তিনি সর্ব্বদায় দর্শন করেন।

यथाऽऽत्मसि प्रसन्ने तु रूपं पश्यति चक्षुषा ।
तद्वत्प्रसन्नेन्द्रियत्वं ज्ञेयं ज्ञानेन पश्यति॥२२৭॥

শা । ২০৪ । ৩৪৪১ ।

যেমন চক্ষুঃ দ্বারা নির্ম্মল সলিলে আপনার প্রতিরূপ দেখিতে পাওয়া যায়, সেইরূপ ইন্দ্রিয়সকল সংযত হইলে জ্ঞানের দ্বারা স্বীয় অন্তরে জ্ঞেয় পরমাত্মাকে দর্শন করা যায়।

অহিংসা সত্যবচনং সর্ব্বভূতেষু চার্জ্জবম্।
ক্ষমা চৈবাপ্রমাদশ্চ যস্যৈতে স সুখী ভবেৎ॥২২৮॥

শা। ২১৫। ৩৭১৮।

অহিংসা, সত্যবাক্য, সর্ব্বভূতে সমদৃষ্টি, ক্ষমা, অপ্রমাদ, এই সকল যাঁহাতে আছে, তিনি সুখী হয়েন।

বাঙ্ মনোভ্যাং শরীরেণ শুচিঃ স্যাদনহঙ্কৃতঃ।
প্রশান্তো জ্ঞানবান্ ভিক্ষুর্নিরপেক্ষশ্চরেৎ সুখং॥২২৯॥

শা। ২১৫। ৩৭৯৫।

নিরহঙ্কারী হইয়া কায়মনোবাক্যে শুদ্ধ থাকিবেক এবং প্রশান্ত জ্ঞানী ও সর্ব্বত্যাগী হইয়া নিরপেক্ষভাবে সুখ সম্ভোগ করিবেক।

নাপধ্যায়েন্ন স্পৃহয়েৎ নাবদ্ধং চিন্তয়েদসৎ।
অমোঘাপ্রযত্নেন মনো জ্ঞানে নিবেশয়েৎ॥২৩০॥

শা। ২১৫। ৩৮০১।

অসদ্বিষয়ের অনুধ্যান করিবেক না, অসদ্বিষয় স্পৃহা করিবেক না, আবদ্ধভাবে অসদ্বিষয়ের চিন্তা করিবেক না, সর্ব্বপ্রযত্নে ব্রহ্মজ্ঞানে মনোনিবেশ করিবেক।

সত্যাং বাচমহিংস্রাঞ্চ বদেদনপবাদিনীম্।
কল্কাপেতামপরুষামনৃশংসামপৈশুনাম্॥ ২৩১॥

শা। ২১৫। ৩৮০২।

অহিংস্র, পরনিন্দা ও বিকল্পবর্জ্জিত, অপরুষ, অনৃশংস, খলতাশূন্য সত্য বাক্য বলিবেক।

যমর্থসিদ্ধিঃ পরমা ন হর্ষয়েৎ
তথৈব কালে ব্যসনং ন মোহয়েৎ।
সুখঞ্চ দুঃখঞ্চ তথৈব মধ্যমং
নিষেবতে যঃ স ধুরংধরো নরঃ ॥ ২৩২॥

শা। ২১৭। ৮৫৪০।

গুরুতর অভীষ্ট সিদ্ধিও যাঁহাকে হৃষ্ট করে না, সময়ে আপদ উপস্থিত হইলেও সেইরূপ মুগ্ধ করে না, সুখদুঃখ মধ্যমাবস্থা সকলকেই যিনি সমভাবে সেবা করেন, তিনিই নর শ্রেষ্ঠ।

নৈব ক্রুদ্ধতি ন দ্বেষ্টি নানৃতা ভাষতে গিরঃ।
আক্রুষ্টস্তাড়িতস্চৈব মৈত্রেণ ধ্যাতি নাশুভং ॥২৩৩॥

শা। ২২৬। ৮৬৮০।

ক্রোধ করিবেক না, কাহারও প্রতি দ্বেষও করিবেক না, এবং মিথ্যা বাক্যও বলিবেক না। বন্ধু কর্ত্তৃক আক্রুষ্ট ও তাড়িত হইলেও তাঁহার অমঙ্গল চিন্তা করিবেক না।

সর্ব্বভূতেষু চাত্মানং সর্ব্বভূতানি চাত্মনি।
যদা পশ্যতি ভূতাত্মা ব্রহ্ম সম্পদ্যতে তদা ॥২৩৪॥

শা। ২৩৯। ৮৭৯৪।

যখন মনুষ্য সমুদায় প্রাণির মধ্যে ঈশ্বরকে এবং ঈশ্বরের মধ্যে সমুদায় প্রাণিকে দর্শন করেন, তখন তিনি ব্রহ্মকে লাভ করেন।

न ह्ययमवचुषा हश्यो न च सर्व्वैरपीन्द्रियैः।
मनसा तु प्रदीपेन महानात्मा प्रकाशते॥ २२५॥

শা।. ২২৫। ৮৩৪৫।

চক্ষু দ্বারা বা অপরাপর ইন্দ্রিয় দ্বারা এই পরমাত্মাকে দর্শন করা যায় না; কিন্তু মনোরূপ প্রদীপ দ্বারা সেই মহান্ আত্মা প্রকাশিত হয়েন।

नाभिनन्देत मरणं नाभिनन्देत जीवनम्।
कालमेव प्रतीच्चेत निदेशं भृतको यथा॥ २२६॥

শা। ২৪৫। ৮৫২৫।

মরণও অভিলাষ করিবেক না, জীবিত থাকিতেও ইচ্ছা করিবেক না, কিন্তু আজ্ঞাবহ ভৃত্য যেরূপ প্রভুর আদেশের প্রতীক্ষা করে, সেইরূপ মৃত্যুর প্রতীক্ষা করিবেক।

श्वः कार्य्यमद्य कुर्व्वीत पूर्व्वाह्णे चापराह्णिकम्।
न हि प्रतीचते मृत्युः कृतं वास्य न वा कृतम्॥२२७॥

শা। ২৩৮। ৫৫৪০।

কল্যকার কর্ম্ম অদ্য করিবেক, অপরাহ্নের কার্য্য পূর্ব্বাহ্নে করিবেক। কারণ করা হইয়াছে কি না করা হইয়াছে, মৃত্যু ইহার প্রতীক্ষা করে না।

ন হিংস্যাৎ সর্ব্বভূতানি মৈত্রায়ণগতশ্চরেৎ।
নেদং জীবিতমাসাদ্য বৈরং কুর্ব্বীত কেনচিৎ॥২৩৮॥

শা। ২৩৯। ৮৮৩১।

কোন প্রাণিকে হিংসা করিবেক না, সকলের প্রতি মিত্র ব্যবহার করিবেক। এই মানব দেহ ধারণ করিয়া কাহারও প্রতি বৈর আচরণ করিবেক না।

সুখে বা যদি বা দুঃখে বর্ত্তমানো বিচক্ষণঃ।
যশ্চিনোতি শুভান্যেব স তন্ত্রাণীহ পশ্যতি॥২৩৯॥

শা। ২৯৫। ১০৭৩৬।

যে বিচক্ষণ ব্যক্তি সুখ দুঃখের মধ্যে বর্ত্তমান থাকিয়া কেবল মঙ্গলেরই অনুসরণ করেন, তিনিই ইহ সংসারে চরম ফল প্রাপ্ত হন।

ধর্ম্ম এব সদা নৃণামিহ রাজন্ প্রশস্যতে।
ধর্ম্মবৃদ্ধা গুণানেব সেবন্তে হি নরা ভুবি॥ ২৪০॥

শা। ২৯৬। ১০৭৯৯।

হে রাজন্! ইহলোকে মানবদিগের ধর্ম্মই নিয়ত একমাত্র প্রশংসনীয়। সুতরাং ভূতলে ধার্ম্মিক লোকেরা কেবল সদ্গুণেরই সেবা করিয়া থাকেন।

বিষয়ে বর্ত্তমানোঽপি ন স পাপেন যুজ্যতে।
মর্য্যাদায়াং ধর্ম্মসেতু র্নিবদ্ধো নৈব সীদতি॥২৪১॥

শা। ৩০০। ১০৫১১।

সেই প্রকৃত সাধক বিষয়ের মধ্যে থাকিয়া পাপে লিপ্ত হয়েন না এবং নীতীর মধ্যে সীমা নিবদ্ধ সেতু হওয়াতে কদাপি দুঃখিত হয়েন না।

ন ধর্ম্মকালঃ পুরুষস্য নিশ্চিতো
নচাপি মৃত্যুঃ পুরুষং প্রতীক্ষতে।
সদা হি ধর্ম্মস্য ক্রিয়ৈব শোভনা
যদা নরোমৃত্যুমুখেঽভিবর্ত্ততে ॥২৪২॥

শা। ৩০০। ১০৯৭২।

মৃত্যু মনুষ্যকে প্রতীক্ষা করে না; সুতরাং তাহার ধর্ম্ম সাধনের কোন নির্দ্দিষ্ট কাল নাই। মনুষ্য যখন মৃত্যুমুখে স্থিতি করিতেছে, তখন ধর্ম্মানুষ্ঠান সকল কালেই শোভা পায়।

বসন্ বিষয়মধ্যেঽপি ন বসত্যেব বুদ্ধিমান্।
সংবসত্যেব দুর্ব্বুদ্ধিরসৎসু বিষয়েষ্বপি ॥২৪৩॥

শা। ৩০০। ১০৯৮৩।

বুদ্ধিমান্ ব্যক্তি বিষয় মধ্যে বাস করিয়াও তাহাতে বাস করেন না; কিন্তু নির্ব্বোধেরা বিষয় মধ্যে থাকিয়া কেবল অসদ্বিষয়েতেই অবস্থান করে।

যেনাত্যুক্তঃ প্রাহ রুক্ষং প্রিয়ং বা।
যোবা হতো ন প্রতিহন্তি ধৈর্য্যাৎ।

পাপস্য নেচ্ছতি নস্য হন্তু-
স্তস্যেহ দেবাঃ স্পৃহয়ন্তি নিত্যম্ ॥ ২৪৪ ॥

মা। ২০১। ১১০০৮।

যিনি অতিমাত্র তিরস্কৃত হইলেও রুক্ষবাক্য প্রয়োগ করেন না এবং অতিমাত্র প্রশংসিত হইলেও প্রিয়বাক্য বলেন না; যিনি আহত হইলেও ধৈর্য্যনিবন্ধন প্রতিঘাত করেন না এবং হন্তার অমঙ্গল হয়, এরূপ ইচ্ছা করেন না; তাঁহাকে এ সংসারে দেবতারাও নিয়ত স্পৃহা করিয়া থাকেন।

প্রবিশ্যাত্মনি চাত্মানং যোগী তিষ্ঠতি যোঽচলঃ।
পাপং হন্তি পুনীতানাং পদমাপ্নোতি সোঽজরঃ॥২৪৫॥

মা। ২০২। ১১০৭৪।

যিনি পরমাত্মার সহিত স্বীয় আত্মার সংযোগ পূর্ব্বক অটল ভাবে যোগী হইয়া অবস্থিতি করেন, তিনি পাপিগণের পাপ নাশ করেন ও অমর হইয়া ব্রহ্মপদ লাভ করেন।

নিত্যং ক্রোধাত্তপো রক্ষেৎ শ্রিয়ং রক্ষেচ্চ মৎসরাৎ।
বিদ্যাং মানাবমানাভ্যা মাত্মানন্তু প্রমাদতঃ॥২৪৬॥

মা। ২৩১। ১২৪২১।

ক্রোধ হইতে তপস্যাকে, মৎসর হইতে সম্পদকে, মান অপমান হইতে ব্রহ্মজ্ঞানকে, ও প্রমাদ হইতে আত্মাকে নিত্য রক্ষা করিবেক।

কর্ম্মণ্যেবাধিকারস্তে মাফলেষু কদাচন।
মা কর্ম্মফলহেতুর্ভূর্মা তে সঙ্গোঽস্ত্বকর্ম্মণি ॥২৪৩॥

গীতা পর্ব্বণি। ২। ৪৭।

তোমার কেবল কর্ত্তব্য কর্ম্ম সম্পাদন করিবার অধিকার আছে, কিন্তু ফল প্রত্যাশা করিবার কিছুমাত্র অধিকার নাই। কর্ম্মের ফল কামনায় যেন তোমার প্রবৃত্তি না হয়, এবং কর্ম্ম না করিতেও যেন তোমার আসক্তি না হয়।

যোগস্থঃ কুরু কর্ম্মাণি সঙ্গং ত্যক্ত্বা ধনঞ্জয়!।
সিদ্ধ্যসিদ্ধ্যোঃ সমোভূত্বা সমত্বং যোগ উচ্যতে॥২৪৮॥

গীতা। ২। ৪৮।

হে ধনঞ্জয়! যোগী ব্যক্তি অনাসক্ত হইয়া কর্ম্ম করেন। ফলাফলে সমান হইয়া যে মনের সাম্যাবস্থা হয় তাহাকে যোগ বলা যায়।

প্রজহাতি যদা কামান্ সর্ব্বান্ পার্থ! মনোগতান্
আত্মন্যেবাত্মনা তুষ্টঃ স্থিতপ্রজ্ঞস্তদোচ্যতে ॥২৪৯ ॥

গীতা। ২। ৪৯।

হে পার্থ! যখন মনুষ্য মনের সমুদায় কামনা পরিত্যাগ করিয়া পরমাত্মাতে স্বয়ং পরিতুষ্ট হয়েন, তখন তাঁহাকে সমাহিত বলা যায়।

দুঃখেষ্বনুদ্বিগ্নমনাঃ সুখেষু বিগতস্পৃহঃ।
বীতরাগভয়ক্রোধঃ স্থিতধীর্মুনিরুচ্যতে॥ ২৫০॥

গীতা। ২। ৫৬।

দুঃখেতে যাহার চিত্ত উদ্বিগ্ন হয় না, সুখেতে যে নিস্পৃহ থাকে ও যাহার আসক্তি ভয় ক্রোধ বিদূরিত হইয়াছে, এরূপ সমাহিত ব্যক্তিকে মুনি বলা যায়।

যদা সংহরতে চায়ং কূর্ম্মোঽঙ্গানীব সর্ব্বশঃ।
ইন্দ্রিয়াণীন্দ্রিয়ার্থেভ্যস্তস্য প্রজ্ঞা প্রতিষ্ঠিতা॥২৫১॥

গীতা। ২। ৫৮।

কূর্ম্ম যেরূপ স্বীয় অঙ্গ প্রত্যঙ্গ সম্যক্ প্রকারে আকর্ষণ করে, সেইরূপ যোগী ব্যক্তি যখন বিষয় হইতে ইন্দ্রিয়দিগকে প্রত্যাহার করেন, তখন তাঁহার প্রজ্ঞা প্রতিষ্ঠিত হয়।

যততো হ্যপি কৌন্তেয়! পুরুষস্য বিপশ্চিতঃ।
ইন্দ্রিয়াণি প্রমাথীনি হরন্তি প্রসভং মনঃ ॥২৫২॥

গীতা। ২। ৬০।

হে কৌন্তেয়! প্রবল ইন্দ্রিয়গণ মোক্ষে যত্নশীল বিবেকী পুরুষের মনও বল পূর্ব্বক হরণ করে।

তানি সর্ব্বাণি সংযম্য যুক্ত আসীত মৎপরঃ।
বশে যস্যেন্দ্রিয়াণি হি তস্য প্রজ্ঞা প্রতিষ্ঠিতা॥২৫৩॥

গীতা। ২। ৬১।

আত্মনিষ্ঠ যোগী ব্যক্তি ইন্দ্রিয়দিগকে সংযত করিয়া সমাহিত হয়েন। যাঁহার ইন্দ্রিয় বশীভূত হইয়াছে তাঁহারি প্রজ্ঞা প্রতিষ্ঠিত।

ধ্যায়তো বিষয়ান্ পুংসঃ সঙ্গস্তেষূপজায়তে।
সঙ্গাত্ সংজায়তে কামঃ কামাত্ ক্রোধোঽভিজায়তে॥
ক্রোধাত্ ভবতি সম্মোহঃ সম্মোহাত্ স্মৃতিবিভ্রমঃ।
স্মৃতিভ্রংশাত্ বুদ্ধিনাশোবুদ্ধিনাশাত্ প্রণশ্যতি॥২৫৪॥

গীতা। ২। ৬২। ৬৩।

ইন্দ্রিয়ের বিষয় চিন্তা করিলে আসক্তি জন্মে। আসক্তি হইতে বাসনা, বাসনা হইতে ক্রোধ, ক্রোধ হইতে মোহ, মোহ হইতে স্মৃতিবিভ্রম, স্মৃতিবিনাশে বুদ্ধিনাশ, এবং বুদ্ধিনাশে মনুষ্য বিনষ্ট হয়।

রাগদ্বেষবিমুক্তৈস্তু বিষয়ানিন্দ্রিয়ৈশ্চরন্।
আত্মবশ্যৈর্বিধেয়াত্মা প্রসাদমধিগচ্ছতি॥ ২৫৫॥

গীতা। ২। ৬৪।

রাগ দ্বেষ বিরহিত সংযত ইন্দ্রিয় দ্বারা বিষয়াদি ভোগ করিলে আত্মা শান্তি লাভ করে।

নাস্তি বুদ্ধিরযুক্তস্য ন চাযুক্তস্য ভাবনা।
ন চাভাবয়তঃ শান্তিরশান্তস্য কুতঃ সুখং॥২৫৬॥

গীতা। ২। ৬৬।

বিক্ষিপ্ত চিত্ত লোকের বুদ্ধি স্থির হয় না, চঞ্চলমতি হইলে, শান্তি লাভ হয় না, অশান্ত জনের সুখ কোথায় ?

ইন্দ্রিয়াণাং হি চরতাং যন্মনোঽনু বিধীয়তে।
তদস্য হরতি প্রজ্ঞাং বায়ুর্ণাবমিবাম্ভসি ॥ ২৫৭॥

গীতা। ২। ৬৭।

মন যখন স্বেচ্ছাচারী ইন্দ্রিয়গণের সহিত সংযুক্ত হয়, প্রবল বায়ু দ্বারা অর্ণবপোত যেমন জলে নিমগ্ন হয়, তদ্রূপ তখন মনুষ্যের ধর্ম্মবুদ্ধি বিনষ্ট হয়।

তস্মাদ্‌যস্য মহাবাহো ! নিগৃহীতানি সর্ব্বশঃ।
ইন্দ্রিয়ানীন্দ্রিয়ার্থেভ্যস্তস্য প্রজ্ঞা প্রতিষ্ঠিতা॥২৫৮॥

গীতা। ২। ৬৮।

হে মহাবাহো ! যে ব্যক্তি বিষয় হইতে ইন্দ্রিয়দিগকে সর্ব্ব প্রকারে নিগ্রহ করিয়াছেন তাঁহারি ধর্ম্মবুদ্ধি সমাহিত হইয়াছে।

যা নিশা সর্ব্বভূতানাং তস্যাং জাগর্ত্তি সংযমী।
যস্যাং জাগর্ত্তি ভূতানি সা নিশা পশ্যতো মুনেঃ॥২৫৯।

গীতা। ২। ৬৯।

সমুদায় প্রাণির পক্ষে যাহা রজনী, জিতেন্দ্রিয় ব্যক্তি তাহাতে জাগ্রৎ থাকেন; এবং অপর প্রাণিগণ যাহাতে জাগ্রৎ থাকে, তত্ত্বদর্শী মুনির নিকট তাহা তামসী নিশা।

বিহায় কামান্ যঃ সর্ব্বান্ পুমাংশ্চরতি নিস্পৃহঃ।
নির্ম্মমো নিরহংকারঃ স শান্তিমধিগচ্ছতি॥২৬০॥

গীতা। ২। ৭১।

যে ব্যক্তি সমুদয় বিষয় পরিত্যাগ করিয়া নিস্পৃহ নির্ম্মম ও নিরহঙ্কারী হয়, সে চির শান্তি লাভ করে।

কর্ম্মেন্দ্রিয়াণি সংযম্য য আস্তে মনসা স্মরন্
ইন্দ্রিয়ার্থান্ বিমূঢ়াত্মা মিথ্যাচারঃ স উচ্যতে॥২৬১॥

গীতা। ৩। ৬।

যে ব্যক্তি বাহিরে কর্ম্ম পরিত্যাগ করিয়া সন্ন্যাসী হয়, অথচ অন্তরে কেবল বিষয় চিন্তা করে, সেই নির্ব্বোধ মনুষ্যকে কপটাচারী বলা যায়।

তস্মাদসক্তঃ সততং কার্য্যং কর্ম্ম সমাচর।
অসক্তোহ্যাচরন্ কর্ম্ম পরমাপ্নোতি পূরুষঃ॥ ২৬২ ॥

গীতা। ৩। ১৯।

অতএব অনাসক্ত হইয়া সর্ব্বদা কর্ত্তব্য কর্ম্ম সম্পাদন কর। আসক্তি বিহীন হইয়া কর্ম্মানুষ্ঠান করিলে পরব্রহ্মকে লাভ করা যায়।

সক্তাঃ কর্ম্মণ্যবিদ্বাংসো যথা কুর্ব্বন্তি ভারত!।
কুর্য্যাদ্বিদ্বাংস্তথাসক্তশ্চিকীর্ষুর্লোকসংগ্রহম্॥ ২৬৩॥

গীতা। ৩।২৫।

মূঢ় লোকেরা যেমন আসক্ত হইয়া কার্য্য করে, জ্ঞানীও তদ্রূপ লোকশিক্ষার্থ অনাসক্ত চিত্তে কর্ম্মানুষ্ঠান করেন।

प्रकृतेः क्रियमाणानि गुणैः कर्म्माणि सर्व्वशः।
अहङ्कारविमूढ़ात्मा कर्त्ताहमिति मन्यते ॥ २৬৪ ॥

গীতা। ३। २৭।

অহঙ্কারী মূঢ়াত্মা ইন্দ্রিয়গণের দ্বারা চালিত হইয়া সর্ব্ব-প্রকারে সমুদায় কার্য্য করিয়া আমি কর্ত্তা ইহা মনে করে।

यस्य सर्व्वे समारम्भाः कामसंकल्पवर्ज्जिताः।
ज्ञानाग्नि दग्धकर्म्माणं तमाहुः पण्डितं बुधा॥२৬৫॥

গীতা। ४। ११९।

যাঁহার সমুদায় কার্য্য নিষ্কাম, পণ্ডিতেরা সেই তত্ত্বজ্ঞানী শুদ্ধচিত্ত ব্যক্তিকে পণ্ডিত বলেন।

त्यक्त्वा कर्म्मफलासङ्गं नित्यतृप्तोनिराश्रयः।
कर्म्मण्यभिप्रवृत्तोऽपि नैव किञ্चित् करोति सः॥२৬৬॥

গীতা। ४। २०

যিনি কর্ম্মফল ও আসক্তি পরিত্যাগ করিয়া নিত্যতৃপ্ত ও নিরাশ্রয় হয়েন, তিনি কার্য্যে প্রবৃত্ত থাকিলেও কার্য্য করেন না।

सर्व्वाणीन्द्रियकर्म्माणि प्राणकर्म्माणि चापरे।
आत्मसंयमयोगाग्नौ जुह्वति ज्ञानदीपिते ॥२৬৭॥

গীতা। ४। २৭।

সাধকগণ শারীরিক মানসিক সকল প্রকার কার্য্য জ্ঞান দ্বারা উজ্জ্বল আত্মসংযম ও যোগাগ্নিতে অর্পণ করেন।

নহি জ্ঞানেন সদৃশং পবিত্রমিহ বিদ্যতে ।
তৎ স্বয়ং যোগসংসিদ্ধঃ কালেনাত্মনি বিন্দতি॥২৬৮॥

গীতা । ৪ । ৩৮ ।

ব্রহ্ম জ্ঞানের সদৃশ পবিত্র পদার্থ আর কিছুই নাই। যোগী ব্যক্তি স্বয়ং কালসহকারে আত্মাতে সেই পুণ্য লাভ করেন।

শ্রদ্ধাবান্ লভতে জ্ঞানং তৎপরঃ সংযতেন্দ্রিয়ঃ ।
জ্ঞানং লব্ধ্বা পরাং শান্তিমচিরেণাধিগচ্ছতি॥২৬৯॥

গীতা । ৪ । ৩৯ ।

শ্রদ্ধাবান্ ও সংযতেন্দ্রিয় ব্যক্তি জ্ঞান লাভ করিয়া শীঘ্র পরম শান্তি প্রাপ্ত হয়েন।

যোগযুক্তো বিশুদ্ধাত্মা বিজিতাত্মা জিতেন্দ্রিয়ঃ ।
সর্ব্বভূতাত্মভূতাত্মা কুর্ব্বন্নপি ন লিপ্যতে ॥২৭০॥

গীতা । ৫ । ৭ ।

যোগী শুদ্ধচিত্ত বিজিতাত্মা জিতেন্দ্রিয় ব্যক্তি কার্য্য করিয়াও তাহাতে আসক্ত হয়েন না।

ব্রহ্মণ্যাধায় কর্ম্মাণি সঙ্গং ত্যক্ত্বা করোতি যঃ ।
লিপ্যতে ন স পাপেন পদ্মপত্রমিবাম্ভসা ॥ ২৭১ ॥

গীতা । ৫ । ১০ ।

যে ব্যক্তি আসক্তি পরিত্যাগ পূর্ব্বক ব্রহ্মেতে আত্মসমর্পণ করিয়া কর্ম্ম করে, জল যেমন পদ্মপত্রকে স্পর্শ করে না সে তদ্রূপ পাপে লিপ্ত হয় না।

কায়েন মনসা বুদ্ধ্যা কেবলৈরিন্দ্রিয়ৈরপি ।

যোগিনঃ কর্ম্ম কুর্ব্বন্তি সঙ্গং ত্যক্ত্বাত্মশুদ্ধয়ে ॥২৭২॥

গীতা । ৫ । ১১ ।

যোগিরা কেবল আত্মশুদ্ধির নিমিত্তই আসক্তি পরিত্যাগ করিয়া শরীর মন বুদ্ধি ও ইন্দ্রিয়াদির দ্বারা সমুদায় কর্ত্তব্য সমাধান করেন।

যুক্তঃ কর্ম্মফলং ত্যক্ত্বা শান্তিমাপ্নোতি নৈষ্ঠিকীং ।

অযুক্তঃ কামকারেণ ফলে সক্তোনিবধ্যতে ॥২৭৩ ॥

গীতা । ৫ । ১২ ।

যোগী ব্যক্তি কামনা পরিত্যাগ করিয়া নিত্য শান্তি লাভ করেন, আর ইন্দ্রিয়পরতন্ত্র ব্যক্তি ফলকামনায় কার্য্যে আবদ্ধ হয়।

ন প্রহৃষ্যেৎ প্রিয়ং প্রাপ্য নোদ্বিজেৎ প্রাপ্য চাপ্রিয়ম্ ।

স্থিরবুদ্ধিরসংমূঢ়ো ব্রহ্মবিৎ ব্রহ্মণি স্থিতঃ॥২৭৪॥

গীতা । ৫ । ২০ ।

স্থিরচিত্ত জ্ঞানী ব্রহ্মজ্ঞ ব্যক্তি প্রিয় বস্তুলাভ করিয়াও আনন্দিত হয়েন না ও অপ্রিয় বস্তু পাইয়াও উদ্বিগ্ন হয়েন না ; তিনি নিত্য ব্রহ্মেতেই অবস্থিতি করেন।

উদ্ধরেদাত্মনাত্মানং নাত্মানমবসাদয়েৎ ।

আত্মৈব হ্যাত্মনো বন্ধুরাত্মৈব রিপুরাত্মনঃ॥ ২৭৫॥

গীতা । ৬ । ৫ ।

বিবেক বুদ্ধি সহকারে আপনাকে সংসার হইতে উদ্ধার করিবেক, তাহাতে নিমগ্ন হইবেক না ; কারণ মনুষ্য আপনি আপনার বন্ধু আপনি আপনার শত্রু।

যোগী যুঞ্জীত সততমাত্মানং রহসি স্থিতঃ।
একাকী যতচিত্তাত্মা নিরাশীরপরিগ্রহঃ ॥২৩৬॥

গীতা। ৬। ১০।

যোগী ব্যক্তি সংযতচিত্ত নিরাকাঙ্ক্ষ ও নির্লোভী হইয়া নির্জনে একাকী অবস্থিতি করত সর্ব্বদা পরমাত্মার ধ্যান করেন।

তত্রৈকাগ্রং মনঃ কৃত্বা যতচিত্তেন্দ্রিয়ক্রিয়ঃ।
উপবিশ্যাসনে যুঞ্জ্যাৎ যোগমাত্মবিশুদ্ধয়ে ॥২৩৭॥

গীতা ।৬। ১২।

সংযতেন্দ্রিয় হইয়া পবিত্র স্থানে চিত্ত একাগ্র করিয়া আসনে উপবেশন করত আত্ম শুদ্ধির নিমিত্ত যোগ অভ্যাস করিবেক।

যথা দীপো নিবাতস্থো নেঙ্গতে সোপমা স্মৃতা।
যোগিনো যতচিত্তস্য যুঞ্জতো যোগমাত্মনঃ ॥২৩৮॥

গীতা। ৬। ১৯।

নির্ব্বাতদীপ যেমন স্থির ভাব অবলম্বন করে, তদ্রূপ সংযতচিত্ত ও পরমাত্মাধ্যানে নিমগ্ন যোগী ব্যক্তির আত্মা নিস্পন্দভাবে অবস্থিতি করে।

শনৈঃ শনৈরুপরমেদ্‌বুদ্ধ্যা ধৃতিগৃহীতয়া।
আত্মসংস্থং মনঃ কৃত্বা ন কিঞ্চিদপি চিন্তয়েৎ॥২৭৯॥

গীতা। ৬। ২৫।

ধারণা শক্তিদ্বারা চিত্তকে পরমাত্মাতে সংস্থাপন করিয়া অল্পে অল্পে তাঁহার আনন্দে নিমগ্ন হইবেক, আর কোন বিষয় চিন্তা করিবেক না।

যুঞ্জন্নেবং সদাত্মানং যোগী বিগতকল্মষঃ।
সুখেন ব্রহ্মসংস্পর্শমত্যন্তং সুখমশ্নুতে॥ ২৮০ ॥

গীতা। ৬। ২৮।

যোগী ব্যক্তি পরমাত্মার সহিত স্বীয় আত্মার সংযোগ পূর্ব্বক নিষ্পাপ হইয়া সুখে ব্রহ্মের স্পর্শসুখ সম্ভোগ করেন।

সর্ব্বভূতস্থমাত্মানং সর্ব্বভূতানি চাত্মনি।
ঈক্ষতে যোগযুক্তাত্মা সর্ব্বত্র সমদর্শিনঃ॥ ২৮১ ॥

গীতা। ৮। ২২।

যোগী ব্যক্তি সর্ব্বত্র সমদর্শী হইয়া সর্ব্বভূতে পরমাত্মাকে এবং পরমাত্মাতে সমুদায় প্রাণিকে সন্দর্শন করেন।

পুরুষঃ স পরঃ পার্থ! ভক্ত্যা লভ্যস্ত্বনন্যয়া।
যস্যান্তঃস্থানি ভূতানি যেন সর্ব্বমিদং ততং॥২৮২॥

গীতা। ১২। ১২।

যাঁহার মধ্যে সমুদায় প্রাণী বাস করিতেছে এবং যাঁহার দ্বারা সকল জগৎ ব্যাপ্ত হইয়া রহিয়াছে সেই সর্ব্বশ্রেষ্ঠ পুরুষ একান্ত ভক্তি দ্বারাই লভনীয়।

"सर्व्वतः पाणिपादन्तत् सर्व्वतोऽक्षिशिरोमुखं ।
सर्व्वतः श्रुतिमल्लोके सर्व्वमावृत्य तिष्ठति"॥ २८३ ॥

গীতা। ১৩। ১৩।

সর্ব্বত্র যাঁহার হস্ত পদ, সর্ব্বত্র যাঁহার চক্ষুঃ, সর্ব্বত্র যাঁহার শিরো মুখ ও সর্ব্বত্র যাঁহার কর্ণ; তিনি এই সংসারে সমুদায় আচ্ছাদন করিয়া অবস্থিতি করিতেছেন।

समं सर्व्वेषु भूतेषु तिष्ठन्तं परमेश्वरं ।
विनश्यत्स्वविनश्यन्तं यः पश्यति स पश्यति ॥२८४॥

গীতা। ১৩। ২৭।

যে ব্যক্তি পরমেশ্বরকে সর্ব্বভূতে সমভাবে অবস্থিত ও অনিত্য পদার্থের মধ্যে নিত্য বলিয়া দর্শন করে সে তাঁহাকে দেখিতে পায়।

त्रिविधं नरकस्येदं द्वारं नाशनमात्मनः ।
कामःक्रोधस्तथा लोभस्तस्मादेतत्त्रयं त्यजेत् ॥२८५॥

গীতা। ১৬। ২১।

কাম, ক্রোধ, লোভ এই তিনটি নরকের আত্মবিনাশক দ্বার স্বরূপ; অতএব এ তিনকেই পরিত্যাগ করিবেক।

मनःप्रसादः सौम्यत्वं मौनमात्मविनिग्रहः ।
भावसंशुद्धिरित्येतत्तपो मानसमुच्यते ॥ २८६ ॥

গীতা। ১৭। ১৬

মনের প্রসন্নতা, অক্রূরতা, মনন আত্মনিগ্রহ ও ভাবশুদ্ধি এই সকল মানসিক তপস্যার লক্ষণ জানিবে।

ত্বমক্ষরং পরমং বেদিতব্যং
ত্বমস্য বিশ্বস্য পরং নিধানং ॥
ত্বমব্যয়ঃ শাশ্বতধর্ম্মগোপ্তা
সনাতনস্ত্বং পুরুষোমতোমে ॥ ২৮৭ ॥

গীতা। ১১। ১৮।

তুমি অবিনশ্বর শ্রেষ্ঠ ও জ্ঞেয়, তুমিই এই বিশ্বের এক-মাত্র কারণ, তুমি অব্যয় ও নিত্য ধর্ম্মের রক্ষক; আমি তোমাকে সনাতন পুরুষ বলিয়া বিশ্বাস করি।

অনুক্রোশোহি সাধূনাং মহদ্ধর্ম্মস্য লক্ষণম্।
অনুক্রোশশ্চ সাধূনাং সদা প্রীতিং প্রযচ্ছতি ॥ ২৮৮॥

অনুশাসনপর্ব্ব । ৫ । ২৮ ।

সাধুগণের দয়াই ধর্ম্মের শ্রেষ্ঠ লক্ষণ, সাধুদিগের দয়াই সর্ব্বদা প্রেম দান করিয়া থাকে।

যাদৃশং বপতে বীজং ক্ষেত্রমাসাদ্য কর্ষকঃ।
সুকৃতে দুষ্কৃতে বাপি তাদৃশং দৃশ্যতে ফলং ॥ ২৮৯ ॥

অনুশা। ৬। ৩০।

কৃষক যাদৃশ বীজ বপন করে তদনুরূপ ফল লাভ করিয়া থাকে। অতএব সৎকর্ম্মে সুফল দুষ্কর্ম্মে মন্দফল দৃষ্ট হইয়া থাকে।

শুভেন কর্ম্মণা সৌখ্যং দুঃখং পাপেন কর্ম্মণা।
কৃতং ফলতি সর্ব্বত্র নাকৃতং ভুজ্যতে ক্বচিৎ॥২৯০॥

অনুশা। ৬। ৩৩।

শুভানুষ্ঠানে সুখ এবং পাপানুষ্ঠানে দুঃখ হয়। যাহা করা হয় সর্ব্বত্র তাহারই ফল ফলে, যাহা করা হয় নাই তাহা কখন ফলে না।

প্রাণাতিপাতঃ স্তৈন্যঞ্চ পরদার মথাপি বা।
ত্রীণি পাপানি কায়েন সর্ব্বতঃ পরিবর্জ্জয়েৎ॥২৯১॥

অনুশা। ১২। ৫৮৪।

প্রাণনাশ, চৌর্য্য, ও পরদার শরীর দ্বারা এই ত্রিবিধ পাপ সর্ব্বপ্রকারে পরিত্যাগ করিবেক।

অসৎ প্রলাপং পারুষ্যং পৈশুন্যমনৃতন্তথা।
চত্বারি বাচা রাজেন্দ্র! ন জল্পেন্নানুচিন্তয়েৎ॥২৯২॥

অনুশা। ১২। ৮৫৫।

হে রাজেন্দ্র! অসদালাপ, কঠোরতা, উগ্রভাব ও মিথ্যা বাক্য দ্বারা এই চতুর্ব্বিধ পাপের আলাপও করিবে না চিন্তাও করিবে না।

দানেন তপসা চৈব সত্যেন চ যুধিষ্ঠির!।
যে ধর্ম্মমনুবর্ত্তন্তে তে নরাঃ স্বর্গগামিনঃ॥২৯৩॥

অনুশা। ২২। ১৫৫৭।

হে যুধিষ্ঠির! যাঁহারা দান, তপস্যা ও সত্য সহকারে ধর্ম্মাচরণ করেন, তাঁহারা স্বর্গগামী হয়েন।

ক্ষমাবন্তশ্চ ধীরাশ্চ ধর্ম্মকার্য্যেষু চোত্থিতাঃ।
মঙ্গলাচারসম্পন্নাঃ পুরুষাঃ স্বর্গগামিনঃ॥২৯৪॥

অনুশা। ২২। ১৫৬০।

যাঁহারা ক্ষমাশীল, ধীর, ধর্ম্মকার্য্যে সমুন্নত, সদাচার-সম্পন্ন তাঁহারা স্বর্গগামী হয়েন।

सर्व्वहिंसानिवृत्ताश्च नराः सर्व्वसहाश्च ये।
सर्व्वस्याश्रयभूताश्च ते नराः स्वर्गगामिनः॥२८५॥

অনুশা। ২২। ১৬৬৪।

যাঁহারা সমুদায় হিংসা হইতে নিবৃত্ত, সকল সহ্য করিতে সমর্থ, ও সকলের আশ্রয় তাঁহারা স্বর্গগামী হয়েন।

मातरं पितरञ्चैव शुश्रूषन्ति जितेन्द्रियाः।
भ्रातृणाञ्च सस्नेहा स्तेनराः स्वर्गगामिनः॥२८६॥

অনুশা। ২২। ১৬৬৫।

যাঁহারা জিতেন্দ্রিয় হইয়া মাতা পিতার সেবা ও শুশ্রূষা করেন, ভ্রাতৃগণকে স্নেহ করেন, তাঁহারা স্বর্গগামী হয়েন।

आढ्याश्च बलवन्तश्च यौवनस्थाश्च भारत!।
ये वै जितेन्द्रिया धीरा स्ते नराः स्वर्गगामिनः॥२८७॥

অনুশা। ২২। ১৬৬৬।

যাঁহারা ধনী, বলবান্ ও যুবা হইয়াও জিতেন্দ্রিয় ও ধীর হয়েন তাঁহারা স্বর্গগামী হয়েন।

अपराद्धेषु सस्नेहा मृदवो मृदुवत्सलाः।
आराधनसुखाश्चापि पुरुषाः स्वर्गगामिनः॥२८८॥

অনুশা। ২২। ১৬৬৭।

যাঁহারা অপরাধীর প্রতি সদয় কোমল ও মৃদুবৎসল এবং যাঁহারা ব্রহ্মের আরাধনায় সুখী হয়েন তাঁহারা স্বর্গগামী হয়েন।

সত্যমাহুঃ পরোধর্ম্মস্তস্মাৎ সত্যং ন লঙ্ঘয়েৎ।
মুনয়ঃ সত্যনিরতাঃ মুনয়ঃ সত্যবিক্রমাঃ ॥২৯৯॥

অনুশা। ২৬। ২৬৫৪।

সত্যই শ্রেষ্ঠ ধর্ম্ম অতএব সত্যকে উল্লঙ্ঘন করিবেক না, মুনিগণ সত্যানুরাগী, সত্যই তাঁহাদের বল বীর্য্য।

মৃতং শরীরমুৎসৃজ্য কাষ্ঠলোষ্ট্রসমং জনাঃ।
গচ্ছন্ত্য মুত্রলোকে বৈ ক এনমনুগচ্ছতি ॥ ৩০০ ॥

অনুশা। ১১১। ৫৩৯৯।

মানবগণ কাষ্ঠলোষ্ট্রের তুল্য মৃত শরীর পরিত্যাগ করিয়া পরলোকে গমন করে; কে আর তাহার অনুগমন করিতে পারে?

স্বমাংসং পরমাংসেন যো বর্দ্ধয়িতুমিচ্ছতি।
নাস্তি ক্ষুদ্রতরস্তস্মাৎ সুনৃশংসতরো নরঃ ॥৩০১ ॥

অনুশা। ১১৬। ৫৫৯০।

যে পরমাংস ভক্ষণ করিয়া আপন দেহের পুষ্টিসাধন করিতে চায়, তাহার অপেক্ষা ক্ষুদ্রতর ও নৃশংস ব্যক্তি আর কুত্রাপি নাই।

ন হি প্রাণাৎ প্রিয়তরং লোকে কিঞ্চন বিদ্যতে।
তস্মাদ্দয়াং নরঃকুর্য্যাদ্যথাত্মনি তথা পরে ॥ ৩০২ ॥

অনুশা। ১১৬। ৫৬৯১।

ইহলোকে প্রাণ হইতে প্রিয়তর পদার্থ আর কিছুই নাই, অতএব আপনার ন্যায় ইতর প্রাণির প্রতি মনুষ্যের দয়া করা কর্ত্তব্য।

যত্ সর্ব্বেষ্বিহ ভূতেষু দয়া কৌরবনন্দন ।।
ন ভয়ং বিদ্যতে জাতু নরস্যেহ দয়াবতঃ ॥২০৩॥

অনুশা । ১১১ । ৫৬৯৯ ।

হে কৌরবনন্দন যুধিষ্ঠির! এই পৃথিবীতে যাহার সমুদায় প্রাণির প্রতি দয়া আছে, সেই দয়াবান্ ব্যক্তির কদাচ ভয় হয় না।

অভয়ং সর্ব্বভূতেভ্যো যো দদাতি দয়াপরঃ ।
অভয়ং সর্ব্বভূতানি দদতীত্যনুশুশ্রুম ॥২০৪॥

অনুশা। ১১৬ । ৫৭০২ ।

যে দয়ালু ব্যক্তি তাবৎ প্রাণিকে অভয় দান করে শুনিয়াছি প্রাণিপুঞ্জও তাঁহাকে প্রত্যুতঃ অভয় দান করিয়া থাকে।

প্রাণদানাত্ পরং দানং ন ভূতং ন ভবিষ্যতি ।
ন হ্যাত্মনঃ প্রিয়তরং কিঞ্চিদস্তীহ নিশ্চিতম্॥২০৫॥

অনুশা। ১১৬ ৫৭০৫।

প্রাণ দান হইতে আর শ্রেষ্ঠ দান হয় নাই ও হইবে না। অতএব ইহা অপেক্ষা আর পৃথিবীতে নিশ্চয় কিছুই প্রিয়তর নাই।

অহিংসা পরমোধর্ম্ম স্তথাঽহিংসা পরোদমঃ।
অহিংসা পরমং দানমহিংসা পরমং তপঃ। ॥২০৬॥

অহিংসা পরমো ধর্ম্মস্তথাহিংসা পরমং বলম্।
অহিংসা পরমং মিত্রমহিংসা পরমং সুখম্।
অহিংসা পরমং সত্যমহিংসা পরমং শ্রুতম্ ॥৩০৭॥

অনুশা। ১১৬। ৭৩১৭। ১৮। ১৯।

অহিংসাই পরম ধর্ম্ম, অহিংসাই একমাত্র ইন্দ্রিয়দমন, অহিংসাই শ্রেষ্ঠ দান ও অহিংসা উৎকৃষ্ট তপস্যা, অহিংসাই পরম যজ্ঞ ও অহিংসাই সর্ব্বোচ্চ বল, অহিংসাই পরম বন্ধু ও অহিংসাই পরম সুখ, অহিংসাই পরম সত্য ও অহিংসাই পরম শাস্ত্র।

পিশুনাং যে ন ভাষন্তে মিত্রভেদকরীং গিরং।
ঋতং মৈত্রন্তু ভাষন্তে তে নরাঃ স্বর্গগামিনঃ ॥৩০৮॥

অনুশা। ১৪৪। ৬৬৪৬।

যাঁহারা কঠোর এবং বন্ধু বিচ্ছেদ কর বাক্য না বলেন, কিন্তু বন্ধুতাজনক সত্য বাক্য বলেন তাঁহারা স্বর্গ গামী হয়েন।

শত্রুং মিত্রঞ্চ যে নিত্যং তুল্যেন মনসা গিরা।
ভজন্তি মৈত্রা সঙ্গম্য তে নরাঃ স্বর্গগামিনঃ॥৩০৯॥

অনুশা। ১৪৪। ৬৬৭৩।

যে সকল ব্যক্তি প্রীতি সহকারে মিলিত হইয়া নিত্য বাক্য ও মনে সমভাবে শত্রু ও মিত্রের সেবা করে, তাহারা স্বর্গগামী হয়।

শ্বশ্রূশ্বশুরয়োঃ পাদৌ তোষয়ন্তি গুণান্বিতা ।
মাতা পিতৃপরা নিত্যং যা নারী সা তপোধনা॥২১০॥

অনুশা । ১৪৬। ৬৩৬৫ ।

যে গুণসম্পান্না নারী শ্বশ্রূ ও শ্বশুরের সেবা করেন ও মাতা পিতাকে নিত্য ভক্তি করেন, তিনিই তপস্যাচরণ করেন ।

ব্রতং চরতি যা নিত্যং দুশ্চরং লঘু সত্বরা ।
পতিচিত্তা পতিহিতা সা পতিব্রতভাগিনী॥ ২১১॥

অনুশা । ১৪৬ । ৬৩৬৩ ।

যে নারী পতির প্রতি অনুরক্তা ও মঙ্গলাকাঙ্ক্ষিণী হইয়া আত্মাকে সংযত করত নিত্য দুশ্চর ব্রত আচরণ করেন, তিনিই ব্রত ভাগিনী হয়েন ।

পুণ্যমেতত্তপশ্চৈব স্বর্গশ্চৈব সনাতনং ।
যা নারী ভর্ত্তৃপরমা ভবেৎ ভর্ত্তৃব্রতা সতী ॥ ২১২॥

অনুশা । ১৪৬ ৬৩৬৮ ।

যে সতী স্ত্রী স্বামীর প্রতি ভক্তি করেন এবং স্বামীর ব্রতই যাঁহার একমাত্র ব্রত, তাঁহার সেই ভক্তি ও ব্রতই তাঁহার পক্ষে তপস্যা, পুণ্য ও স্বর্গ ।

অনন্যচিত্তা সুমুখী সা নারী ধর্ম্মচারিণী ।
পরুষাণ্যপি নোক্তা যা দৃষ্টা দুষ্টেন চক্ষুষা ॥২১৩ ॥

অনুশা । ১৪৬ । ৬৩৫৫ ।

যে অনন্যমনা নারী স্বামী ক্রুদ্ধ চক্ষুতে দেখিলেও তাঁহাকে কঠোর কথা বলেন না, তিনিই ধর্ম্মাচরণ করেন ।

ভর্ত্তৃপূজ্যা বরারোহা সা ভবেদ্ধর্ম্মচারিণী।
দরিদ্রং ব্যাধিতং দীনমধ্বনা পরিকর্ষিতং॥ ২১৪ ॥

অনুশা। ১৬৪।৫৩৮৩।

যে নারী স্বামির শ্রদ্ধাভাজন এবং দরিদ্র, রোগী ও দীন-গণকে স্বহস্তে সেবা করেন, তিনিই ধর্ম্মাচরণ করেন।

পতিব্রতা পতিপ্রাণা সা নারী ধর্ম্মভাগিনী।
শুশ্রূষাং পরিচর্য্যাঞ্চ করোত্যবিমনাঃ সদা ॥২১৫॥

অনুশা। ১৪৬। ৬৩৮৯।

যে নারী পতিব্রতা পতিপ্রাণা এবং সর্ব্বদা সন্তুষ্টচিত্তে পতির সেবা ও শুশ্রূষায় তৎপর, সেই নারীই ধর্ম্মভাগিনী হয়েন।

সুপ্রীতাচ বিনীতা চ যা নারী ধর্ম্মভাগিনী।
বিভক্তান্নপ্রদানেন কুটুম্বঞ্চৈব নিত্যদা॥ ২১৬ ॥

অনুশা।১৪৬। ৬৩৯০।

যে নারী অতিশয় স্নেহবতী ও বিনীত এবং নিত্য অন্ন-দান করিয়া কুটুম্বদিগকে প্রতিপালন করেন, সেই নারীই ধর্ম্ম-ভাগিনী হয়েন।

যা সাধ্বী নিয়তাচারা সা ভবেদ্ধর্ম্মচারিণী।
শ্রুত্বা দম্পতিধর্ম্মং বৈ সহধর্ম্মকৃতং শুভম্ ॥২১৭॥

অনুশা। ১৪৬। ৬৩৯২।

যে সাধ্বী স্ত্রী সদাচারা হইয়া দম্পতি ধর্ম্ম শ্রবণ পূর্ব্বক উত্তমরূপ তদ্ধর্ম্ম সাধন করিয়াছেন, তিনিই ধর্ম্মচারিণী হয়েন।

শুশ্রূষাং পরিচর্য্যাঞ্চ দেবতুল্যং প্রকুর্ব্বতী।
বশ্যাভাবেন সুমনাঃ সুব্রতা সুখদর্শনা॥ ২১৮॥

অনুশা। ১৪৬। ৬৩৮৪।

সদাচারা প্রিয়দর্শনা নারী সন্তুষ্টচিত্তে স্বামির অধীন হইয়া তাঁহার সেবা শুশ্রূষায় নিযুক্তা থাকেন।

জ্ঞানপূর্ব্বং কৃতং কর্ম্ম চ্ছাদয়ন্তে হ্যসাধবঃ।
ন মাং মনুষ্যাঃ পশ্যন্তি ন মাং পশ্যন্তি দেবতাঃ॥২১৯॥

অনুশা। ১৬২। ৭৫৮৮।

অসাধু লোকেরা জ্ঞাতসারে পাপাচরণ করিয়া গোপন করে, এবং মনে করে যে মনুষ্যেরা আমাকে দেখিতেছে না, দেবতারাও দেখিতেছেন না।

প্রায়শ্চিত্তকৃতং পাপং তথা সদ্যঃ প্রণশ্যতি।
তস্মাৎ পাপং ন গূহেত গূহমানং বিবর্দ্ধতে॥ ২২০॥

অনুশা। ১৬২। ৭৫৮৯।

সেই রূপ প্রায়শ্চিত্ত করিলে পাপ সদ্যই বিনষ্ট হয়। অতএব পাপ গোপন করিবেক না, কারণ পাপ গোপন করিলে উহা দিন দিন বৃদ্ধি পাইতে থাকে।

তমেব চার্চ্চয়ন্নিত্যং ভক্ত্যা পুরুষমব্যয়ম্।
ধ্যায়ন্ স্তুবন্নমস্যংশ্চ যজমানস্তমেব চ।
লোকাধ্যক্ষং স্তুবন্নিত্যং সর্ব্বদুঃখাতিগো ভবেৎ॥২২১॥

অনুশা। ২৪৯। ৬৯৫০।

সেই অবিনাশী নিত্য লোকাধিপতি পরমেশ্বরকে ভক্তি সহকারে নিত্য অর্চ্চনা ধ্যান স্তব নমস্কার ও সেবা করিয়া মনুষ্য সকল দুঃখ হইতে নিষ্কৃতি লাভ করেন।

সংযতঃ সততং যুক্ত আত্মবান্ বিজিতেন্দ্রিয়ঃ।
তথা চ আত্মনাত্মানং সম্প্রযুক্তঃ প্রপশ্যতি ॥ ২২২ ॥

আশ্বমেধিক পর্ব্ব। ১৯। ৫৫১।

ব্রহ্মজ্ঞ জিতেন্দ্রিয় ব্যক্তি সর্ব্বদা সংযত থাকিয়া যোগী হয়েন, এবং তিনি সমাহিত হইয়া আত্মাতে পরমাত্মাকে দর্শন করেন।

জীবিতং মরণঞ্চোভে সুখদুঃখে তথৈব চ।
লাভালাভে প্রিয়দ্বেষ্যে যঃ সমঃ স চ মুচ্যতে ॥২২৩॥

আশ্ব। ১৯। ৫৫২।

যিনি জীবন মরণে, সুখ দুঃখে, লাভালাভে, প্রিয় অপ্রিয় বিষয়ে সমান থাকেন, তিনিই মুক্ত হয়েন।

ন চক্ষুষা ন মনসা ন বাচা দূষয়েৎ ক্বচিৎ।
ন প্রত্যক্ষং পরোক্ষং বা কিঞ্চিদ্দুষ্টং সমাচরেৎ ॥২২৪॥

আশ্ব। ১৪৫। ১২০১।

চক্ষুঃ দ্বারা মনের দ্বারা ও বাক্য দ্বারা কখন দূষিত কার্য্য করিবেক না এবং প্রত্যক্ষে বা পরোক্ষে কোনরূপ অসদাচরণ করা বিধেয় নহে।

নিরাশী নির্গুণঃ শান্তো নিরাসক্তো নিরাশ্রয়ঃ।
আত্মসঙ্গী চ তত্ত্বজ্ঞো মুচ্যতে নাত্রসংশয়ঃ ॥৩২৫॥

আশ্ব। ৪৬। ১৩০২।

নিস্পৃহ, নির্গুণ, শান্ত, নির্ভয়চিত্ত, নিরাশ্রয় ও ঈশ্বরের অনুচর তত্ত্বজ্ঞ ব্যক্তি নিশ্চয়ই মুক্তি লাভ করেন।

জ্ঞানেন তপসা চৈব ধীরাঃ পশ্যন্তি তৎপরং।
নির্লিপ্তমনসঃ পূতা ব্যুৎক্রান্তরজসোঽমলাঃ॥৩২৬॥

আশ্ব। ৪৭। ১৩১৩।

নির্লিপ্ত পবিত্র অক্রোধী শুদ্ধ ধীর ব্যক্তিগণ জ্ঞান ও তপস্যা দ্বারা পরব্রহ্মকে দর্শন করেন।

ধ্যানযোগেন শুদ্ধেন নির্ম্মমানিরহঙ্কৃতাঃ।
আপ্নুবন্তি মহাত্মানো মহান্তং লোকমুত্তমম্॥৩২৭॥

আশ্ব। ৫১। ১৪৪৬।

নিরহঙ্কারী মহাত্মারা বিশুদ্ধ ধ্যানযোগে নির্ম্মল হইয়া মহান্ সর্ব্বোচ্চ লোক প্রাপ্ত হয়েন।

বিমুক্তঃ সর্ব্বসংস্কারৈস্ততো ব্রহ্ম সনাতনং।
পরমাপ্নোতি সংশান্তমচলং নিত্যমক্ষরম্ ॥ ৩২৮ ॥

আশ্ব। ৫৩। ১৪৪৬।

সকল প্রকার অজ্ঞানতা হইতে বিমুক্ত হইলে শান্ত অচল নিত্য অবিনাশী পরব্রহ্মকে প্রাপ্ত হওয়া যায়।

ध्यानाध्यायेन युक्ताश्च यान्ति वर्त्मनि संस्थिताः ।
शान्तिं ते परमामाशु लभन्ते नात्र संशयः॥২২৯॥

হরিবংশ পর্ব্বণি । ১৯ । ১০২০ ।

শাস্ত্রজ্ঞ বিষয়বিরাগ যোগিরা অচিরাৎ নিশ্চয় পরম শান্তি লাভ করেন।

आश्चर्यं भगवानेको धन्यश्च जगतोगुरुः ।
न किञ्चिदन्यत् पश्यामि भूतं यद्भवतासमम्॥২৩০॥

হরি । ১৯৯।৫৬৫৪।

আশ্চর্য্য একমাত্র জগদ্‌গুরু পরমেশ্বর আপনি ধন্য। আমি আর কাহাকেও আপনার সমান দেখিব না।

চতুর্থো ঽধ্যায়ঃ ।

सञ्चितस्यापि महतो वत्स ! क्लेशेन मानवैः ।
यशसस्तपसश्चैव क्रोधोनाशकरः परः ॥ ২৩১ ॥

বিষ্ণু পুরাণম্ । ১ । ১ । ২২ ।

মানবগণ বহুক্লেশে যে অসামান্য যশঃ ও তপস্যা সঞ্চয় করে ক্রোধ তাহা অল্পকালের মধ্যেই বিনষ্ট করে।

स्वर्गापवर्गव्यासेधकारणं परमर्षयः ।
वर्ज्जयन्ति सदा क्रोधं तात ! मा तद्वशो भव॥২৩২॥

বিষ্ণুপু । ১ । ১ । ২৩ ।

ক্রোধ স্বর্গ ও মোক্ষের প্রতিবন্ধক স্বরূপ, সুতরাং মহর্ষিরা সর্ব্বদা তাহা পরিত্যাগ করিয়া থাকেন। অতএব বৎস! সেই ক্রোধের বশীভূত হইও না।

সর্ব্বত্রাসৌ সমস্তঞ্চ বসত্যত্রেতি বৈ যতঃ।
ততঃ স বাসুদেবেতি বিদ্বদ্ভিঃ পরিপঠ্যতে॥ ২২২॥

বিষ্ণুপু। ১। ২। ১১।

সেই ব্রহ্ম এই জগতের সকল স্থানে ও সমুদায় বস্তু তাঁহাতে বাস করে বলিয়া জ্ঞানিরা তাঁহাকে বাসুদেব বলিয়া থাকেন।

পরমার্থস্ত্বমেবৈকোনান্যোঽস্তি জগতঃ পতে!।
তবৈষ মহিমা যেন ব্যাপ্তমেতচ্চরাচরম্॥ ২২৪॥

বিষ্ণুপু ১।৪।২৮।

হে জগৎপতে! এক তুমিই পরমার্থস্বরূপ অন্য আর কেহই নাই। তোমার মহিমা দ্বারাই এই চরাচর জগৎ ব্যাপ্ত রহিয়াছে।

শাস্তা বিষ্ণুরশেষস্য জগতোযো হৃদি স্থিতঃ।
তমৃতে পরমাত্মানং তাত! কঃ কেন শাস্যতে॥২২৫॥

বিষ্ণুপু। ১। ১৭। ২০

যিনি অখিল জগতের জ্ঞানদাতা, এবং যিনি নিরন্তর হৃদয়ে অবস্থিতি করিতেছেন, সেই পরমাত্মা ব্যতিরেকে আর কে জ্ঞানদান করিতে সমর্থ হয়?

পাপেঽপ্যপাপঃ পরুষেঽপ্যভিধত্তে প্রিয়াণি যঃ ॥
মৈত্রীদ্রবান্তঃকরণস্তস্য মুক্তিঃ করে স্থিতা ॥২২৭॥

বিষ্ণু। পু। ১। ১৩। ২২।

অনিষ্ট করিলেও যিনি তাহার অনিষ্ট করেন না, কর্কশ বলিলেও প্রিয়ই বলেন, প্রীতিতে যাঁহার অন্তঃকরণ সর্ব্বদা দ্রব থাকে, মুক্তি তাঁহার করস্থ।

ভয়ং ভয়ানামপহারিণি স্থিতে
মনস্যনন্তে মম কুত্র তিষ্ঠতি।
যস্মিন্ স্মৃতে জন্মজরান্তকাদি
ভয়ানি সর্ব্বাণ্যপযান্তি তাত! ॥ ২২৮ ॥

বিষ্ণু পু। ১। ১৩। ২৫।

হে তাত! যাঁহাকে স্মরণ জন্য জরা ও মৃত্যু প্রভৃতি সমুদায় ভয় নিরাকৃত হয়, সেই ভয়াপহারী অনন্ত পরমেশ্বর হৃদয়ে অবস্থিতি করিলে আর ভয়ের সম্ভাবনা কি?

আয়াসঃ স্মরণে কোঽস্য স্মৃতো যচ্ছতি শোভনম্।
পাপক্ষয়শ্চ ভবতি স্মরতাং তমহর্নিশম্ ॥ ২২৯ ॥

বিষ্ণু পু। ১। ১৩। ৩৮।

ইহাঁকে স্মরণ করিতে আয়াস কি, স্মরণ করিলেই মঙ্গল লাভ হয়। যে ব্যক্তি দিবানিশি তাঁহাকে স্মরণ করে, তাহার সমুদায় পাপক্ষয় হইয়া যায়।

সর্ব্বভূতস্থিতে তস্মিন্ মতির্মৈত্রী দিবানিশম্।
ভবতাং জায়তামেবং সর্ব্বক্লেশান্ প্রহাস্যথ। ২৪০।

বিষ্ণু পু। ১। ১৭। ৭৯।

সকল প্রাণির হৃদয়বাসী পরমেশ্বরে চিত্ত সমাধান কর, ও সকলের প্রতি মৈত্র ব্যবহার কর। এইরূপ করিয়া তোমাদের সকল প্রকার দুঃখ দূর হইবে।

তস্মিন্ প্রসন্নে কিমিহাস্ত্যলভ্যং
ধর্ম্মার্থকামৈরলমল্পকাস্তে।
সমাশ্রিতাদ্ব্রহ্মতরোরনন্তা-
ন্নিঃসংশয়ং প্রাপ্স্যথ বৈ মহৎ ফলম্॥ ২৪১॥

বিষ্ণু পু। ১।১৭। ৯১।

তিনি যদি তোমাদিগের প্রতি প্রসন্ন হন, এ সংসারে তোমাদের কি আর অলভ্য থাকিবে? ধর্ম্মার্থকামে কি হইবে, তৎসমুদায় অতি অকিঞ্চিৎকর। তোমরা যদি অনন্ত ব্রহ্মতরুর আশ্রয় গ্রহণ কর, নিঃসংশয় তোমরা মহৎফল লাভ করিবে।

কঃ কেন হন্যতে জন্তুর্জন্তুঃ কঃ কেন রক্ষ্যতে।
হন্তি রক্ষতি চৈবাত্মা হ্যসৎ সাধু সমাচরন্॥ ২৪২॥

বিষ্ণু পু। ১। ১৮। ২৯

কে কাহাকে বিনাশ করে, কে কাহাকে রক্ষা করে, আত্মাই সাধু বা অসাধু আচরণ করিয়া আপনাকে বিনাশ বা রক্ষা করে।

ত্বয্যস্তি ভগবান্ বিষ্ণুর্ময়ি চান্যত্র চাস্তি সঃ।
যতস্ততোঽয়ং মিত্রং মে শত্রুশ্চেতি পৃথক্ কুতঃ॥২৪৪॥

বিষ্ণু পু। ১। ১৯। ३৮।

যখন সর্ব্বব্যাপী পরমেশ্বর তোমার মধ্যে আমার মধ্যে ও আর আর সমুদায় পদার্থের অভ্যন্তরে বর্ত্তমান রহিয়াছেন, তখন এ আমার মিত্র, এ আমার শত্রু এইরূপ পৃথক্ ব্যবস্থা কিরূপে হইতে পারে ?

ধর্ম্মার্থকামৈঃ কিং তস্য মুক্তিস্তস্য করে স্থিতা।
সমস্ত জগতাং মূলে যস্য ভক্তিঃ স্থিরা ত্বয়ি॥২৪৫॥

বিষ্ণু পু। ১। ২০। ২৭।

প্রভো! তুমিই সমুদায় জগতের মূল। তোমার প্রতি যাহার অচলা ভক্তি আছে, তাহার ধর্ম্মার্থ কামে কি প্রয়োজন? কারণ মুক্তি তাঁহার করস্থ।

একো ব্যাপী সমঃ শুদ্ধো নির্গুণঃ প্রকৃতেঃ পরঃ।
জন্মবৃদ্ধ্যাদিরহিত আত্মা সর্ব্বগতোঽব্যয়ঃ॥২৪৬॥

বিষ্ণু পু। ২।১৪। ২৯।

সেই পরমেশ্বর এক, সর্ব্বব্যাপী, অপরিবর্ত্তনীয়, নির্ম্মল, পরিমিত, গুণহীন, প্রপঞ্চাতীত, জন্ম ও হ্রাস বৃদ্ধি রহিত, সর্ব্বগত, অবিনাশী ও চৈতন্য স্বরূপ।

যথামৃতেন তৃপ্তস্য পয়সা কিম্প্রয়োজনম্ ।
এবং তৎ পরমং জ্ঞাত্বা বেদে নাস্তি প্রয়োজনম্॥২৪৭॥

ব্রহ্মাণ্ডপুরাণম্ ভ,গী । ১। ২১ ।

যেমন অমৃত পান করিলে জলের প্রয়োজন থাকে না, তদ্রূপ সেই পরব্রহ্মকে জানিলে আর বেদের আবশ্যক করে না।

অদৃশ্যে ভাবনা নাস্তি দৃশ্যমেতদ্বিনশ্যতি ।
অবর্ণমীশ্বরং ব্রহ্ম কথং ধ্যায়ন্তি যোগিনঃ॥২৪৮॥
ঊর্দ্ধপূর্ণমধঃপূর্ণং মধ্যপূর্ণং যদাত্মকম্ ।
সর্ব্বপূর্ণং স আত্মেতি সমাধিস্থস্য লক্ষণং॥২৪৯॥

ব্রহ্ম পু । ১ । ২৫ । ২৬ ।

অদৃশ্য বস্তুর চিন্তা হইতে পারে না, দৃশ্য বস্তুও বিনষ্ট হয়। অতএব যোগিগণ সেই বর্ণহীন পরব্রহ্মকে কিরূপে ধ্যান করেন? সেই চিৎস্বরূপ পরমেশ্বর উর্দ্ধে পরিপূর্ণ, অধোতে পরিপূর্ণ, মধ্যে পরিপূর্ণ, সকলই পূর্ণ করিয়া অবস্থিতি করিতেছেন, ঈশ্বরে চিত্ত সমাধানের ইহাই লক্ষণ জানিবে।

সকৃৎ যদ্দর্শিতং রূপমেতৎ কামায় তেঽনঘ ! ।
মৎকামঃ শনকৈঃ সাধুঃ সর্ব্বান্ মুঞ্চতি হৃচ্ছয়ান্॥২৫০॥

শ্রীমদ্ভাগবতম্ ১ । ২ । ২১ ।

ঈশ্বর বলিতেছেন, তবে যে আমি একবার আমার রূপ প্রদর্শন করিয়াছি তাহা কেবল তোমার অনুরাগ বৃদ্ধির জন্য।

কারণ সাধুব্যক্তি আমার প্রতি ভক্তিমান্ হইয়া অন্নে অন্নে সমুদায় পাপ পরিত্যাগ করে।

पिबन्ति ये भगवत आत्मनः सतां

कथामृतं श्रवणपुटेषु सम्भृतं।

पुनन्ति ते विषयविदूषिताशयं

व्रजन्ति तच्चरणसरोरुहान्तिकं ॥ ২৫১ ॥

ভা । ২ । ২ । ৩৭ ।

যাঁহারা ভক্তগণের সঙ্গে বসিয়া পরমাত্মার কথামৃত পান করেন, তাঁহারা আপনাদের বিষয়কলুষিত চিত্তকে পবিত্র করেন এবং তাঁহার চরণারবিন্দ লাভ করেন।

यच्छ्रद्धया श्रुतवत्या च भक्त्या

संमृज्यमाने हृदयेऽवधाय।

ज्ञानेन वैराग्यबलेन धीरा:

व्रजेम तत्तेऽङ्घ्रिसरोजपीठम् ॥ ২৫২ ॥

ভা । ३ । ২৫ । ২০ ।

ধীর ব্যক্তিরা ঈশ্বরকে শ্রদ্ধা জ্ঞান ও ভক্তি সহকারে অন্বেষণপূর্ব্বক হৃদয়ে প্রতীতি করিয়া জ্ঞানবৈরাগ্যবলে তাঁহার চরণপদ্ম লাভ করেন।

तितिक्षवः कारुणिकाः सुहृदः सर्व्वदेहिनां।

अजातशत्रवः शान्ताः साधवः साधुभूषणाः ॥২৫৩ ॥

ভা । ३ । ২৫ । ২১ ।

সদ্গুণ পরিপূর্ণ সাধুগণ সহিষ্ণু, দয়াবান্, সকলের সুহৃদ্, শত্রুবিহীন এবং শান্ত হয়েন।

तस्मिन् प्रत्यगात्मानं धिया योगप्रवृत्तया।

भक्त्या विरक्त्या ज्ञानेन विविच्यात्मनि चिन्तयेत्॥२५४॥

ভা। ३। २७। ४।

যোগযুক্ত বুদ্ধি, ভক্তি, বৈরাগ্য ও জ্ঞান দ্বারা আত্মাতে পরমাত্মাকে পৃথক্‌রূপে চিন্তা করিবেক।

अतएव शनैश्चित्तं प्रसक्तमसतां पथि।

भक्तियोगेन तीव्रेण विरक्त्या च नयेत् वशम्॥२५५॥

ভা। ४। ७। ३०।

অতএব গাঢ়ভক্তিযোগে ও বৈরাগ্য সহকারে অসৎপথাবলম্বী সংসারাসক্তচিত্তকে অল্পে অল্পে বশীভূত করিবেক।

यस्य यद्दैवविहितं स तेन सुखदुःखयोः।

आत्मानं तोषयन् देही तमसः पारमृच्छति॥२५६॥

ভা। ४। ७। ३०।

ঈশ্বর যাহাকে যাহা দান করিয়াছেন তদ্দ্বারা সুখ দুঃখের মধ্যে আপনাকে সন্তুষ্ট রাখিলে মনুষ্য মুক্তি লাভ করে।

सत्यं दिशत्यर्थितमर्थितो नृणां

नैवार्थदो यत् पुनरर्थिता यतः।

स्वयं विधत्ते भजतामनिच्छता-

मिच्छापिधानम् निजपादपल्लवम्॥२५७॥

ভা। ५। १९। २७

ঈশ্বর মনুষ্যগণের প্রার্থিত বিষয় অর্পণ করেন, একথা সত্য, কিন্তু তিনি ভক্তগণকে সামান্য বিষয় দেন না, কেন না তাহা পাইয়া প্রার্থনার নিবৃত্তি হয় না। সমুদায় কামনা পরিশূন্য হইয়া যাহারা তাঁহাকে ভজনা করে, তাহাকে তিনি স্বয়ং সমুদায় অভিলাষের পরিসমাপ্তিকর নিজপাদপল্লব প্রদান করিয়া থাকেন।

তপসা ব্রহ্মচর্য্যেণ শমেন চ দমেন চ।
ত্যাগেন সত্যশৌচাভ্যাং যমেন নিয়মেন চ।
দেহবাগ্‌বুদ্ধিজং ধীরা ধর্ম্মজ্ঞাঃ শ্রদ্ধয়ান্বিতাঃ।
ক্ষিপন্ত্যঘং মহদপি বেণুগুল্মমিবানলঃ॥৩৫৮॥

ভা। ৬। ২৬। ১২।

অনল যেরূপ বেণুগুল্ম দগ্ধ করে, তদ্রূপ ধীরেরা শ্রদ্ধাবান্ হইয়া তপ, ব্রহ্মচর্য্য, শান্তি, ইন্দ্রিয়দমন, ত্যাগ, সত্য, শুদ্ধতা, আত্মসংযম ও নিয়ম দ্বারা শারীরিক, বাচনিক ও মানসিক মহৎ পাপ পরিত্যাগ করেন।

তৈস্তান্যঘানি পূয়ন্তে তপোদানব্রতাদিভিঃ।
নাধর্ম্মজং তদ্‌হৃদয়ং তদপীশাঙ্ঘ্রিসেবয়া॥৩৫৯॥

ভা। ৬। ২। ১৭।

সাধকগণ তপ দান ও ব্রতাদি দ্বারা দূষিত কার্য্যকে পবিত্র করেন, কিন্তু কলুষিত হৃদয়কে পবিত্র করিতে পারেন না, তাহা কেবল ঈশ্বরের পদ সেবাতেই পবিত্র হইয়া থাকে।

এতাবানেব লোকেঽস্মিন্ পুংসাং ধর্ম্মঃ পরঃ স্মৃতঃ।

ভক্তিযোগো ভগবতি তন্নামগ্রহণাদিভিঃ ॥ ২৬০॥

ভা। ৬। ৩। ২২।

পরমেশ্বরের নাম গ্রহণাদির দ্বারা তাঁহাতে ভক্তিযোগই এ সংসারে মনুষ্যগণের পরমধর্ম্ম।

কর্ম্মণা মনসা বাচা সর্ব্বভূতেষু সৌহৃদং।

বিদ্যাবিবেকসম্পন্নাঃ শীলমেতদ্বিদুর্বুধাঃ ॥ ২৬১ ॥

ভা। ৫। ৫। ২৫।

ব্রহ্মজ্ঞান ও বিবেকসম্পন্ন পণ্ডিতগণ কায়মনোবাক্যে সর্ব্বভূতের প্রতি বন্ধুতাব্যবহারকে শীল বলিয়া জানেন।

সত্যব্রতং সত্যপরং ত্রিসত্যং

সত্যস্য যোনিং নিহিতঞ্চ সত্যে।

সত্যস্য সত্যমৃতসত্যনেত্রং

সত্যাত্মকং ত্বাং শরণং প্রপন্নাঃ ॥ ২৬২ ॥

ভা। ১০। ২। ২৬।

তুমিই সত্য সংকল্প, তুমি সত্যশ্রেষ্ঠ ও ভূত ভবিষ্যৎ বর্ত্তমানেও সত্য, তুমি ক্ষিত্যাদি পঞ্চভূতের উৎপত্তির কারণ, তুমি তাহাতে অন্তর্যামিরূপে প্রতিষ্ঠিত, তাবৎ প্রাণির মূল, তুমি সত্যবাক্য ও সমদর্শনে নেতা, তুমি সত্য স্বরূপ, আমরা তোমার শরণাপন্ন হই।

স্বয়ং সমুত্তীর্য্য সুদুস্তরং দ্যুমন্

ভবার্ণবং ভীমমদভ্রসৌহৃদাঃ।

ভবত্ পদাম্ভোরুহনাবমত্র তে

নিধায় যাতাঃ সদনুগ্রহো ভবান্ ॥ ২৬২ ॥

ভা। ১০। ২। ২৫।

হে স্বপ্রকাশ! পাপিজন বন্ধু ভক্তগণ তোমার অনুগ্রহে ভয়ানক ভবসাগর উত্তীর্ণ হইয়া তোমার চরণতরণী ইহ-লোকে রাখিয়া গিয়াছেন।

ন নামরূপে গুণকর্ম্মজন্মভি-

র্নিরূপিতব্যে তব তস্য সাক্ষিণঃ।

মনোবচোভ্যামনুমেয়বর্ত্মনো

দেব ক্রিয়ায়াং প্রতিযন্ত্যথাপি হি ॥ ২৬৪ ॥

ভা। ১০। ২। ৩০।

হে দেব! তোমার গুণ কর্ম্ম ও জন্ম দ্বারা নাম ও রূপ নিরূপণ করা যায় না, তুমি সকলের সাক্ষী, তুমি বাক্য মনের অগোচর, কেবল ভক্তিপথাবলম্বী সাধকেরা উপাসনাদিতে তোমার দর্শন লাভ করেন।

রূপং যত্তত্ প্রাহুরব্যক্তমাদ্যং

ব্রহ্মজ্যোতির্নির্গুণং নির্বিকারং।

সত্তামাত্রং নির্ব্বিশেষং নিরীহং

স ত্বং সাক্ষাদ্বিষ্ণুরধ্যাত্মদীপঃ ॥ ২৬৫ ॥

ভা। ১০। ৩। ২১।

যাঁহাকে সকলের অব্যক্ত কারণ স্বরূপ বলা যায়, তিনিই ব্রহ্ম, তিনি জ্যোতিঃ স্বরূপ, নির্গুণ, নির্ব্বিকার, সত্তামাত্র,

নির্ব্বিশেষ, নিরীহ, সাক্ষাৎ প্রাণস্বরূপ, সর্ব্বব্যাপী ও আত্ম-প্রকাশক।

> कायेन वाचा मनसेन्द्रियैर्व्वा
> बुद्ध्यात्मना वानुगतस्वभावात्।
> करोति यद् यत् सकलं परस्मै
> नारायणायेति समर्पयेत्तत् ॥ २६६ ॥

ভা। ১১। ২। ৩৬।

সাধুব্যক্তি স্বভাবতঃ শরীর, মন, বাক্য, ইন্দ্রিয়, বুদ্ধি ও আত্মা দ্বারা যে যে কর্ম্ম করেন, তাহা সর্ব্বাশ্রয় পরমেশ্বরকেই সমর্পণ করিবেন।

> एवंव्रतः स्वप्रियनामकीर्त्त्या
> जातानुरागो द्रुतचित्त उच्चैः।
> हसत्यथो रोदिति रौति गाय-
> त्युन्मादवन्नृत्यति लोकवाह्यः ॥२६७ ॥

ভা। ১১। ২। ৩৮।

এইরূপে সাধক ইষ্ট দেবতার নাম সংকীর্ত্তনে প্রেম লাভ করিয়া বিগলিত হৃদয়ে উচ্চৈঃস্বরে হাস্য করেন, ক্রন্দন করেন, অনুক্ষণ তাঁহাকে ডাকেন, ও পুনঃ পুনঃ তাঁহার নাম গান করেন, অবশেষে অলৌকিক ভাবাবেশে বিবশ হইয়া উন্মাদের ন্যায় নৃত্য করিতে থাকেন।

इष्टं दत्तं तपो जप्तं वृत्तं यच्चात्मनः प्रियम्।
दारान् सुतान् गृहान् प्राणान् परस्मै च निवेदनम्॥२६৮

ভা ১১।২।২৯।

যোগ, দান, তপ, জপ, চরিত্র, যাহা কিছু নিজের প্রিয়, স্ত্রী, পুত্র, গৃহ, প্রাণ, সকলই পরমেশ্বরে অর্পণ করিবেক।

परस्परानुकथनं पावनं भगवद्यशः।
मिथोरतिर्मिथस्तुष्टिर्निवृत्तिर्मिथ आत्मनः॥ २६৯॥

ভা। ১১। ২। ৩১।

ঈশ্বরের পবিত্র যশের কথা পরস্পরের নিকট কহিবে। পরস্পরের সহিত মিলনে আত্মার অনুরাগ সন্তোষ ও শান্তি হইবে।

क्वचिद्रुदन्त्यच्युतचिन्तया क्वचि-
द्धसन्ति नन्दन्ति वदन्त्यलौकिकाः।
नृत्यन्ति गायन्त्यनुशीलयन्त्यजं
भवन्ति तूष्णीं परमेत्य निर्वृताः॥ ২৭০॥

ভা। ১১। ৩। ৩২।

ভক্তগণ সেই অবিনাশী ঈশ্বরের চিন্তনে কখন রোদন করেন, কখন হাস্য করেন, কখন আনন্দিত হন, কখন অলৌকিক কথা বলেন, কখন নৃত্য করেন, কখন তাঁহার নাম গান করেন, কখন তাঁহার গুণ কীর্ত্তন করিতে করিতে অশ্রু বিসর্জ্জন করেন।

मुनिः प्रसन्नो गम्भीरो दुर्विगाह्यो दुरत्ययः ।
अनन्तपारोह्यक्षोभ्यः स्तिमितोद इवार्णवः ॥ ३৩১ ॥

ভা । ১১ । ৮ । ৫ ।

যোগী প্রশান্ত সমুদ্রের ন্যায় স্থির, গম্ভীর, দুরবগাহ্য, অক্ষয়, ও অপার, এবং তিনি কিছুতেই ক্ষুব্ধ হয়েন না ।

समृद्धकामो हीनो वा नारायणपरो मुनिः ।
नोत्सर्पेत न शुष्येत सरिद्भिरिव सागरः ॥ ৩৩২॥

ভা । ১১ । ৮ । ৬ ।

সাগর যেমন নদীর জলে বৃদ্ধিও হয় না, শুষ্কও হয় না ; তদ্রূপ ভগবদ্ভক্ত যোগী কাম্য বস্তু লাভ করিলে বা তাহা হইতে বঞ্চিত হইলে তাঁহার ক্ষতি বৃদ্ধি হয় না ।

अणुभ्यश्च महद्भ्यश्च शास्त्रेभ्यः कुशलो नरः ।
सर्व्वतः सारमादद्यात् पुष्पेभ्य इव षट्पदः॥৩৩৩॥

ভা । ১১ । ৮ । ১০ ।

ভৃঙ্গ যেরূপ সকল পুষ্প হইতে সার গ্রহণ করে, তদ্রূপ ধীর ব্যক্তি ক্ষুদ্র ও মহৎ সকল শাস্ত্র হইতে সার গ্রহণ করিবেন ।

सायन्तनं श्वस्तनम्वा न संगृह्णीत भिक्षितं ।
पाणिपात्रोदरामात्रो मक्षिकेव न संग्रही ॥৩৩৪॥

ভা । ১১ । ৮ । ১১ ।

প্রকৃত ভক্তগণ সায়ংকালে বা কল্য কি আহার করিব ইহা ভাবিয়া ভিক্ষাদ্রব্য সঞ্চয় করেন না । মধুমক্ষিকারা

যেরূপ কিছুই সঞ্চয় করে না, তদ্রূপ তাঁহারা স্বীয় উদরমাত্র পূর্ণ হইলেই পরিতৃপ্ত হয়েন।

কৃপালুরকৃতদ্রোহস্তিতিক্ষুঃ সর্ব্বদেহিনাম্।
সত্যসারোঽনবদ্যাত্মা সমঃ সর্ব্বোপকারকঃ॥ ২৭৫॥

ভা। ১১। ১১। ২৯।

যিনি কৃপালু, যিনি কাহারও অনিষ্ট চিন্তা করেন না সকলকে ক্ষমা করেন, যিনি সত্য বাক্য বলেন, যাঁহার অসূয়াদি দোষ নাই, এবং যিনি সুখ দুঃখে সমান ও যথাসাধ্য সকলের উপকার করেন, তিনিই সাধু।

সংসারকূপে পতিতং বিষয়ৈর্মুষিতেক্ষণং।
গ্রস্তং কালাহিনাত্মানং কোঽন্যস্ত্রাতুমধীশ্বরঃ॥ ২৭৬

ভা। ১১। ৮। ৪০

সংসার কূপে পতিত বিষয় কলুষিত কালরূপ সর্পের দ্বারা গ্রাসিত আত্মাকে ঈশ্বর ভিন্ন কে তার ত্রাণ করিতে সক্ষম।

তাবৎ সমোদতে স্বর্গে যাবৎ পুণ্যং সমাপ্যতে।
ক্ষীণপুণ্যঃ পতত্যর্ব্বাগনিচ্ছন্ কালচালিতঃ॥ ২৭৭॥

ভা।। ১১। ১০। ২৫।

যাবৎ পুণ্য শেষ না হয় তাবৎ মনুষ্য স্বর্গে সুখভোগ করে, কিন্তু পুণ্য ক্ষয় হইলেই অনিচ্ছা সত্ত্বেও তাহার কালক্রমে পতন হয়।

অপ্রমত্তো গম্ভীরাত্মা ধৃতিমান্ জিতষড়্ গুণঃ।

অমানী মানদঃ কল্যো মৈত্রঃ কারুণিকঃ কবিঃ॥২৭৮

ভা। ১১। ১১। ৩১।

ভক্ত অপ্রমত্ত, গভীরাত্মা, ধৈর্য্যবান্, ক্ষুধা তৃষ্ণা শোক মোহ জরা মৃত্যু তাঁহার বশীভূত, তিনি নিজে অমানী অপরকে সম্মান দান করেন, তিনি সুদক্ষ, সকলের মিত্র, দয়ালু ও জ্ঞানবান্।

কথং বিনা রোমহর্ষং দ্রবতা চেতসা বিনা।
বিনানন্দাশ্রুকলয়া শুদ্ধ্যেদ্ভক্ত্যা বিনাশয়ঃ॥২৭৯॥

ভা। ১১।১৪। ২২।

ভক্তি বিনা শরীর রোমাঞ্চিত হয় না, চিত্ত আর্দ্র হয় না, আনন্দাশ্রু নিপতিত হয় না ও মন শুদ্ধ হয় না।

যদৃচ্ছয়োপপন্নান্নমদ্যাচ্ছ্রেষ্ঠমুতাপরং।
তথা বাসস্তথা শয্যাং প্রাপ্তং প্রাপ্তং ভজেন্মুনিঃ॥২৮০॥

ভা। ১১। ১৮। ৩৪।

আপনা হইতে যে অন্ন উপস্থিত হয় তাহা ভাল হউক বা মন্দ হউক ভোজন করিবেক। সেইরূপ মুনি যেরূপ বস্ত্র ও শয্যা প্রাপ্ত হন তাহাই গ্রহণ করেন।

সংকীর্ত্ত্যমানো ভগবাননন্তঃ
শ্রুতানুভাবো ব্যসনং হি পুংসাং।
প্রবিশ্য চিত্তং বিধুনোত্যশেষং
যথা তমোঽর্কোঽভ্রমিবাতিবাতঃ॥ ২৮১॥

ভা। ১২। ১২। ৪৭।

অনন্ত পরমেশ্বরের নাম কীর্ত্তন এবং তাঁহার মহিমা শ্রবণ করিতে২ তিনি হৃদয়ে প্রবেশ করিয়া সূর্য্য যেমন অন্ধকার, প্রবলবাত্যা যেমন মেঘকে অপসারিত করে তেমনি মনুষ্যগণের অশেষ দুঃখ বিদূরিত করেন।

তদেব রম্যং রুচিরং নবং নবং
তদেব শশ্বন্মনসো মহোৎসবং।
তদেব শোকার্ণবশোষণং নৃণাং
যদুত্তমশ্লোকযশোঽনুগীয়তে ॥ ২৮১॥

ভা। ১২। ১২। ৫১।

সেই সংকীর্ত্তনই মনোরম, রুচির, নিত্যনূতন, উহাই নিত্যকাল মনের মহোৎসব এবং মনুষ্যগণের শোক বিনাশকর, যদ্দ্বারা উত্তমশ্লোক ভগবানের মহিমা সংকীর্ত্তিত হয়।

সত্যধর্ম্মং সমাশ্রিত্য যৎ কর্ম্ম কুরুতে নরঃ।
তদেব সফলং কর্ম্ম সত্যং জানীহি সুব্রতে ॥
ন হি সত্যাৎ পরো ধর্ম্মো ন পাপমনৃতাৎ পরম্।
তস্মাৎ সর্ব্বাত্মনা মর্ত্ত্যঃ সত্যমেকং সমাশ্রয়েৎ ॥
সত্যহীনা বৃথা পূজা সত্যহীনো বৃথা জপঃ।
সত্যহীনং তপো ব্যর্থমুষরে বপনং যথা ॥
সত্যরূপং পরং ব্রহ্ম সত্যং হি পরমং তপঃ।
সত্যমূলাঃ ক্রিয়াঃ সর্ব্বাঃ সত্যাৎ পরতরং নহি॥২৮২

মহানির্ব্বাণ তন্ত্রম্। ৪। ৩০-৩২।

হে সুব্রতে! সত্য ধর্ম্ম আশ্রয় করিয়া মনুষ্য যে অনুষ্ঠান করে, তাহাই সফল হয়, ইহা নিশ্চয় জানিও। সত্য অপেক্ষা আর শ্রেষ্ঠ ধর্ম্ম নাই, মিথ্যা অপেক্ষা আর পাপ নাই। অতএব সমুদয় হৃদয়ের সহিত এক সত্যকেই আশ্রয় করিবেক। সত্যহীন পূজা বৃথা, সত্যহীন জপ বৃথা, সত্যহীন তপ উষর ভূমিতে বীজ বপনের ন্যায় ব্যর্থ। পরব্রহ্ম সত্য স্বরূপ, সত্যই পরম তপ। সমুদায় অনুষ্ঠান সত্যমূলক, সত্য অপেক্ষা শ্রেষ্ঠ আর কিছুই নাই।

ব্রহ্মনিষ্ঠো গৃহস্থঃ স্যাত্তত্ত্বজ্ঞানপরায়ণঃ।
যদ্যৎকর্ম্ম প্রকুর্ব্বীত তদ্ব্রহ্মণি সমর্পয়েৎ॥ ৩৮৩॥

মহানি। ৮। ২২।

গৃহস্থ ব্যক্তি ব্রহ্মনিষ্ঠ ও তত্ত্বজ্ঞান পরায়ণ হইবেন। যে কোন কর্ম্ম করুন, তাহা পরব্রহ্মে সমর্পণ করিবেন।

মাতরম্পিতরঞ্চৈব সাক্ষাৎপ্রত্যক্ষদেবতাম্।
মত্বা গৃহী নিষেবেত সদা সর্বপ্রযত্নতঃ॥ ৩৮৪॥

মহানি। ৮। ২৪।

গৃহী ব্যক্তি পিতামাতাকে সাক্ষাৎ প্রত্যক্ষ দেবতা স্বরূপ জানিয়া সর্ব্বপ্রযত্নে সর্ব্বদা তাঁহাদের সেবা করিবেন।

শ্রাবয়েন্মৃদুলাং বাণীং সর্বদা প্রিয়মাচরেৎ।
পিত্রোরাজ্ঞানুসারী স্যাৎ সৎপুত্রঃ কুলপাবনঃ॥৩৮৫

মহানি। ৮। ২৮।

কুলপাবন সৎপুত্র পিতামাতাকে মৃদুবাক্য কহিবেক, সর্ব্বদা তাঁহাদের প্রিয়কার্য্য করিবেক এবং আজ্ঞাবহ থাকিবেক।

গৃহস্থঃ পালয়েৎ দারান্ বিদ্যামভ্যাসয়েৎ সুতান্।
পোষয়েৎ স্বজনান্ বন্ধূনেষধর্ম্মঃ সনাতনঃ ॥ ২৮৬ ॥

মহানি। । ৮। ২৪।

গৃহস্থ ব্যক্তি ভার্য্যাকে পালন করিবেন, সন্তানকে বিদ্যা শিক্ষা দিবেন এবং আত্মীয় স্বজন বন্ধুবান্ধবদিগকে পোষণ করিবেন এই সনাতন ধর্ম্ম।

সধন্যঃ পুরুষো লোকে সকৃতী পরমার্থবিৎ।
ব্রহ্মনিষ্ঠঃ সত্যসন্ধো যো ভবেৎ ভুবি মানবঃ॥২৮৭॥

মহানি। ৮। ২৩।

যে ব্যক্তি ভূমণ্ডলে ব্রহ্মনিষ্ঠ ও সত্যপ্রতিজ্ঞ হয়েন, তিনিই পৃথিবীতে ধন্য পুরুষ, তিনিই কৃতী ও তত্ত্বজ্ঞ।

ধনেন বাসসা প্রেম্না শ্রদ্ধয়ামৃতভাষণৈঃ।
সততং তোষয়েদ্দারান্নাপ্রিয়ং ক্বচিদাচরেৎ ॥ ২৮৮ ॥

মহানি। ৮। ৪১।

ধন, বস্ত্র, প্রেম, শ্রদ্ধা ও মিষ্ট বাক্য দ্বারা সতত ভার্য্যাকে পরিতুষ্ট রাখিবেক, কদাপি অপ্রিয় আচরণ করিবেক না।

কন্যাপ্যেবং পালনীয়া শিক্ষণীয়াতিযত্নতঃ।
দেয়া বরায় বিদুষে ধনরত্নসমন্বিতা ॥ ২৮৯ ॥

মহানি। ৮। ৪৬।

কন্যাকেও এইরূপ পালন করিবেক এবং অতিযত্নের সহিত শিক্ষা দিবেক, ও ধন রত্নের সহিত সুপণ্ডিত পাত্রে সম্প্রদান করিবেক।

ন বিভেতি রণাদ্যোবৈ সংগ্রামেঽপ্যপরাঙ্মুখঃ।
ধর্ম্মযুদ্ধে মৃতোবাপি তেন লোকত্রয়ং জিতম্॥২৮০॥

মহানি। ৮। ৬৫।

যুদ্ধে যিনি ভীত হয়েন না, সংগ্রামে যিনি পরাঙ্মুখ হয়েন না, ধর্ম্ম যুদ্ধে যিনি মৃতই বা হয়েন, তাঁহার দ্বারা তিন লোক জিত হইয়াছে।

সত্যমেব ব্রতং যস্য দয়া দীনেষু সর্ব্বদা।
কামক্রোধৌ বশে যস্য তেন লোকত্রয়ং জিতম্॥২৮১॥

মহানি। ৮। ৬৩।

সত্যই যাঁহার ব্রত, সর্ব্বদা দীনেতে যাঁহার দয়া, এবং কাম ক্রোধ যাঁহার বশীভূত, তাঁহার দ্বারা তিন লোক জিত হইয়াছে।

নেক্ষেত্ পতিং ক্রূরদৃষ্ট্যা শ্রাবয়েন্নৈব দুর্ব্বচঃ।
নাপ্রিয়ং মনসা বাপি চরেত্ পত্যুঃ পতিব্রতা॥২৮২॥

মহানি। ৮। ৯৯।

পতিব্রতা ভার্য্যা পতিকে ক্রূর দৃষ্টিতে দেখিবেক না, কখন দুর্ব্বাক্য শুনাইবেক না, এবং মনেও কখন পতির অপ্রিয় চিন্তা করিবেক না।

অজ্ঞাতপতিমর্য্যাদামজ্ঞাতপতিসেবনাম্।
নোদ্বাহয়েত্ পিতা বালামজ্ঞাতধর্ম্মশাসনাম্॥২৮৩॥

মহানি। ৮। ১০২।

কন্যা যত দিন পতিমর্য্যাদা ও পতিসেবা না জানে এবং ধর্ম্মশাসন অজ্ঞাত থাকে, তত দিন পিতা তাহার বিবাহ দিবেন না।

JEWISH SCRIPTURES.

1. Thou shalt have no other gods before me. Thou shalt not make unto thee any graven image, or any likeness of any thing that is in heaven above, or that is in the earth beneath, or that is in the water under the earth.—Ex. xx. 3.

আমার সমক্ষে অন্য কোন দেবতা রাখিতে পারিবে না। তুমি আপনার নিমিত্ত কোন খোদিত মূর্ত্তি অথবা উপরিস্থ আকাশ কিম্বা অধঃস্থ পৃথিবী কিম্বা তন্নিম্নবর্ত্তী সলিলস্থিত কোন পদার্থের প্রতিমা নির্ম্মাণ করিবে না।

2. Thou shalt not take the name of the Lord thy God in vain; for the Lord will not hold him guiltless that taketh his name in vain.—Ex. xx. 7.

প্রভু পরমেশ্বরের নাম নিরর্থক লইও না, কারণ যে কেহ তাঁহার নাম নিরর্থক লয়, পরমেশ্বর তাহাকে নিরপরাধী গণ্য করেন না।

3, Ye shall do no unrighteousness in judgment: thou shalt not respect the person of the poor, nor honour the person of the mighty: but in righteousness shalt thou judge thy neighbour.—Lev. xix. 15.

বিচারে অন্যায় করিও না। দরিদ্রের মুখাপেক্ষা করিও না, ধনিরও সম্ভ্রম করিও না, তুমি ন্যায়েতেই স্বীয় প্রতিবাসির বিচার কর।

4. Thou shalt not hate thy brother in thine heart; thou shalt in any wise rebuke thy neighbour, and not suffer sin upon him. Thou shalt not avenge, nor bear any grudge against the children of the people, but thou shalt love thy neighbour as thyself.—LEV. XIX. 17. 18.

তুমি মনে মনে ভ্রাতাকে ঘৃণা করিও না। কিন্তু যে কোন প্রকারে হউক স্বীয় প্রতিবাসিকে অনুযোগ করিবে; এবং তাহাকে পাপ করিতে দিবে না। তুমি প্রতিহিংসা করিও না ও স্বজাতির প্রতি দ্বেষ করিও না, কিন্তু প্রতিবাসিকে আত্মবৎ প্রীতি করিবে।

5. Thou shalt rise up before the hoary head, and honour the face of the old man.—LEV. XIX. 32.

পলিতশির সম্মুখে গাত্রোত্থান করিবে, এবং বৃদ্ধকে সমাদর করিবে।

6. Hear, O Israel: The Lord our God is one Lord: And thou shalt love the Lord thy God with all thine heart, and with all thy soul, and with all thy might.—DEUT. VI. 4. 5.

হে ইজরায়েল বংশীয়েরা! শ্রবণ কর, আমাদের প্রভু পরমেশ্বর একই। সেই প্রভু পরমেশ্বরকে সমুদয় হৃদয়, সমুদয় আত্মা ও সমুদয় শক্তির সহিত প্রীতি কর।

7 The Lord maketh poor, and maketh rich; He bringeth low and lifteth up.—I. SAM. II. 7.

পরমেশ্বর মনুষ্যকে দরিদ্র এবং ধনী করেন, তিনি নীচকে আনিয়া উচ্চ পদে সংস্থাপিত করেন।

8. Thine, O Lord, is the greatness, and the power, and the glory, and the victory, and the majesty: for all that is in the heaven and in the earth is thine: thine is the kingdom, O Lord, and thou art exalted as head above all.—I CHRON. XXIX. 11.

হে পরমেশ্বর! মহত্ব এবং পরাক্রম, মহিমা এবং জয় ও ঐশ্বর্য্য তোমারই; কারণ দ্যুলোক ও ভূলোকে যাহা কিছু আছে, সকলই তোমার; তোমারই রাজ্য, হে প্রভো! তুমি সর্ব্বোপরি অধিপতিরূপে বিরাজমান রহিয়াছ।

9. The good Lord pardon every one that prepareth his heart to seek God.—2 CHRON. XXX. 18, 19.

যে কেহ ঈশ্বরকে অনুসন্ধান করিতে হৃদয়কে প্রস্তুত করে, দয়াময় পরমেশ্বর তাহাকেই ক্ষমা করেন।

10. Canst thou by searching find out God? Canst thou find out the Almighty unto perfection? It is high as heaven? what canst thou do? deeper than hell; what canst thou know? The measure thereof is longer than the earth, and broader than the sea.—JOB. XI. 7-3.

তুমি কি অনুসন্ধান করিয়া ঈশ্বরকে পাইতে পার? তুমি কি সর্ব্বশক্তিমানের পূর্ণস্বরূপ অবগত হইতে পার? ইহা আকাশের ন্যায় উচ্চ, তুমি কি করিতে পার? পাতাল অপেক্ষাও গভীরতর, তুমি কি জানিতে পার? পৃথিবী হইতেও তাহার পরিমাণ দীর্ঘ ও সমুদ্র হইতে পরিসর বৃহৎ।

11. But ask now the beasts, and they shall teach thee; and the fowls of the air, and they shall tell thee: Or speak to the earth, and it shall teach thee: and the fishes of the sea shall declare unto thee. Who knoweth not in all these that the hand of the Lord hath wrought this? In whose hand is the soul of every living thing, and the breath of all mankind.—JOB. XII. 7-10.

এক্ষণে পশুদিগকে জিজ্ঞাসা কর, তাহারা তোমাকে শিক্ষা দিবে; এবং আকাশের পক্ষিদিগকে জিজ্ঞাসা কর, তাহারা তোমাকে বলিয়া দিবে; অথবা পৃথিবীকে জিজ্ঞাসা কর, সে তোমাকে শিক্ষা দিবে, এবং সমুদ্রস্থ মৎস্যগণ তোমাকে বলিয়া দিবে। কে না জানে যে ঈশ্বরের হস্ত এই সমস্ত রচনা করিয়াছে? ইঁহার হস্তে প্রত্যেক জীবের প্রাণ এবং সমুদয় মনুষ্যের আত্মা স্থিতি করিতেছে।

12. Though he slay me, yet will I trust in him.—JOB. XIII. 15.

যদিও তিনি আমাকে বিনাশ করেন, আমি তথাপি তাঁহার প্রতি নির্ভর করিব।

13. But *there is* a spirit in man: and the inspiration of the Almighty giveth them understanding.—JOB. XXXII. 8.

কিন্তু মনুষ্যের আত্মা আছে, এবং সর্ব্বশক্তিমান্ ঈশ্বরের প্রত্যাদেশ মানবগণকে জ্ঞান দান করিয়া থাকে।

14. Blessed is the man that walketh not in the counsel of the ungodly, nor standeth in the way of sinners, nor sitteth in the seat of the scornful. But his delight is in the law of the Lord ; and all his law doth he meditate day and night. And he shall be like a tree planted by the rivers of water, that bringeth forth his fruit in his season ; his leaf also shall not wither, and whatsoever he doeth shall prosper. The ungodly are not so : but are like the chaff which the wind driveth away.—PS. I. 1-4.

ধন্য সেই ব্যক্তি যিনি অধার্ম্মিকদিগের মন্ত্রণায় চলেন না, ও পাপিদিগের পথে দণ্ডায়মান হন না, ও পাষণ্ড-দিগের আসনে উপবিষ্ট হন না। কিন্তু পরমেশ্বরের আদেশেই তাঁহার আনন্দ এবং তাঁহারই আদেশ তিনি অহর্নিশি চিন্তা করেন। জলস্রোতের নিকটে রোপিত বৃক্ষ যেমন সময়ে ফল প্রসব করে, এবং তাহার পত্র যেমন কখন শুষ্ক হয় না, তিনি সেইরূপ; তিনি যাহা করেন সকলই সফল হয়। অধার্ম্মিকেরা ঈদৃশ নহে, কিন্তু তাহারা বায়ু নিক্ষিপ্ত তুষের ন্যায়।

15. When I consider thy heavens, the work of thy fingers, the moon and the stars, which thou hast ordained ; What is man, that thou art mindful of him ? and the son of man, that thou visitest him.—PS. VIII. 3, 4.

যখন আমি তোমার অঙ্গুলি রচিত আকাশ, তোমার প্রতিষ্ঠিত চন্দ্র তারকের বিষয় আলোচনা করি, তখন বলি, মনুষ্য কে যে তুমি তাহাকে স্মরণ কর ? এবং মনুষ্য সন্তানই বা কে যে তুমি তাহার তত্ত্বাবধান কর ?

16. Lord, who shall abide in thy tabernacle? who shall dwell in thy holy hill? He that worketh uprightly and worketh righteousness, and speaketh the truth in his heart.—Ps. xv. 1, 2.

প্রভো! কে তোমার গৃহে নিত্যবাস করিবে? কে তোমার পবিত্র অচলে আবাস নির্ম্মাণ করিবে? যে ন্যায়ানুসারে কার্য্য করে, ধার্ম্মানুষ্ঠান করে এবং কার্য্যস্থলে সত্য বলে।

17. The heavens declare the glory of God; and the firmament sheweth his handywork. Day unto day uttereth speech, and night unto night sheweth knowledge.—Ps. xix. 1, 2.

আকাশ ঈশ্বরের মহিমা প্রচার করে, এবং নভোমণ্ডল তাঁহার হস্তের রচনা প্রদর্শন করে। দিবসের পর দিবস তোমাকে কীর্ত্তন করিতেছে, রজনীর পর রজনী তোমার জ্ঞান প্রকাশ করিতেছে।

18. The law of the Lord *is* perfect, converting the soul: the testimony of the Lord *is* sure, making wise the simple—Ps. xix. 7.

ঈশ্বরের বিধি পূর্ণ, ইহা আত্মাকে পরিবর্ত্তিত করে, পরমেশ্বরের অব্যর্থ প্রমাণ অজ্ঞানীকেও জ্ঞান দান করে।

19. The Lord *is* my shepherd; I shall not want. He maketh me to lie down in green pastures: he leadeth me beside the still waters.—Ps. xxiii. 1, 2.

প্রভু পরমেশ্বর আমার রক্ষক, তবে আর আমার অভাব কি; তিনিই আমাকে তৃণক্ষেত্রে শয়ান করান, তিনিই আমাকে স্থির জলের কূলে লইয়া যান।

20. Yea, though I walk through the valley of the shadow of death, I will fear no evil: for thou *art* with me; thy rod and thy staff, they comfort me—PS. XXIII. 4.

মৃত্যুছায়ার উপত্যকা দিয়াও যদি আমি বিচরণ করি, আমি কোন বিপদ্ আশঙ্কা করিব না, কারণ তুমি আমার সঙ্গে আছ; তোমার শাসনদণ্ড এবং তোমার যষ্টি আমাকে সান্ত্বনা দেয়।

21. One thing have I desired of the Lord, that will I seek after; that I may dwell in the house of the Lord all the day of my life, to behold the beauty of the Lord, and to enquire in his temple.—PS. XXVII. 4.

ঈশ্বরের নিকট আমার এই একটী মাত্র ভিক্ষা, এবং তাহারই জন্য আমি চেষ্টা করিব, যেন পরমেশ্বরের আলয়ে যাবজ্জীবন বাস করিয়া আমি তাঁহার সৌন্দর্য্য দর্শন করি, এবং তাঁহার মন্দিরে তাঁহাকে অনুসন্ধান করি।

22. Wait on the Lord: be of good courage, and he shall strengthen thine heart: wait, I say, on the Lord.—PS. XXVII. 14.

পরমেশ্বরের দয়ার জন্য অপেক্ষা করিয়া থাক; সাহসে নির্ভর কর এবং তিনি তোমার হৃদয়কে সবল করিবেন; আমি পুনরায় বলিতেছি প্রভু পরমেশ্বরের দয়ার জন্য প্রতীক্ষা করিয়া থাক।

23. Blessed *is* the man unto whom the Lord imputeth not iniquity, and in whose spirit *there is* no guile.—PS. XXXII. 2.

পরমেশ্বর যাহাকে নির্দ্দোষী করেন এবং যাহার আত্মাতে কোন কপটতা নাই, সেই ব্যক্তিই ধন্য।

24. The Lord is nigh unto them that are of a broken heart; and saveth such as be of a contrite spirit.—PS. XXXIV. 18.

পরমেশ্বর ভগ্নহৃদয়দিগের নিকটে থাকেন এবং অনুতাপিত আত্মা সকলকে পরিত্রাণ করেন।

25. As the hart panteth after the water-brooks so panteth my soul after thee, O God.—PS. XLII. I.

মৃগ যেরূপ জলাশয়ের জন্য তৃষ্ণার্ত্ত হয়, হে ঈশ্বর! আমার আত্মা সেইরূপ তোমার জন্য তৃষিত হইতেছে।

26. My soul thirsteth for God, for the living God: when shall I come and appear before God?—PS. XLII. 2.

আমার আত্মা ঈশ্বরের জন্য, ঐ জীবন্ত ঈশ্বরের জন্য ব্যাকুল হইতেছে, কবে আমি ঈশ্বরের সম্মুখে উপস্থিত হইব?

27. God is our refuge and strength, a very present help in trouble. Therefore will not we fear, though the earth be removed, and though the mountains be carried into the midst of the sea; though the waters thereof roar and be troubled, though the mountains shake with the swelling thereof.—PS. XLVI. I-3.

ঈশ্বর আমাদের আশ্রয় ও বল এবং বিপদকালে অতি নিকটস্থ সহায়। অতএব যদিও মেদিনী স্থানান্তরিত হয় এবং পর্ব্বত সকল সমুদ্র মধ্যে নিক্ষিপ্ত হয়, যদিও তাহার জলরাশি গর্জ্জন করে এবং আন্দোলিত হয়, যদিও তাহার আস্ফালনে পর্ব্বত সকল কম্পিত হয়, তথাপি আমরা ভয় করিব না।

28. Against thee, thee only, have I sinned, and done *this* evil.—PS. LI. 4.

তোমারি এবং তোমারি বিরুদ্ধে আমি পাপ করিয়াছি এবং এই দুষ্কর্ম্ম করিয়াছি।

29. Create in me a clean heart, O God; and renew a right spirit within me.—PS. LI. 10.

হে পরমেশ্বর! আমার হৃদয়কে বিশুদ্ধ কর এবং আমার অন্তরে প্রকৃত ভাব পুনরুদ্দীপিত কর।

30. Thou desirest not sacrifice; else would I give it: thou delightest not in burnt offering. The sacrifices of God are a broken spirit: a broken and a contrite heart, O God, thou wilt not despise.—PS. LI. 16, 17.

তুমি বলিদানের প্রয়াস কর না, নতুবা আমি তাহা দিতাম; হোমেতেও তুমি তুষ্ট নহ। ভগ্নআত্মা রূপ বলিই ঈশ্বরের গ্রাহ্য; ভগ্ন ও অনুতাপিত হৃদয়কে, হে ঈশ্বর! তুমি তুচ্ছ করিবে না।

31. Whom have I in heaven but thee? and there is none upon earth that I desire beside thee.—PS. LXXIII. 25.

স্বর্গে তোমা ভিন্ন আমার আর কে আছে? এবং ভূমণ্ডলে তোমা ভিন্ন আমি আর কিছুই চাহি না।

32. I had rather be a door-keeper in the house of my God, than to dwell in the tents of wickedness.—Ps. LXXXIV. 10.

ঈশ্বরের গৃহে বরং আমি দ্বারবান্ হইব, কিন্তু অধর্ম্মের শিবিরে অবস্থান করিব না।

33. Among the Gods there is none like unto thee, O Lord; neither are there any works like unto thy works. All nations whom thou hast made shall come and worship before thee,

O Lord ; and shall glorify thy name. For thou art great, and doest wonderous things ; thou art God alone.—PS. LXXXVI. 8-10.

হে প্রভো ! দেবতাদিগের মধ্যে তোমার সদৃশ কেহ নাই, এবং তোমার কার্য্যের তুল্য আর কোন কার্য্য নাই। তোমার স্বষ্ট সকল জাতি, হে ঈশ্বর ! তোমার নিকট উপস্থিত হইয়া তোমার পূজা করিবে ; এবং তোমার নামের গৌরব প্রকাশ করিবে। কেন না তুমি মহান্, এবং তুমি আশ্চর্য্য কর্ম্ম সকল সম্পাদন কর ; তুমি এক মাত্র ঈশ্বর।

34. Like as a father pitieth his children, so the Lord pitieth them that fear him. For he knoweth our frame; he remembereth that we are dust.—PS. CIII. 13, 14.

পিতা যেমন সন্তানদিগকে স্নেহ করেন, যাঁহারা ঈশ্বরকে ভয় করেন তাঁহাদিগকে ঈশ্বর সেইরূপ স্নেহ করেন। কেন না তিনি আমাদের প্রকৃতি জানেন আমরা যে ধূলিমাত্র ইহা তাঁহার স্মরণে আছে।

35. Thy testimonies *are* wonderful: therefore doth my soul keep them. The entrance of thy words giveth light; it giveth understanding unto the simple.—PS. CXIX. 129, 130.

তোমার প্রমাণ সকল অতি অদ্ভুত ; সুতরাং আমার আত্মা তাহাদিগকে বিশ্বাসি করে। তোমার বাক্যও হৃদয়ে প্রবেশ করিয়া আলোক দেয়, অল্প বুদ্ধিকে জ্ঞান দেয়।

36. They that sow in tears shall reap in joy.—PS. CXXVI. 5.

যাহারা অশ্রুপাত করিয়া বপন করে তাহারা আনন্দের সহিত শস্য সংগ্রহ করে।

37. He telleth the number of the stars, he calleth them all by *their* names.—PS. CXLVII. 4.

তিনি তারকাগণকে গণনা করেন, ও তাহাদের নাম ধরিয়া আহ্বান করেন।

38. Trust in the Lord with all thine heart; and lean not unto thine own understanding.—PROV. III. 5.

সর্ব্বান্তঃকরণে প্রভু পরমেশ্বরের উপর নির্ভর কর, আপন বুদ্ধির উপর নির্ভর করিও না।

39. Keep thy heart with all diligence; for out of it are all the issues of life.—PROV. IV. 23.

হৃদয়কে সর্ব্বপ্রযত্নে রক্ষা কর, কারণ ইহা হইতেই জীবনের প্রবাহ বিনিঃসৃত হয়।

40 A virtuous woman is a crown to her husband: but she that maketh ashamnd is as rottenness in his bones.—PROV. XII. 4.

পুণ্যবতী স্ত্রী স্বামির শিরোভূষণ, কিন্তু যে স্ত্রী লজ্জিত করে সে তাঁহার অস্থির ক্লেদ।

41. He that oppresseth the poor reproacheth his Maker: but he that honoureth Him hath mercy on the poor.—PROV. XIV. 31.

যে ব্যক্তি দুঃখির প্রতি অত্যাচার করে সে তাহার স্রষ্টার অবমাননা করে, কিন্তু যে দুঃখির উপর দয়া প্রকাশ করে, সে তাঁহাকে সম্মান করে।

42. The preparations of the heart in man and the answer of the tongue, *is* from the Lord.—PROV. XVI. 1.

মনুষ্যের হৃদয়কে প্রস্তুত করিবার সাধন এবং জিহ্বার প্রকৃত উত্তর, প্রভু পরমেশ্বর হইতে আসিয়া থাকে।

43. Pride goeth before destruction, and an haughty spirit before a fall.—PROV. XVI. 18.

অহঙ্কার বিনাশের অগ্রে গমন করে, এবং পতনের অগ্রে দম্ভ।

44. *He that is* slow to anger *is* better than the mighty; and he that ruleth his spirit than he that taketh a city.—PROV. XVI. 32.

যিনি ক্রোধে পরাঙমুখ তিনি বলবান্ হইতে শ্রেষ্ঠ, এবং যিনি নগর জয় করেন তাঁহা অপেক্ষা যিনি স্বীয় আত্মাকে শাসন করেন তিনি শ্রেষ্ঠ।

45. If thine enemy be hungry, give him bread to eat; and if he be thirsty, give him water to drink: for thou shalt heap coals of fire upon his head, and the Lord shall reward thee.—PROV. XXV. 21, 22.

যদি তোমার শত্রু ক্ষুধার্ত্ত হয় তাহাকে আহার দিবে, এবং যদি তৃষ্ণার্ত্ত হয় জল পান করিতে দিবে। কেননা তদ্দ্বারা তুমি তাহার মস্তকে জ্বলন্ত অঙ্গার রাশীকৃত করিবে এবং ঈশ্বর তোমাকে পুরস্কার দিবেন।

46. He that covereth his sins shall not prosper: but whoso confesseth and forsaketh *them* shall have mercy.—PROV. XXVIII. 13.

যে তাহার পাপ গোপন করে, তাহার উন্নতি হয় না, কিন্তু যে ব্যক্তি পাপ স্বীকার করে এবং তাহা পরিত্যাগ করে সে করুণা লাভ করে।

47. Vanity of vanities, saieth the Preacher, vanity of vanities ; all is vanity.—ECC. I, 2.

উপদেষ্টা কহেন, অসারের অসার, অসারের অসার, তাবৎই অসার।

48. And the work of righteousness shall be peace ; and the effect of righteousness quietness and assurance for ever.—ISA. XXXII. 17.

সাধুতার কার্য্য শান্তি এবং সাধুতার ফল স্থিরতা ও আশ্বস্ততা।

49. The mountains shall depart, and the hills be removed ; but MY kindness shall not depart from thee, neither shall the covenant of MY peace be removed, saith THE LORD, that hath mercy on thee.—ISA. LIV. 10.

করুণাময় পরমেশ্বর বলেন—পর্ব্বত সকল চলিয়া যাইবে, এবং অধিত্যকা সকল স্থানান্তরিত হইবে ; কিন্তু আমার দয়া কখনও তোমাকে পরিত্যাগ করিবে না, এবং আমার শান্তিপত্রের অঙ্গীকার কখনও ভঙ্গ হইবে না।

50. Behold, the Lord's hand is not shortened, that it connot save ; neither his ear heavy, that it connot hear :—ISA. LIX. 1.

দেখ প্রভু পরমেশ্বরের হস্ত সঙ্কুচিত নহে যে, উহা মনুষ্যকে পরিত্রাণ করিতে পারে না, তাঁহার কর্ণও বধির নহে যে, তিনি শুনিতে পান না।

51. The heart *is* deceitful above all *things*, and desperately wicked : who can know it ?—JER. XVII. 9.

হৃদয় সমুদায় পদার্থ অপেক্ষা প্রতারক এবং অতীব দুষ্ট, কে জানিতে পারে ?

52. I am with thee, saith THE LORD, to save thee.—JER. XXXII.

পরমেশ্বর বলেন, আমি তোমায় মুক্ত করিবার জন্য তোমার সহিত অবস্থিতি করিতেছি।

53. The Lord will cast not off for ever, But though He causes grief, yet will He have compassion according to the multitude of His mercies.—JER. LAM. III. 31, 32.

পরমেশ্বর চিরজীবনের* জন্য কাহাকেও পরিত্যাগ করিবেন না, যদিও তিনি ক্লেশ দেন তথাপি তিনি তাঁহার অসীম করুণা গুণে প্রেম করিবেন।

54. To the Lord our God *belong* mercies and forgivenesses though we have rebelled against him.—DAN. IX. 9.

যদিও আমরা আমাদিগের প্রভু পরমেশ্বরের বিরুদ্ধে বিদ্রোহাচরণ করিয়াছি, তথাপি তিনি দয়াল এবং ক্ষমাল।

CHRISTIAN SCRIPTURES.

1. Blessed are the poor in spirit: for theirs is the kingdom of heaven. Blessed are they that mourn: for they shall be comforted. Blessed are the meek: for they shall inherit the earth. Blessed are they which do hunger and thirst after righteousness: for they shall be filled. Blessed are the merciful: for they shall obtain mercy. Blessed are the pure in heart: for they shall see God. Blessed are the peacemakers: for they shall be called the children of God. Blessed are they which are persecuted for righteousness' sake: for theirs is the kingdom of heaven.—MATT. V. 3-10.

দীনাত্মারা ধন্য, কারণ স্বর্গরাজ্য তাহাদেরই, শোকার্ত্তেরা ধন্য, কারণ তাহারা সান্ত্বনা পাইবে। সুশীলেরা ধন্য, কারণ তাহারা পৃথিবীর অধিকারী হইবে। ধর্ম্মের জন্য ক্ষুধিত ও তৃষিত ব্যক্তিরা ধন্য, কারণ তাহারা পরিতৃপ্ত হইবে। দয়াবানেরা ধন্য, কারণ তাহারা দয়া পাইবে। নির্ম্মলচিত্তেরা ধন্য, কারণ তাহারা ঈশ্বরের দর্শন পাইবে। শান্তি সংস্থাপকেরা ধন্য, কারণ তাহারা ঈশ্বরের সন্তান বলিয়া বিখ্যাত হইবে। ধর্ম্মের জন্য নিপীড়িত ব্যক্তিরা ধন্য, কারণ স্বর্গরাজ্য তাহাদেরই।

2. Neither do men light a candle, and put it under a bushel, but on a candlestick; and it giveth light unto all that are in the house. Let your light so shine before men, that they may see your good works, and glorify your Father which is in heaven.—MATT. V. 15. 16.

দীপ জ্বালিয়া লোকেরা করণ্ডিকাতলে রাখে না, কিন্তু দীপাধারের উপরেই রাখে; তাহাতে গৃহের সকলেই আলোক প্রাপ্ত হয়। মনুষ্যদিগের সমক্ষে তোমাদের আলোক উজ্জ্বল হউক, যেন তাহারা তোমাদের সাধুকার্য্য দেখিয়া তোমাদের স্বর্গস্থ পিতার মহিমা কীর্ত্তন করে।

3. Ye have heard that it hath been said. An eye for an eye, and a tooth for a tooth: But I say unto you, that ye resist not evil: but whosoever shall smite thee on thy right cheek, turn to him the other also—MATT. V. 38-39.

তোমরা শুনিয়াছ ইহা কথিত আছে, চক্ষুর পরিবর্ত্তে চক্ষু এবং দন্তের পরিবর্ত্তে দন্ত; কিন্তু আমি তোমাদিগকে কহিতেছি যে, তোমরা অত্যাচারের প্রতিরোধ করিও না; বরং যে তোমাদের দক্ষিণ গণ্ডে আঘাত করিবে, তাহাকে অন্য গণ্ড ফিরাইয়া দিবে।

4. Be ye therefore perfect, even as your Father which is in heaven is perfect.—MATT. V. 40.

অতএব তোমাদের স্বর্গস্থ পিতা যেরূপ পূর্ণ তোমরাও সেইরূপ পূর্ণ হও।

5. Ye have heard that it hath been said. Thou shalt love thy neighbour, and hate thine enemy. But I say unto you, Love your enemies, bless them that curse you, do good to them that hate you, and pray for them which despitefully use you, and persecute you; That ye may be the children of your Father which is in heaven: for he maketh his sun to rise

on the evil and on the good, and sendeth rain on the just and on the unjust.—MATT. V. 43-45.

তোমরা শুনিয়াছ ইহা কথিত আছে, তুমি আপন প্রতিবাসিকে প্রীতি করিবে, কিন্তু শত্রুকে ঘৃণা করিবে; কিন্তু আমি তোমাদিগকে কহিতেছি, শত্রুদিগকে প্রীতি কর, যাহারা তোমাদিগকে অভিশাপ দেয় তাহাদিগকে আশীর্ব্বাদ কর, যাহারা তোমাদিগকে ঘৃণা করে তাহাদিগের হিতসাধন কর এবং যাহারা তোমাদিগকে বিদ্বেষ এবং নির্যাতন করে তাহাদিগের জন্য প্রার্থনা কর। ইহা হইলে তোমরা তোমাদের স্বর্গস্থ পিতার উপযুক্ত সন্তান হইবে; যেহেতুক তিনি স্বীয় সূর্য্যকে সাধু এবং অসাধু সকলের উপর উদিত করেন এবং ধার্ম্মিক ও অধার্ম্মিক সকলের উপর বারিবর্ষণ করেন।

6. But when thou dost alms, let not thy left hand know what thy right hand doeth.—MATT. VI. 3.

যখন তুমি দান কর, তোমার দক্ষিণ হস্ত যাহা করিতেছে তাহা যেন তোমার বাম হস্ত জানিতে না পারে।

7. No man can serve two masters: for either he will hate the one, and love the other; or else he will hold to the one, and despise the other. Ye cannot serve God and mammon. —MATT. VI. 24.

কেহই দুই প্রভুর সেবা করিতে পারে না, কারণ হয় সে এক জনকে ঘৃণা ও অপরকে প্রীতি করিবে; নতুবা সে এক জনের প্রতি অনুরক্ত হইবে ও অপরকে তুচ্ছ করিবে। তোমরা ঈশ্বর ও সংসারের যুগপৎ সেবা করিতে পার না।

8. Therefore I say unto you, take no thought for your life, what ye shall eat or what ye shall drink; nor yet for your body, what ye shall put on. Is not the life more than meat, and the body than raiment? Behold the fowls of the air: for they sow not, neither do they reap, nor gather into barns; yet your heavenly Father feedeth them. Are ye not much better than they? Which of you by taking thought can add one cubit unto his stature? And why take ye thought for raiment? Consider the lilies of the field, how they grow; they toil not, neither do they spin: and yet I say unto you, that even Solomon in all his glory was not arrayed like one of these. Wherefore, if God so clothe the grass of the field, which to-day is, and to-morrow is cast into the oven, shall he not much more clothe you, O ye of little faith! Therefore take no thought, saying, What shall we eat? or, What shall we drink? or, Wherewithal shall we be clothed? For your heavenly Father knoweth that ye have need of all these things. But seek ye first the kingdom of God, and his righteousness; and all these things shall be added unto you. Take therefore no thought for the morrow: for the morrow shall take thought for the things of itself. Sufficient unto the day is the evil thereof.—MATT. VI. 25.-34.

অতএব আমি বলিতেছি, কি আহার করিব, কি পান করিব, ইহা বলিয়া আপনার জীবনের জন্য ভাবিত হইও না; এবং কি পরিধান করিব বলিয়া শরীরের জন্যও ভাবিত হইও না, অন্ন অপেক্ষা জীবন এবং বস্ত্র অপেক্ষা

শরীর কি গুরুতর নহে? আকাশের পক্ষিদিগকে দেখ, তাহারা বপন করে না, সংগ্রহ করে না, এবং শস্যাগারে সঞ্চয় করে না, তথাপি তোমাদের স্বর্গীয় পিতা তাহাদিগকে আহার দেন। তোমরা কি তাহাদের অপেক্ষা শ্রেষ্ঠ নহ? তোমাদের মধ্যে ভাবিত হইয়াই বা কে শরীরের দীর্ঘতা এক হস্ত বৃদ্ধি করিতে পারে? এবং বস্ত্রের জন্যই বা কেন ভাবিত হও? স্থলপদ্ম গুলির বিষয় ভাবিয়া দেখ, তাহারা কেমন বর্দ্ধিত হয়। তাহারা শ্রম করে না, বয়নও করে না; তথাপি আমি তোমাদিগকে বলিতেছি, সলিমান তাঁহার যাবতীয় ঐশ্বর্য্যের মধ্যে থাকিয়াও ইহার একটিরও মত বিভূষিত হন নাই। অতএব পরমেশ্বর যদি ক্ষেত্রের তৃণ, যাহা অদ্য আছে, কল্য চুল্লিনিক্ষিপ্ত হইবে, তাহাকে এমন করিয়া সজ্জিত করেন, তবে হে অল্পবিশ্বাসী ব্যক্তিগণ! তিনি কি তোমাদিগকে তদপেক্ষা অধিক সজ্জিত করিবেন না? অতএব আমরা কি আহার করিব, কি পান করিব, অথবা কি পরিধান করিব বলিয়া ভাবিত হইও না। কেন না তোমাদের যে এই সকল অভাব আছে তাহা তোমাদের স্বর্গীয় পিতা জানেন। ঈশ্বরের রাজ্য এবং তাঁহার ধর্ম্ম সর্ব্বাগ্রে অন্বেষণ কর, তাহা হইলে এই সকল দ্রব্যও তোমাদিগকে প্রদত্ত হইবে। কল্যকার নিমিত্ত ভাবিও না, কল্য আপনার বিষয় আপনি ভাবিবে। প্রত্যেক দিনের কষ্ট তাহার পক্ষে যথেষ্ঠ।

9. Ask, and it shall be given you; seek and ye shall find; knock, and it shall be opened unto you; for every one that asketh receiveth; and he that seeketh findeth; and to him that knocketh it shall be opened.—MATT. VII. 8.

যাচ্ঞা কর, তোমাদিগকে দেওয়া হইবে; অন্বেষণ কর, তোমরা প্রাপ্ত হইবে; আঘাত কর, তোমাদের জন্য দ্বার

উন্মুক্ত হইবে; কারণ যে কেহ যাচ্ঞা করে সে লাভ করে; যে অন্বেষণ করে সে প্রাপ্ত হয়; এবং যে আঘাত করে তাহার প্রতি দ্বার উন্মুক্ত হয়।

10. Therefore all things whatsoever ye would that men should do to you, do ye even so to them.—MATT. VII. 12.

অন্যের নিকট তুমি যাদৃশ ব্যবহার প্রয়াস কর, তুমি তাহাদিগের প্রতি তাদৃশ ব্যবহার কর।

11. Verily I say unto you, if ye have faith as a grain of mustard seed, ye shall say unto this mountain, Remove hence to yonder place; and it shall remove; and nothing shall be impossible unto you.—MATT. XVII. 20.

সত্যই আমি তোমাদিগকে বলিতেছি, যদি একটি সর্ষপ-কণার ন্যায়ও তোমাদের বিশ্বাস থাকে, তোমরা এই পর্ব্বতকে বলিবে, স্থানান্তর হও, অমনি উহা চলিয়া যাইবে, এবং তোমাদের পক্ষে কিছুই অসম্ভব রহিবে না।

12. Verily I say unto you, Except ye be converted and become as little children, ye shall *enter* into the kingdom of heaven. Whosoever therefore shall humble himself as this little child, the same is greatest in the kingdom of heaven.—MATT. XVIII. 3. 4.

আমি তোমাদিগকে সত্য করিয়া কহিতেছি যে, যদি তোমরা হৃদয়কে পরিবর্ত্তন করিয়া ক্ষুদ্র শিশু সন্তানদিগের মত না হও, তোমরা স্বর্গরাজ্যে প্রবেশ করিতে পারিবে না। অতএব যে ব্যক্তি এই শিশুর ন্যায় আপনাকে নম্র করিবে, সেই স্বর্গরাজ্যে শ্রেষ্ঠ।

13. Then came Peter to him, and said, Lord! how oft shall my brother sin against me, and I forgive him? till seven times? Jesus saith unto him, I say not unto thee, Until seven times; but, Until seventy times seven.—MATT. XVIII. 21, 22.

অতঃপর পিটর তাঁহার নিকট আসিয়া বলিলেন, প্রভো! আমার ভ্রাতা আমার নিকট কতবার অপরাধ করিলে আমি তাঁহাকে ক্ষমা করিব, সপ্তবার পর্য্যন্ত? ঈশা তাঁহাকে বলিলেন, আমি তোমাকে সপ্তবার পর্য্যন্ত বলি নাই, কিন্তু সপ্ততি গুণ সপ্তবার পর্য্যন্ত।

14. For many are called and few are chosen.—MATT. XXII. 14.

কারণ অনেকেই আহুত হন, কিন্তু অল্প লোকই মনোনীত হইয়া থাকেন।

15. Master! which is the great commandment in the law? Jesus said unto him, thou shalt love the Lord thy God with all thy heart, and with all thy soul, and with all thy mind. This is the first and great commandment. And the second is like unto it, Thou shalt love thy neighbour as thyself.—MATT. XXII. 36-39.

প্রভো! শাস্ত্র মধ্যে কোন্ অনুজ্ঞাটি প্রধান? ঈশা বলিলেন, তুমি তোমার প্রভু পরমেশ্বরকে সমুদয় হৃদয়ের সহিত, সমুদয় আত্মার সহিত, এবং সমুদয় মনের সহিত প্রীতি করিবে, ইহাই সর্ব্ব শ্রেষ্ঠ এবং প্রধান অনুজ্ঞা। দ্বিতীয় অনুজ্ঞা ইহার সদৃশ, তুমি তোমার প্রতিবাসিকে আত্মবৎ প্রীতি করিবে।

16. A prophet is not without honour, but in his own country, and among his own kin, and in his own house.—MARK VI. 4.

ধর্ম্মপ্রবর্ত্তক আপনার দেশ, আপনার গৃহ, ও আপনার জ্ঞাতিদিগের নিকট ভিন্ন আর কুত্রাপি শ্রদ্ধা বিবর্জ্জিত হয়েন না।

17. For what shall it profit a man, if he shall gain the whole world and lose own soul? Or what shall a man give in exchange for his soul?—MAKE. VIII.36-7.

যদি আত্মা বিনষ্ট হয় তবে সমুদায় পৃথিবী লাভ করিয়া কি উপকার? এই ভূমণ্ডলে এমন বস্তু কি আছে, আত্মার বিনিময়ে মনুষ্য যাহা প্রদান করিতে পারে?

18. Suffer the little children to come unto me, and forbid them not: for of such is the kingdom of God.—MARK X. 14.

ঐ ক্ষুদ্র শিশুদিগকে আমার নিকট আসিতে দেও,নিবারণ করিও না, কারণ ঈদৃশ লোকেরাই ঈশ্বরের রাজ্যের অধিকারী।

19. Whosoever will be great among you, shall be your minister: And whosoever of you will be the chiefest, shall be servant of all—MARK X. 43. 44.

যিনি তোমাদিগের মধ্যে মহৎ হইবেন, তিনি তোমাদিগের পরিচারক হইবেন; এবং যিনি তোমাদিগের মধ্যে সর্ব্ব প্রধান হইবেন, তিনি সকলের ভৃত্য হইবেন।

20. Render to Cæsar the things that are Cæsar's and to God the things that are God's.—MARK. XII. 17.

যে সদমুয় পদার্থে রাজার অধিকার তাহা রাজাকে সমর্পণ কর, এবং যাহা ঈশ্বরের তাহা ঈশ্বরকে সমর্পণ কর।

21. And why holdest thou the mote that is in thy brother's eye, but perceivest not the beam that is in thine own eye?—LUKE VI. 41.

আর তুমি তোমার ভ্রাতার চক্ষুঃস্থিত তৃণকণার প্রতি কেন দৃষ্টিপাত কর, কিন্তু আপনার চক্ষুঃস্থিত বৃহৎ কাষ্ঠ খণ্ড অবলোকন কর না?

22. For a good tree bringeth not forth corrupt fruit, neither doth a corrupt tree bring forth good fruit. For every tree is known by his own fruit, of thorns men do not gather figs nor of bramble bush gather they grapes.—LUKE VI. 43, 44.

সুন্দর বৃক্ষ কখন মন্দ ফল প্রসব করে না অথবা মন্দ বৃক্ষ হইতে কখন উত্তম ফল উৎপন্ন হয় না, কারণ ফল দ্বারাই বৃক্ষের পরিচয় পাওয়া যায়। কণ্টক বৃক্ষ হইতে লোকে কখন ডুম্বর ফল সংগ্রহ করে না অথবা কণ্টকী কানন হইতেও দ্রাক্ষা ফল সংগ্রহ করে না।

23. But he said, Yea rather, blessed *are* they that hear the word of God, and keep it.—LUKE. XI. 28.

কিন্তু তিনি বলিলেন, ধন্য তাহারাই যাহারা ঈশ্বরের আজ্ঞা শ্রবণ করে ও পালন করে।

24. For whosoever exalteth himself shall be abased; and he that humbleth himself shall be exalted.—LUKE XIV. 11.

যে কেহ আপনাকে বড় করে, তাহাকে নত করা হইবে; এবং যে ব্যক্তি আপনাকে অবনত করে, তাহাকে উন্নত করা হইবে।

25. For he is not a God of the dead but of the living, for all live unto him.—LUKE xx. 38.

তিনি মৃতদিগের ঈশ্বর নহেন কিন্তু জীবিতদিগের, কারণ তাঁহাতেই সকলে জীবিত।

26. Verily, verily, I say unto thee, Except a man be born again, he cannot see the kingdom of God.—JOHN III. 3.

সত্য সত্য আমি তোমাকে বলিতেছি, দ্বিজাত্মা না হইলে কেহ ঈশ্বরের রাজ্য দেখিতে পায় না।

27. God is a spirit and they that worship him must worship him in spirit and truth.—JOHN IV. 24.

ঈশ্বর চৈতন্য স্বরূপ এবং যাহারা তাঁহার উপাসনা করিবে সত্যেতে ও ভাবেতে তাঁহার উপাসনা করিবে।

28. He that loveth his life shall lose it, but he that hateth his life in this world shall keep it unto life eternal.—JOHN XII. 25.

যিনি তাঁহাব জীবনকে ভালবাসেন তিনি তাহা হারাইবেন, কিন্তু যিনি এই পৃথিবীতে তাঁহার জীবনকে তুচ্ছ করেন তিনি অনন্তকাল উহা রক্ষা করিবেন।

29. And ye shall know the truth and the truth shall make you free.—John XIII. 32.

তোমরা সত্যকে জানিবে এবং সত্য তোমাদিগকে স্বাধীন করিয়া দিবে।

30. For in him we live and move and have our being, as certain also of your own poets have said, for we are also his offspring.—Acts. XVII. 24.

কারণ তাঁহাতেই আমরা জীবিত আছি, তাঁহাতেই আমরা বিচরণ করি, এবং তিনিই আমাদের অস্তিত্বের মূল, তোমাদের কোন কবিও ঐ রূপ বলিয়া গিয়াছেন, কারণ আমরা সকলেই তাঁহারই সন্তান।

31. Neither shall they say, lo hear! or lo there! for behold the kingdom of God is within you. Rom.'x. P3.

তাহারা বলিবে না যে স্বর্গরাজ্য এখানে বা ওখানে, কারণ স্বর্গরাজ্য তোমাদিগের অন্তরে।

32. The wind bloweth where it listeth, and thou hearest the sound thereof, but canst not tell whence it cometh, and whither it goeth: so is every one that is born of the Spirit.—JOHN III. 8.

বায়ু যথা ইচ্ছা বহমান হয়, এবং তুমি কেবল তাহার শব্দ শ্রবণ কর, কিন্তু কোথা হইতে সেই বায়ু আসিতেছে এবং কোথা তাহা যাইতেছে, তাহা বলিতে পার না; পরমাত্মা-জাত প্রত্যেক ব্যক্তিই এই রূপ।

33. Verily, verily, I say unto you, Except a corn of wheat fall into the ground and die, it abideth alone; but if it die, it bringeth forth much fruit. He that loveth his life shall lose it; and he that hateth his life in this world shall keep it unto life eternal.—JOHN. XII. 24, 25.

সত্য সত্য আমি তোমাদিগকে বলিতেছি, যদ্যপি গোধূম-বীজ ভূমিতে পতিত হইয়া বিনষ্ট না হয়, তবে তাহা একাকী থাকে; কিন্তু যদি উহা বিনষ্ট হয়, তবে প্রচুর ফল প্রসব করে। যে ব্যক্তি আপনার জীবনকে প্রীতি করে, সে তাহা

হারাইবে; এবং যিনি এই পৃথিবীতে আপনার জীবনকে ঘৃণা করেন, তিনি তাহা অনন্ত জীবনের জন্য রক্ষা করিবেন।

34. Of a truth I perceive that God is no respector of persons: but in every nation he that feareth him, and worketh righteousness, is accepted with him.—Acts X. 34, 35.

সত্যই আমি দেখিতেছি ঈশ্বর ব্যক্তি বিশেষের মুখাপেক্ষা করেন না; কিন্তু জাতি মাত্রেরই মধ্যে যে কোন ব্যক্তি তাঁহাকে ভয় করে এবং ধর্ম্ম কার্য্য করে, তিনি তাহাকে গ্রহণ করেন।

35. Be not overcome of evil, but overcome evil with good.—ROM. XII. 21.

অসাধুতা দ্বারা পরাজিত হইও না, কিন্তু সাধুতা দ্বারা অসাধুতাকে পরাজয় কর।

36. Love worketh no ill to his neighbour: therefore love is the fulfilling of the law.—ROM. XIII. 10.

প্রীতি প্রতিবাসীর কোন অনিষ্ট করে না; অতএব প্রীতিই ধর্ম্মের সাধন।

37. Know ye not that ye are the temple of God, and that the spirit of God dwelleth in you?—I. COR. III. 16.

তোমরা কি জান না যে তোমরা পরমেশ্বরের মন্দির-স্বরূপ, এবং তাঁহার আত্মা তোমাদিগের অন্তরে অধি-বাস করিতেছ?

38. Wherefore let him that thinketh he standeth take heed lest he fall.—I. COR. X. 12.

অতএব যিনি মনে করেন, আমি দণ্ডায়মান রহিয়াছি, তিনি সাবধান হইবেন, যেন পতিত না হন।

39. Whether therefore ye eat, or drink, or whatsoever ye do, do all to the glory of God.—I. COR. x, 31.

অতএব কি ভোজন, কি পান, যে কোন কার্য্য কর, সকলই ঈশ্বরের মহিমার জন্য সম্পাদন কর।

40. And though I bestow all my goods to feed the poor, and though I give my body to be burned, and have not charity, it profiteth me nothing. Charity suffereth long, and is kind; charity envieth not; charity vaunteth not itself, is not puffed up, doth not behave itself unseemly, seeketh not her own, is not easily provoked, thinketh no evil; rejoiceth not in iniquity, but rejoiceth in the truth; beareth all things, believeth all things, hopeth all things, edureth all things.—I. COR. XIII. 3-7.

যদিও আমি আমার সকল সম্পত্তি দুঃখিদিগের আহারের জন্য দান করি, এবং যদিও আমার শরীরকে দগ্ধ হইতে দি, তথাপি প্রীতি না থাকিলে উহাতে আমার কোন লাভ নাই। প্রীতি দীর্ঘকাল সহ্য করে এবং দয়ালু; প্রীতি পরদ্বেষ করে না, প্রীতি আত্মশ্লাঘা করে না, এবং স্ফীত হয় না। ইহা অনুচিত ব্যবহার করে না, স্বার্থ অন্বেষণ করে না, সহজে ক্রুদ্ধ হয় না; অনিষ্ট চিন্তা করে না, অধর্ম্মে আনন্দিত হয় না, কিন্তু সত্যেতেই আনন্দিত হয; তাবৎ বহন করে, তাবৎ বিশ্বাস করে, তাবৎ আশা করে এবং তাবৎ সহ্য করে।

41. The letter killeth, but the spirit giveth life.—II. COR. III. 6.

ভাষা বিনাশ করে, কিন্তু তাহার ভাব জীবন দান করে।

42. Let us not be weary in well doing : for in due season we shall reap, if we faint not.—GAL. VI. 9.

আমরা যেন সৎকর্ম্মে কখন পরিশ্রান্ত না হই, কারণ যদি আমরা ক্লান্ত না হই, তবে আমরা যথা সময়ে ফল লাভ করিব।

43. Rejoice in the Lord always: and again I say, Rejoice.—PHIL. IV. 4.

সর্ব্বদা ঈশ্বরেতে আনন্দিত হও ; আমি পুনরায় বলিতেছি, ঈশ্বরেতে আনন্দিত হও।

44. Pray without ceasing.—I. THESS. V. 17.

অবিশ্রান্ত প্রার্থনা কর।

45. Prove all things; hold fast that which is good.—I. THESS. V. 21.

তাবৎ বিষয় বিচার কর ; যাহা ভাল তাহা দৃঢ়রূপে অবলম্বন কর।

46. In like manner also, that women adorn themselves in modest apparel, with shamefacedness and sobriety ; not with broided hair, or gold, or pearls or costly array ; but (which becometh women professing godliness) with good works.—I. TIM. II 9. 10.

তদ্রূপ নারীগণ লজ্জা ও সুশীলতা সহকারে ভদ্র বসনে আপনাদিগকে সুসজ্জিত করুন ; কেশবিন্যাস, স্বর্ণ মুক্তা, অথবা বহুমূল্য বেশে ভূষিত না হইয়া, সাধ্বী স্ত্রীগণের উপযুক্ত সৎক্রিয়া দ্বারা সুশোভিত হউন।

47. Rebuke not an elder, but entreat him as a father; and younger men as brethren; the elder women as mothers; the younger as sisters, with all purity.—I. TIM. V. 1. 2.

প্রাচীনকে তিরস্কার করিও না, কিন্তু তাঁহাকে পিতার ন্যায় ও যুবকদিগকে ভ্রাতার ন্যায়, প্রাচীনাদিগকে মাতার ন্যায় এবং তরুণবয়স্কাদিগকে বিশুদ্ধমনে ভগিনীর ন্যায়, বিনয় সম্ভাষণ কর।

48. For we brought nothing into this world, and it is certain we can carry nothing out. And having food and raiment let us be therewith content.—I. TIM. VI. 7. 8.

কারণ আমরা এই পৃথিবীতে কিছুই লইয়া আসি নাই, এবং ইহা নিশ্চয় যে, আমরা কিচুই লইয়া যাইতে পারি না। অতএব আমরা যেন অন্ন বস্ত্রেই সন্তুষ্ট থাকি।

49. Faith is the substance of things hoped for, the evidence of things not seen.—HEB. XI. 1.

বিশ্বাস প্রত্যাশিত বিষয়ের সারাংশ এবং অদৃশ্য পদার্থের প্রমাণ স্বরূপ।

50. My little children, let us not love in word, neither in tongue; but in deed and in truth.—I. JOHN III. 18.

হে শিশু সন্তানগণ! আমরা যেন মুখে প্রীতি না করি কিন্তু কার্য্যেতে এবং সত্যেতে।

51. He that loveth not knoweth not God; for God is love.—I. JOHN IV. 8.

যে প্রীতি করে না সে ঈশ্বরকে জানে না, কারণ ঈশ্বর প্রীতি স্বরূপ।

52. God is love; and he that dwelleth in love, dwelleth in God, and God in him.—I. JOHN IV. 16.

ঈশ্বর প্রীতিস্বরূপ, অতএব যে প্রীতিতে অধিবাস করে; সে ঈশ্বরেতে অধিবাস করে এবং ঈশ্বর তাহাতে অধিবাস করেন।

53. There is no fear in love; but perfect love casteth out fear: because fear hath torment. He that feareth is not made perfect in love.—I. JOHN IV. 18.

প্রীতিতে ভয় নাই; কিন্তু পূর্ণ প্রীতি ভয়কে দূরে নিক্ষেপ করে; কারণ ভয়ে গ্লানি আছে। যে ভয় করে সে প্রীতিতে পূর্ণভাব পায় না।

54. If a man say, I love God, and hateth his brother, he is a liar: for he that loveth not his brother whom he hath seen, how can he love God whom he hath not seen?—I. JOHN. IV. 20.

যদি কেহ বলে, আমি ঈশ্বরকে প্রীতি করি, অথচ ভ্রাতাকে ঘৃণা করে, সে মিথ্যাবাদী; কারণ যে দৃশ্যমান ভ্রাতাকে প্রীতি করে না, সে অদৃশ্য ঈশ্বরকে কিরূপে প্রীতি করিতে পারে।

AL KORAN.

---

1. O men of Mecca, serve your Lord who hath created you, and those who have been before you: peradventure ye will fear him; who hath spread the earth as a bed for you, and the heaven as a covering, and hath caused water to descend from heaven, and thereby produced fruits for your sustenance.—CHAP. II.

হে মেক্‌কা বাসিগণ! যিনি তোমাদিগকে এবং তোমাদিগের পূর্ব্বতন মনুষ্যদিগকে সৃজন করিয়াছেন তাঁহার সেবা কর। তোমরা তাঁহাকে ভয় কর, যিনি তোমাদের জন্য ধরাকে শয্যারূপে এবং আকাশকে চন্দ্রাতপের ন্যায় বিস্তার করিয়াছেন, যিনি বারিকে আকাশ হইতে নিপাতিত করিয়াছেন এবং তদ্দ্বারা তোমাদের পোষণ জন্য ফল সকল উৎপন্ন করিয়াছেন।

2. Dost thou not know that God is almighty? Dost thou not know that unto God belongeth the kingdom of heaven and earth? neither have ye any protector or helper except God.—CHAP. II,

তুমি কি জান না যে ঈশ্বর সর্ব্বশক্তিমান? তুমি কি জান না যে আকাশ এবং পৃথিবী ঈশ্বরের রাজ্য? তিনি ভিন্ন তোমাদের রক্ষক ও সহায় আর কেহ নাই।

3. He who resigneth himself to God, and doth that which is right, he shall have his reward with his Lord; there shall come no fear on them, neither shall they be grieved.—CHAP. II.

যিনি ঈশ্বরেতে আত্মসমর্পণ করেন এবং সদনুষ্ঠান করেন, তিনি তাঁহার প্রভুর নিকট পুরষ্কার পাইবেন। তাঁহাদিগের উপর কোন ভয় আসিবে না, এবং তাঁহাদিগের ক্লেশও পাইতে হইবে না।

4. To God belongeth the east aud the west; therefore, whithersover ye turn yourselves to pray, there is the face of God; for God is omnipresent and omniscient.—CHAP. II.

পূর্ব্ব পশ্চিমদিক্ উভয়ই ঈশ্বরের। অতএব যে দিকে ফিরিয়া তোমরা উপাসনা করিবে সেই দিকেই তাঁহার আনন, কেননা পরমেশ্বর সর্ব্বব্যাপী এবং সর্ব্বজ্ঞ।

5. But as for those who repent and amend, and make known what they concealed, I will be turned unto them, for I am easy to be reconciled and merciful.—CHAP. II.

কিন্তু যাহারা অনুতাপ করে, আপনাদিগকে সংশোধন করে এবং অন্তরস্থ গুপ্ত বিষয় সকল প্রকাশ করে, আমি তাহাদিগের দিকে ফিরিব, কারণ আমি সহজেই পুনর্ম্মিলিত হই এবং আমি করুণাময়।

6. Your God is one God; there is no God but He the most merciful.—CHAP. II.

তোমাদের ঈশ্বর একই ঈশ্বর; সেই সর্ব্বমঙ্গলময় ভিন্ন আর ঈশ্বর নাই।

7. God is the patron of those who believe; he shall lead them out of darkness into light. —CHAP. II.

যাঁহারা বিশ্বাস করেন ঈশ্বর তাঁহাদের সহায়। তিনি তাঁহাদিগকে অন্ধকার হইতে আলোকে লইয়া যাইবেন।

8. If God help you, none shall conquer you; but if he desert you, who is it that will help you after him? Therefore in God let the faithful trust.—CHAP. III.

যদি ঈশ্বর তোমাদিগকে সাহায্য করেন, কেহই তোমাদিগকে পরাজয় করিতে পারে না। কিন্তু তিনি যদি তোমাদিগকে পরিত্যাগ করেন, তবে আর কে তোমাদিগকে সাহায্য করিবে? অতএব বিশ্বাসিগণ ঈশ্বরে নির্ভর করুন।

9. Whatever good befalleth thee, O man! it is from God; and whatever evil befalleth thee, it is from thyself. CHAP. IV.

হে মানব! তোমার যে কোন মঙ্গল ঘটনা হয়, তাহা ঈশ্বর হইতে; এবং যে কোন অমঙ্গল ঘটনা হয়, তাহা আপনা হইতে!

10. Assist one another, according to justice and piety, but assist not one another in injustice and malice.—CHAP. V.

ন্যায় এবং ধর্ম্ম অনুসারে পরস্পরের সাহায্য কর, কিন্তু অন্যায় ও অসূয়াতে পরস্পরের সাহায্য করিও না।

11. O true believers! take care of your souls. He who erreth shall not hurt you, while ye are rightly directed.—CHAP. V.

হে প্রকৃত বিশ্বাসিগণ! তোমাদিগের আত্মার জন্য যত্নবান্ হও। তোমরা সত্য পথে চলিলে বিপথগামী ব্যক্তি তোমাদিগের অনিষ্ট সাধন করিতে পারিবে না।

12. He causeth the morning to appear; and hath ordained the night for rest, and the sun and

the moon for the computing of time. This is the disposition of the mighty, the wise God. It is he who hath ordained the stars for you, that ye may be directed thereby in the darkness of the land, and of the sea.—CHAP. VI.

তিনি প্রভাতকে উদয় করেন, এবং বিশ্রাম জন্য রজনী ও কালগণনার নিমিত্ত চন্দ্রসূর্য্যকে নিয়োজিত করিয়াছেন। ইহা পরাক্রমশালী ও জ্ঞানবান্ ঈশ্বরের বিধান। তিনিই তোমাদিগের জন্য তারা সকলকে নিয়োগ করিয়াছেন, যে তোমরা ভূমি এবং সমুদ্রস্থ অন্ধকার মধ্যে তদ্দ্বারা পরিচালিত হইবে।

13. There is no God but he, the creater of all things: therefore serve him; for he taketh care of all things. The sight comprehendeth him not, but he comprehendeth the sight; he is the incomprehensible, the wise.—CHAP. VI.

তিনি ভিন্ন আর ঈশ্বর নাই, তিনি যাবতীয় পদার্থের সৃষ্টিকর্ত্তা; অতএব তাঁহার সেবা কর, কেননা তিনি যাবতীয় পদার্থের প্রতি যত্নবান্। চক্ষু তাঁহাকে অবধারণ করিতে পারে না, কিন্তু তিনি চক্ষুকে অবধারণ করেন। তিনি বোধাতীত ও জ্ঞানবান্।

14. Whosoever confideth in God cannot be deceived; for God is mighty and wise.—CHAP. VIII.

যাঁহারা ঈশ্বরে বিশ্বাস স্থাপন করেন তাঁহারা প্রতারিত হইবার নহেন; কেন না ঈশ্বর পরাক্রমশালী এবং জ্ঞানবান্।

15. Is there any of your compainons who directeth unto the truth? Say. God directeth unto the truth.—CHAP. X.

তোমাদের সহচরদিগের মধ্যে কি কেহ তোমাদিগকে সত্যের পথে লইয়া যায়? বল, ঈশ্বরই সত্যের পথে লইয়া যান।

16. They who believe and fear God, shall receive good tidings in this life, and in that which is to come.—CHAP. x.

যাঁহারা ঈশ্বরকে বিশ্বাস এবং ভয় করেন, তাঁহারা ইহ জীবনে এবং পরকালে সুসংবাদ লাভ করেন।

17. I expect my reward from God alone, and I am commanded to be one of those who are resigned unto him.—CHAP. X.

আমি কেবল ঈশ্বরের নিকটেই পুরস্কারের প্রত্যাশা করি, এবং তাঁহাতে যাঁহারা আত্মসমর্পণ করিয়াছেন আমি তাঁহাদিগেরই একজন হইতে আদিষ্ট হইয়াছি।

18. There is no creature which creepeth on the earth, but God provideth its food; and he knoweth the place of its retreat, and where it is laid up.—CHAP. XI.

মৃত্তিকায় বিচরণ করে এমত একটিও ক্ষুদ্রকীট নাই, ঈশ্বর যাহার আহারের উপায় না করেন; ইহার আরাম-স্থান এবং কোথায় ইহা রক্ষিত হয়, তিনি সমস্ত অবগত আছেন।

19. Wherefore preserve with patience; for the prosperous issue shall attend the pious.—CHAP. XI.

অতএব সহিষ্ণুতার সহিত দৃঢ়নিষ্ঠ হও, কারণ ধার্ম্মিক-দিগের সৌভাগ্য অবশ্যই ফলিবে।

20. My support is from God alone ; on him do I trust, and unto him do I turn me.—CHAP. XI.

ঈশ্বর হইতেই আমার উপজীবিকা; তাঁহার উপরেই আমি নির্ভর করি, এবং তাঁহার দিকেই আমি আমাকে ফিরাই।

21. O Lord, a prison is more eligible unto me than the crime to which they invite me ; but unless thou turn aside their snares from me, I shall youthfully incline unto them, and I shall become one of the foolish.—CHAP. XII.

হে প্রভো! তাহারা আমাকে যে পাপে আকৃষ্ট করে তাহা অপেক্ষা কারাগারও আমার মনোনীত। কিন্তু যদ্যপি তুমি তাহাদের পাশ আমা হইতে অন্তরিত না কর, তাহা হইলে আমি যুবা প্রকৃতি অনুসারে সেই দিকে নত হইব, এবং নির্ব্বুদ্ধিদিগের মধ্যে একজন হইয়া পড়িব।

22. Despair not of the mercy of God ; for none despaireth of God's mercy except the unbelieving people.—CHAP. XII.

ঈশ্বরের করুণায় নিরাশ হইও না, কেননা অবিশ্বাসী লোক ব্যতীত আর কেহ ঈশ্বরের করুণায় নিরাশ হয় না।

23. As to those who believe not in the life to come, their hearts deny the plainest evidence, and they proudly reject the truth.—CHAP. XVI.

যাহারা পরলোকে বিশ্বাস করে না, তাহাদিগের মন অতি স্পষ্ট প্রমাণ অস্বীকার করে, এবং তাহারা গর্ব্বিত ভাবে সত্যকে অগ্রাহ্য করে।

24. God hath brought you forth from the wombs of your mothers; ye knew nothing, and he gave you the senses of hearing, seeing and understanding, that ye might give thanks.—CHAP. XVI.

পরমেশ্বর তোমাদিগকে মাতৃগর্ভ হইতে প্রসূত করিয়াছেন। তোমরা কিছুই জানিতে না, তিনি তোমাদিগকে শ্রবণ ও দর্শনেন্দ্রিয় এবং বুদ্ধিশক্তি প্রদান করিয়াছেন যে তোমরা তাঁহাকে ধন্যবাদ দিবে।

25. Thy Lord hath commanded that ye worship none besides him; and that ye shew kindness unto your parents, whether the one of them or both of them, attain to old age with thee, Wherefore say not unto them, Fy on you! neither reproach them, but speak respectfully unto them; and snbmit to behave humbly towards them, out of tender affection, and say O Lord! have mercy on them both, as they nursed me when I was little. Your Lord well knows that which is in your souls, whether ye be men of integrity; and he will be gracious unto those who sincerely return unto him.—CHAP. XVII.

তোমার প্রভু আদেশ করিয়াছেন, যে তোমরা তাঁহাকে ভিন্ন আর কাহারও পূজা করিবে না; এবং তোমাদের পিতা কিম্বা মাতা অথবা উভয়ে তোমাদের আশ্রয়ে থাকিয়া বৃদ্ধ হইলেও তাঁহাদের প্রতি দয়া প্রদর্শন করিবে। অতএব, আপনাদিগকে ধিক! কখন তাঁহাদিগকে এরূপ বলিবে না। তাঁহাদিগকে অনুযোগও করিবে না, কিন্তু তাঁহাদিগের প্রতি সম্মান সহকারে কথা কহিবে, এবং সুকোমল প্রীতির বশবর্ত্তী হইয়া তাঁহাদের প্রতি বিনম্র ব্যবহার স্বীকার করিবে, এবং

এই বলিয়া প্রার্থনা করিবে, হে প্রভো! আমি যখন ক্ষুদ্র ছিলাম তখন ইহাঁরা আমাকে প্রতিপালন করিয়াছেন, ইহাঁদের উপর করুণা প্রকাশ কর। তোমাদের অন্তরে কি আছে এবং তোমরা সাধু ব্যক্তি কি না তোমাদের প্রভু তাহা প্রকৃষ্টরূপে জানেন, এবং যাহারা সরল হৃদয়ে তাঁহার নিকটে প্রত্যাবর্ত্তন করিবে, তিনি তাহাদিগের প্রতি সদয় হইবেন।

26. There are some men who serve God in a wavering manner, standing as it were on the verge of the true religion. If good befall one of them, he resteth satisfied therein? but if any tribulation befall him, he turneth himself round, with the loss both of this world and of the life to come.—CHAP. XXII.

কতকগুলি লোক আছে, তাহারা যেন সত্যধর্ম্মের পার্শ্বে দণ্ডায়মান হইয়া চঞ্চলভাবে ঈশ্বরের সেবা, করে। যদি তাহাদের মধ্যে কাহারও কোন শুভ ঘটনা হয়, সে তাহাতে সন্তুষ্ট থাকে, কিন্তু কোন বিপদ হইলেই ফিরিয়া বসে, এবং ইহলোক ও পরলোক উভয়ই হারায়।

27. Wherefore be you constant at prayer; and give alms; and adhere firmly unto God He is your master; and he is the best master, and the best protector.—CHAP. XXII.

অতএব নিত্য উপাসনা কর, এবং দান কর, ও ঈশ্বর-নিষ্ঠ হও। তিনি তোমাদিগের প্রভু; তিনি তোমাদিগের সর্ব্বোৎকৃষ্ট প্রভু এবং সর্ব্বোৎকৃষ্ট রক্ষক।

28. Be constant at prayer; for prayer preserveth a man from filthy crimes, and that which is blameable; and the remembering of God is surely a most important duty.—CHAP. XXIX.

নিত্য উপাসনা কর, কারণ উপাসনা মনুষ্যকে জঘন্য অপরাধ এবং যাহা কিছু দূষণীয় তাহা হইতে রক্ষা করে; আর ঈশ্বরকে স্মরণ করা নিশ্চয়ই মনুষ্যের একটি অতি গুরুতর কর্ত্তব্য।

29. This present life is no other than a toy, and a plaything; but the future mansion of paradise is life indeed: if they knew this, they would not prefer the former to the latter.—CHAP. XXIX.

এই বর্ত্তমান জীবন ক্রীড়ার দ্রব্য ভিন্ন আর কিছুই নহে; কিন্তু ভাবী স্বর্গনিকেতন যথার্থই জীবন। যদ্যপি তাহারা ইহা জানিত তাহা হইলে বর্ত্তমান জীবনকে ভাবী জীবন অপেক্ষা মনোনীত করিত না।

30. The prophet is nigher unto the true believers than their own souls.—CHAP. XXXIII.

প্রেরিত মহাজন বিশ্বাসিগণের নিজ আত্মা অপেক্ষা তাঁহাদের অধিকতর নিকটবর্ত্তী।

31. He who forgiveth, and is reconciled unto his enemy shall receive his reward from God.—CHAP. XLII.

যিনি ক্ষমা করেন এবং শত্রুদিগের সহিত পুনর্ম্মিলিত হন, তিনি ঈশ্বরের নিকট পুরস্কার লাভ করিবেন।

32. It is he who sendeth down secure tranquillity into the hearts of the true believers, that they may increase in faith beyond their former faith.—CHAP. XLVIII.

তিনি প্রকৃত বিশ্বাসিদিগের হৃদয়ে নিঃশঙ্ক শান্তি প্রেরণ করেন, যে তাঁহারা পুর্ব্বাপেক্ষা বিশ্বাসে বর্দ্ধিত হইতে পারিবেন।

33. Verily the true believers are brethren ; wherefore reconcile your brethren.—CHAP. XLIX.

সত্যই প্রকৃত বিশ্বাসিগণ পরস্পর ভ্রাতৃস্বরূপ ; অতএব ভ্রাতৃগণের সঙ্গে ঐক্য সম্পাদন কর।

AVESTA.

1. He who resigns himself to Him, the Greatest of all, he teaches also His creatures to know Him as the Greatest.—YACNA XIX. 30.

যিনি সর্ব্বশ্রেষ্ঠ পরমেশ্বরে আত্মসমর্পণ করেন, তিনি তাঁহার জীবদিগকেও তিনি যে সর্ব্বশ্রেষ্ঠ, ইহা জানিতে দেন।

2. All renown unites itself with the pure man through true thinking, speaking, and acting.—YACNA XIX. 40.

সত্য চিন্তা, সত্য কথন ও সদনুষ্ঠান দ্বারা তাবৎ যশ বিশুদ্ধ ব্যক্তির সহিত মিলিত হয়।

3. May we thus attain to that which is so, to union with Thy purity to all eternity.—YACNA XL. 5, 6.

আমরা যেন এইরূপে অনন্ত কাল পর্য্যন্ত তোমার পবিত্রতার সহিত প্রকৃত যোগ প্রাপ্ত হই।

4. May we attain Thy good kingdom, Mazda-Ahura, for ever. Thou art our Ruler, possessed of the good kingdom for men as well as for women.—YACNA XII. 3, 4.

হে মাজদা-আহুরা! আমরা যেন চিরকালের জন্য তোমার মঙ্গল রাজ্য প্রাপ্ত হই। তুমি আমাদের শাসন কর্ত্তা, তুমি নরনারী উভয়ের জন্য মঙ্গল রাজ্য অধিকার করিয়া রহিয়াছ।

5. Mayest Thou be to us life and body.—YACNA xII. 7.

তুমি যেন আমাদের দেহ প্রাণ হও।

6. Immortality is the wish of the soul of the pure.—YACNA. xIIv. 7.

বিশুদ্ধদিগের আত্মা অমরত্ব ইচ্ছা করেন।

7. To the serviceable wise is through the Holy spirit Friend, Brother, Father, Ahura-Mazda.—YACNA xIIv. II.

হিতকারী জ্ঞানবান্ ব্যক্তিদিগের পক্ষে পবিত্র আত্মা দ্বারা আহুরা মাজ্দা ভ্রাতা পিতা বন্ধু হয়েন।

8. May Thy kingdom come, O Ahura, wherewith thou makest good for the right-living poor.—YACNA LII. 9.

হে আহুরা! তোমার রাজ্য আগমন করুক, যদ্দ্বারা তুমি সাধুজীবন দরিদ্রদিগকে পুরস্কার কর।

9. These Gathas are for our soul both food and raiment. May they bring us good reward, much reward, pure reward, for the next world, after the separation of the vital powers and consciousness.—YACNA. LIv. 6-8.

এই সমস্ত গাথা আমাদের আত্মার পক্ষে উভয় আহার এবং পরিচ্ছদ। জীবনী শক্তি এবং চৈতন্যের বিচ্ছেদ হইলে পরলোকের জন্য যেন তাহারা আমাদিগকে সৎপুরস্কার, প্রচুর পুরস্কার, বিশুদ্ধ পুরস্কার আনিয়া দেয়।

10. This victory give we: namely, the prayer which has a good seed. Which is united with

purity, united with wisdom, whose seeds are good thoughts, words and works.—YACNA LVII. 1-3.

সেই প্রার্থনা দ্বারা আমরা তোমার জয় ঘোষণা করি যাহাতে একটী উত্তম জীব নিহিত আছে, যাহা পবিত্রতার সহিত সংযুক্ত, জ্ঞানের সহিত সংযুক্ত, এবং সাধুচিন্তা, সাধু বাক্য ও সদনুষ্ঠান যাহার বীজ।

11. In prayer we rejoice, Ahura-Mazda, in prayer we desire, to prayer we submit ourselves, on prayer we call.—YACNA LVII 6. 7.

হে আহুরা মাজ্দা! প্রার্থনাতে আমরা আনন্দিত হই, প্রার্থনাতে আমরা অভিলাষ করি; আমরা আপনাদিগকে প্রার্থনার অধীন করি; প্রার্থনাকেই আমরা ডাকি।

12. I praise and exalt (thee) the Creator Ormazd, the brilliant, Majestic, Omniscient, the Perfecter of deeds, the Lord of Lords, the Prince over all princes, the Protector, the the Creator of the created, the Giver of daily food, Powerful, Good, Strong, Old, Forgiving, Granter of forgiveness, Rich in Love, Mighty and Wise, the pure Supporter.—KHORDA 7.

হে স্রষ্টা অরমজ্দ! আমি তোমার যশঃকীর্ত্তন করি এবং তোমাকে মহীয়ান্ করি। তুমি উজ্জ্বল, ঐশ্বর্য্যশালী, সর্ব্বজ্ঞ, তুমি সকল কার্য্যের পূরক, প্রভুর প্রভু, রাজাধিরাজ, রক্ষক, সৃষ্টবস্তুর স্রষ্টা, দৈনিক আহার প্রদাতা, ক্ষমতাবান্, মঙ্গলময়, শক্তিমান্, পুরাণ, ক্ষমাবান্, ক্ষমাপ্রদাতা, প্রেমপূর্ণ, প্রভাবশালী এবং জ্ঞানবান্, ও পবিত্র প্রতিপালক।

13. The smiting that comes from above we praise.—Khorda XVI. 4. GAH. 10.

ঊর্দ্ধ হইতে যে কশাঘাত আইসে আমরা তাহার প্রশংসা করি।

14. Charity, which feeds the poor, praise we. —Khorada XVIII. 7.

যে প্রীতি দরিদ্রকে আহার দান করে, আমরা তাহার প্রশংসা করি।

15. Ahura-Mazda created the creatures very good, very fair, very high, very furthering, very lofty. That they might make the world progressive, not growing old, not dying, not becoming corrupt and stinking, but ever-living, ever-profiting,—a kingdom as one wishes it; that the dead may arise, and there may come Immortality for the living, which furthers the world at will.—KHORDAH. XXXV. 10, 11.

অহুরা মাজ্‌দা জীবদিগকে অতি উত্তম, অতি সুন্দর, অতি উচ্চ, অতি উন্নতিশীল, এবং অতিশয় মহৎ করিয়া সৃজন করিয়াছেন, যে তাহারা পৃথিবীকে উন্নতিশীল করিবে, পুরাতন হইতে দিবে না, মৃত হইতে দিবে না, দূষিত এবং পূতিগন্ধময় হইতে দিবে না, কিন্তু চিরজীবন্ত করিবে, চিরফলভোগী করিবে, এবং একটী ইচ্ছানুরূপ রাজ্য করিবে; যে মৃতেরা উত্থিত হইতে পারিবে এবং জীবিত-দিগের জন্য সেই অমরত্ব আসিবে যাহা ইচ্ছাক্রমে পৃথিবীকে উন্নত করে।

16. The sins against father, mother, sister, brother, wife, child, against spouses, against the superiors, against my own relations, against those living with me, against those who possess equal property, against the neighbours, against the inhabitants of the same town, against ser-

vants, every unrighteousness through which I have become amongst sinners; of these sins repent I with thoughts, words, and works, corporeal as spiritual, earthly as heavenly, with the three words: Pardon, O Lord! I repent of sins. —KHORDAH. XLV. 6.

পিতা, মাতা, ভগিনী, ভ্রাতা, ভার্য্যা, সন্তান, পরিণিত-ব্যক্তি, গুরুজন, আত্মীয়, সহবাসী, সমান বিভবশালী, প্রতিবাসী, এক নগরবাসী, এবং ভৃত্য, ইহাদের বিরুদ্ধে আমি যে সমস্ত পাপ করিয়াছি এবং প্রত্যেক অধর্ম্ম যদ্দারা আমি পাপীদিগের মধ্যে পরিগণিত হইয়াছি; সেই সমুদয় পাপের জন্য আমি কায়িক এবং অধ্যাত্মিক, পার্থিব এবং স্বর্গীয় চিন্তা, বাক্য এবং কার্য্য দ্বারা বাক্য ত্রিতয় সহকারে অনুতাপ করি; হে প্রভো! আমাকে ক্ষমা কর আমি পাপের জন্য অনুতাপ করি।

17. All that I ought to have thought and have not thought, all that I ought to have spoken and have not spoken, all that I ought to have done and have not done; pardon, I repent with Patet. All that I ought not to have thought and yet have thought, all that I ought not to have spoken and yet have spoken, all that I ought not to have done, and yet have done; pardon, I repent with Patet. All and every kind of sin which men have committed because of me, or which I have committed because of men, pardon, I repent with Patet.—KHORDAH. XLVI. 24-26.

যাহা আমার চিন্তা করা উচিত ছিল এবং চিন্তা করি নাই, যাহা আমার বলা উচিত ছিল এবং বলি নাই, যাহা আমার করা উচিত ছিল এবং করি নাই, সে সমস্ত ক্ষমা কর, আমি পাতেত সহকারে অনুতাপ করিতেছি। যাহা

আমার চিন্তা করা অনুচিত ছিল এবং তত্রাপি চিন্তা করিয়াছি, যাহা আমার বলা অনুচিত ছিল এবং তত্রাপি বলিয়াছি, যাহা আমার করা অনুচিত ছিল এবং তত্রাপি করিয়াছি, সে সমস্ত ক্ষমা কর, আমি পাতেত সহকারে অনুতাপ করিতেছি। যত প্রকার পাপ লোকে আমার জন্য করিয়াছে কিম্বা আমি লোকের জন্য করিয়াছি, সে সমস্ত ক্ষমা কর, আমি পাশ্চাত্ত সহকারে অনুতাপ করিতেছি।

18. Learn purity! Be worthy of good praise! May the mind think good thoughts, the words speak good, the works do good! May all wicked thoughts hasten away, all wicked words be diminished, all wicked works be burnt up.—KHORDAH XLIX. 5.

পবিত্রতা শিক্ষা কর, সৎপ্রশংসার উপযুক্ত হও, মন সচ্চিন্তা চিন্তা করুক, বাক্য শুভ বলুক, কার্য্য শুভ করুক, যাবতীয় দুষ্ট চিন্তা পলায়ন করুক, যাবতীয় দুষ্ট বাক্য হ্রাস হউক, যাবতীয় দুষ্টকার্য্য দগ্ধ হউক।

19. Be modest with friends, clever and well-wishing. Be not cruel. Be not warth-ful-minded. Commit no sin through shame. Be not covetous, Torment not. Cherish not wicked envy, be not haughty, treat no one despitefully, cherish no lust. Rob not the property of others. Keep thyselves from wives of others. Do good works with good activity.—KHORDAH. XLIX. 5.

বান্ধবের নিকট বিনম্র হও, সুবোধ এবং হিতৈষী হও। নিষ্ঠুর হইও না। ক্রুদ্ধমনা হইও না। লজ্জা প্রযুক্ত পাপ করিও না। লোভী হইও না। যন্ত্রণা দিও না।

দুষ্ট হিংসা পোষণ করিও না, দাম্ভিক হইও না, কাহার প্রতি বিদ্বেশ ব্যবহার করিও না, কাম রিপু পরিপোষণ করিও না, পরদার হইতে আপনাকে দূরে রাখ, সদুৎসাহে সংকার্য্য অনুষ্ঠান কর।

20. Be shining as the Sun. Be pure as the Moon.—KHORDAIH. XLIX. 6.

সূর্য্যের ন্যায় তেজোময় হও, চন্দ্রের ন্যায় নির্ম্মল হও।

Printed at the *Indian Mirror* Press.